ইতি দ্রোণপর্কণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে এক্তিংশদধিকশভন্তমৌহ্ধ্যায়: ॥১৩১॥

অতএব ধৃতবাষ্ট্রনন্দন। আমি সমস্ত পাঞ্চাল সংহাব না কবিয়া কবচ ত্যাগ কবিব না এবং তোমাবও হিত সাধন কবিতে থাকিব ॥৬৮॥

রাজা! তুমি বাইয়া আমাব পুত্র অশ্বত্থামাকে বলিও—সে যেন যুদ্ধে আপনার জীবন রক্ষা কবিতে থাকিয়া সোমকদিগকে ত্যাগ না কবে ॥৬৯॥

অশ্বথামা। তোমাব পিতা তোমাকে চিরদিন যে উপদেশ দিয়া আসিতে-ছেন, তুমি তাঁহাব সেই উপদেশ বক্ষা কবিয়া চলিও, এবং দয়া, ইন্দ্রিয়দমন, সত্য ও সরলতায় স্থিব থাকিও ॥৭০॥

ছুর্য্যোধন। ছুমি এই কথাটা বার বাব অশ্বখামাকে বলিও—'অশ্বখামা। ছুমি চিবদিনই প্রস্পাব ব্যাঘাত না কবিয়া ধর্ম, অর্থ ও কামের অনুষ্ঠান

⁽१১) ... धर्मात्यधानः कार्यानि .. यक वैद्धा

J

চক্ষুৰ্মনোভ্যাং সন্তোষ্যা বিপ্ৰাঃ পূজ্যাশ্চ শক্তিতঃ।
ন চৈষাং বিপ্ৰিয়ং কাৰ্য্যং তে হি বহ্নিশিখোপমাঃ॥৭২॥
এষ ছহমনীকানি প্ৰবিশাম্যবিস্দন!।
রণায সহতে বাজংস্কুয়া বাক্শল্যপীড়িতঃ॥৭৩॥
ত্বঞ্চ জুর্য্যোধন! বলং যদি শক্তোহসি পালয়।
রাত্রাবপি হি যোৎস্যন্তে সংরক্ষাঃ কুরুস্প্রেয়াঃ॥৭৪॥
এবমুক্ত্রা ততঃ প্রাযাদ্দ্রোণঃ পাগুবস্প্রেয়ান্।
মুক্ষন্ ক্ষত্রিযতেজাংসি নক্ষত্রাণামিবাংশুমান্॥৭৫॥
ইতি শ্রীসহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈষাসিক্যাং দ্রোণপর্বনি
জয়দ্রথবণে দ্রোণজুর্য্যোধনসংবাদে এক্ত্রিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমূদী

চক্রিতি। অত্ত চক্পেদং বহিরিজিয়মাত্রপরম্। হি ফ্রাং ॥৭২॥

এয ইতি। অনীকানি বিপক্ষেয়ানি ॥৭০॥

অমিতি। বলং অগৈয়াম্। সংবন্ধাং সোৎসাহাঃ ॥৭৪॥

এবমিতি। মৃক্ষন্ হবন্। অংশুমান্ প্রভাতস্থ্যঃ ॥৭৫॥

ইতি মহামহোপাব্যার-ভাবতাচার্য্য-শ্রীহরিদাসনিকান্তবাদীশভট্টাচার্য্যবিব্ চিতায়াং মহাভাবত
টীকারাং ভারতকৌমুদীসমাখ্যায়াং জোণপর্বণি জয়ন্তথ্বধে

এক ত্রিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ ॥০॥

'

বরিতে নিপুণ। স্থতরাং কেবল ধর্ম ও অর্থ এই ছুইটাবও পরস্পর ব্যাঘাত না করিয়াই ধর্মপ্রধান কার্ব্য কবিও॥৭১॥

আব, তুমি নন ও অপব ইন্দ্রিযদারা শক্তি অনুসাবে ব্রাহ্মণগণের সম্ভোষ ও পূজা কবিও , কিন্তু তাহাদের অপ্রিয় কার্য্য কবিও না। কারণ, তাহারা অগ্নিশিখাব তুল্য' ॥৭২॥

শক্রদমন বাজা! ভোমাব বাক্যবাণে পীডিত হইয়া এই আমি মহাযুদ্দ কবিবাব জন্ম শক্রসৈম্মধ্যে প্রবেশ কবিতেছি ॥৭৩॥

জুর্যোধন। ভূমি যদি সমর্থ হও, তবে কৌরবদৈক্ত রক্ষা করিও। কাবণ, কৌবব ও স্প্রয়দৈক্তেরা উৎসাহী হইয়া বাত্তিভেও যুদ্ধ করিবে'॥৭৪॥

^{* &#}x27; जर्दानभगामिषिक गाउँ । विश्वका गापिक गाउँ । विश्वका गापिक गाउँ । विश्वका गापिक गाउँ ।

দ্বাত্রিংশদধিকশততমে: ২ধ্যায়ঃ।

-%- o -%-

সঞ্জয় উবাচ।

ততো তুর্ব্যোধনো রাজা দ্রোণেনৈবং প্রচোদিতঃ।
অমর্থবশমাপন্মে যুদ্ধাধ্যেব মনো দধে।
অত্তবীচ্চ তদা কর্ণং পুত্রো তুর্যোধনস্তব ॥১॥
পশ্য রুষ্ণসহায়েন পাগুবেন কিরীটিনা।
আচার্য্যবিহিতং বৃহেং ভিত্তা দেবৈঃ স্বত্ত্তিদম্ ॥২॥
তব ব্যায়চ্ছমানস্য দ্রোণস্য চ মহাত্মনঃ।
মিষতাং যোধমুখ্যানাং সৈন্ধবো বিনিপাতিতঃ ॥৩॥ (যুগ্মকম্)
পশ্য রাধেয় ! পৃথীশাঃ পৃথিব্যাং প্রবরা যুধি।
পার্থেনকন নিহতাঃ সিংহেনেবেতরে মুগাঃ ॥৪॥

ভারতকোমুদী

ভত ইভি। প্রচোদিতো যুদ্ধায় প্রেরিজ:। অমর্ববশং ক্রোধাধীনতাম্। ষট্পাদোহয়ং শ্লোক: 1>॥

পশ্রেতি। আচার্যবিহিতং স্রোণকৃত্য । ব্যায়চ্ছমানস্ত যুদ্ধব্যায়ামং কুর্বতঃ। মিষ্তাং পশ্রতাম, পশ্রতো যোধম্থ্যাননাদৃত্যেত্যর্থঃ। অনাদরে যগ্ন। সৈদ্ধবো জয়ন্তথঃ॥২—৩॥

মহারাজ। তাহাব পব, প্রভাতকালের সূর্য্য যেমন নক্ষত্রসমূহের তেজ হরণ কবিতে থাকিয়া আকাশের উপরেব দিকে ধাবিত হন, সেইরূপ জোণা-চার্য্য এইরূপ বলিয়া ক্ষত্রিয়গণের তেজ হরণ করিতে থাকিয়া পাগুব ও স্ঞ্লয়-গণের দিকে ধাবিত হইলেন' ॥৭৫॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ। জোণ এইরূপে প্রণোদিত কবিলে, রাজা ছর্য্যোধন ক্রুদ্ধ হইয়া যুদ্ধেই মনোনিবেশ করিলেন এবং আপনার পুত্র ভ্র্যোধন তথন কর্ণকে বলিলেন—॥১॥

'কর্ণ! দেখু—কৃষ্ণের সহিত পাঞ্নন্দন অর্জ্ন দেবগণেরও তুর্ভেড জোণকৃত বাহ ভেদ করিয়া যাইয়া তুমি ও মহাত্মা জোণ যুদ্ধ কবিতেছিলে সেই অবস্থায় অন্ত যোদ্ধেষ্ঠগণের সমক্ষে জয়ত্রথকে বধ করিয়াছে। ॥২—৩॥

⁽२) .. जिन्नः (मरेदः स्पृजिमम् -- दम वर्षः।

মম ব্যাযচ্ছমানস্থ সমরে শক্তস্দন!।

অঙ্গাবশেষং সৈহাং মে কৃতং শক্তাত্মজেন হ ॥৫॥

কথং নিয়চ্ছমানস্থ দ্রোণস্থ বৃধি ফাল্গনঃ।
ভিন্দ্যাৎ স্বত্নভিদং সৈহাং যতমানোহিপি সংযুগে ॥৬॥
প্রতিজ্ঞায়া গতঃ পারং হত্বা সৈন্ধবমর্জ্কনঃ।
পশ্য রাধেয়! পৃথীশান্ পৃথিব্যাং পতিতান্ বহুন্।
পার্থেন নিহতান্ সংখ্যে মহেন্দ্রোপমবিক্রমান্॥৭॥

অনিচ্ছতঃ কথং বীর। দ্রোণস্থ যুধি পাণ্ডবঃ।
ভিন্দ্যাৎ স্বত্নভিদং বৃহং যতমানস্থ শুপ্রিণঃ॥৮॥

ভারতকোমুদী

পশ্চেতি। হে বাধেষ। কর্ব। পৃথীশা রাজান:। মৃগা: পশব: য়৪।
মমেতি। ব্যায়চ্ছমানশু বৃদ্ধেন ব্যায়ামং কুর্বত:। শক্রাত্মমের্চ্ছুনেন ॥৫।
কথমিতি। নিয়ন্ছমানশু নিয়তং কুর্বত:। ফাল্লনোংর্জুন: ॥৬।
প্রেতি। নৈত্মবং জয়ত্রথম্। পৃথীশান্ ক্রিয়ান্। পার্থেনার্জুনেন। বট্পালোহয়ঃ
প্রোক: ॥৭।

অনিচ্ছত ইতি। অনিচ্ছত: অৰ্জুনায় ছাবং দাতৃষ্। গুশিণৱেশ্বনিঃ ॥৮॥

রাধানন্দন! দর্শন কব—এক সিংহ যেমন অপব পশুগণকে বধ করে, সেইবাপ এক অর্জুন পৃথিবীব শ্রেষ্ঠ বাজগণকে যুদ্ধে বধ কবিয়াছে! ॥৪॥

শক্রদমন! আমিও ত যুদ্ধ ববিতেছিলাম, সেই অবস্থাতেই অর্জুন আমাব সৈত্য অল্পমাত্র অবশিষ্ট করিয়া ফেলিযাছে ॥৫॥

দেখ কর্ণ! দোণ বদি বস্তুতই দৈল্পগণকে নিয়মিত কবিতেন, তবে অর্জ্ব যত্ন করিয়াও সেই গুর্ভেল্ল দৈল্ল ভেদ করিতে পারিবে কেন ? ॥৬॥`

অর্জন জয়জথকে বধ কবিয়া প্রতিজ্ঞা হইতে উত্তীর্ণ হইযাছে। কর্ণ! দেখ—ইন্দ্রের তুল্য বিক্রমশালী বহু ক্ষত্রিয অর্জ্নকর্তৃক নিহত হইযা পতিত রহিয়াছেন ॥৭॥

বীব কর্ণ! তেজস্বী জোণ যদি অর্জুনকে দার দিবাব ইচ্ছা না করিতেন, কিংবা তিনি যদি দাবরকায় যমবান্ থাকিতেন, তবে অর্জুন কি করিয়া ছর্ভেজ ব্যুহ ভেদ কবিত ॥৮॥

⁽e) তব ব্যায়চ্ছমানস্ত ··পি। (৬) ··ভিন্দাং স্ত্রিদং বৃাহম্ বা নি।

দয়িতঃ কাজনো নিত্যমাচার্যক্ত মহাত্মনঃ।
ততেহিস্থ দত্তবান্ দারমযুদ্ধেনৈব শক্রহন্ । ॥৯॥
অভয়ং সিন্ধুরাজায় দত্ত্বা দ্রোণঃ পরন্তপঃ।
প্রাদাৎ কিরীটিনে দারং পশ্চন্ নিপ্ত ণতাং ময় ॥১০॥
অদাস্থচেদমুজ্ঞাং বৈ পূর্বমেব গৃহান্ প্রতি।
সিন্ধুরাজস্থ সমরে নাভবিস্থাজ্জনক্ষয়ঃ ॥১১॥
জয়দ্রথো জীবিতার্থী গচ্ছমানো গৃহান্ প্রতি।
ময়ানার্যোগ সংরুদ্ধো দ্রোণাৎ প্রাপ্যাভ্যং রণে ॥১২॥
'অত্য মে ভাতরঃ ক্ষীণাশ্চিত্রসেনাদয়ো রণে।
ভীমসেনং সমাসাত্থ পশ্যতাং নো তুরাত্মনাম্॥১০॥

ভাবতকোমূদী

দয়িত ইতি। দয়িত: প্রিয়:, ফাস্কনোহর্জ্ন:। হে শক্রহন্। কর্ণ। না অভয়মিতি। নিপ্রতাং ফায়াদিগুণশৃত্যতাম্॥>৽॥

অদাভাদিতি। অদাভাই জোণ ইতাছার্তি:। গৃহান্ প্রতি গমনাবেতি শেষ:॥>১॥

স্বন্ধ ইতি। গচ্ছমানো গচ্ছন্। অনার্যোগ অসম্জনেন॥>২॥

স্বাতিতি। ক্ষীণা নটা:। না অস্মার্কম্॥>৩॥

শক্রহস্তা কর্ণ। অর্জুন চিবদিনই মহাত্মা জোণেব প্রিয়। সেই জন্ম জোণ যুদ্ধ না করিয়াই অর্জুনকে দাব ছাড়িয়া দিয়াছেন ॥১॥

শক্রসস্তাপক জোণ জয়জথকে অভয় দান কবিয়া, পবে আমাক নিগুণতা দেখিয়া অর্জুনকে দাব ছাড়িয়া দিয়াছিলেন ॥১০॥

জোণ যদি পূর্ব্বেই জয়ত্রথকে আপন গৃহে যাইবাব অনুমতি দিতেন, তবে আব যুদ্ধে এরূপ লোকক্ষয় হইত না॥১১॥

হায়। জয়ত্রথ জীবনার্থী হইয়া আপন গৃহে যাইতেছিলেন; কিন্তু আমি জোণেব নিকট অভয় পাইয়া উাহাকে রুদ্ধ কবিয়াছিলাম। স্থভরাং আমি অনার্য্য ॥১২॥

আমবা ছুরাআ। স্থতরাং আমাদের সমক্ষেই আমাব চিত্রসেনপ্রভৃতি আতাবা ভীমের নিকট যাইয়া বিনষ্ট হইয়াছেন' ॥১৩॥

⁽১০) প্রিয়োহি ফাল্পনো নিতাম্ বন্ধ বর্দ্ধ। (১০) অভয়ং সৈদ্ধবস্থাজৌ নবন্ধ বর্দ্ধ। (১১) অভয়ং সৈদ্ধবস্থাজ্য সিদ্ধুরাজস্থান পি নি, ন ভবেজ্জীবিভক্ষয়:—নি। (১২) জয়প্রথো গৃহাম্ গক্ষন জীবিভার্থী ভয়াৎ প্রভো ! নি ।

কৰ্ণ উবাচ।

আচার্য্যং মা বিগর্হস্ব শক্ত্যাসো যুধ্যতে দ্বিজঃ।

যথাবলং যথোৎসাহং ত্যক্ত্যা জীবিতমাত্মনঃ॥১৪॥

যতেনং সমতিক্রম্য প্রবিষ্টঃ শ্বেতবাহনঃ।

নাত্র সূক্ষোহপি দোষঃ স্থাদাচার্য্যস্ত কথঞ্চন॥১৫॥

কৃতী দক্ষো যুবা শূরঃ কৃতান্ত্রো লঘুবিক্রমঃ।

দিব্যান্ত্রযুক্তমান্থায রথং বানরলক্ষণম্॥১৬॥

কৃষ্ণেন চ গৃহীতাশ্বমভেন্তকবচার্তঃ।

গাতীবমজরং দিব্যং ধন্তরাদায় বীর্য্যবান্॥১৭॥

প্রবর্ষন্ নিশিতান্ বাণান্ বাহুদ্রবণদ্পিতঃ।

যদর্জ্বনোহভ্যয়াদ্দ্রোণমুপপন্নং হি তস্ত তৎ॥১৮॥ (বিশেষকম্)

ভারতকৌসুদী

আচার্যামিতি। শক্তা দৈহিকবলেন। বলং মানসং সামর্থ্যম্। জীবিতং জীবনাশাম্।১৪। বদীতি। শেতবাহনোহর্জুন:।১৫।

জিভি: শ্লোকৈর্বিশেষকেণাচার্যক্ত নির্দোষত্বং প্রতিপাদয়ভি কৃতী ডি। কৃতী পর্যবেশণাদিকর্মপূল্য, দক্ষো যুদ্দিপূণ্য, কৃতাস্থা শিক্ষিভাস্তা, লঘুবিক্রমো জ্রুভবিক্রমপ্রকাশসমর্থা। বানবলকণং বানবচিহ্নিতম্। গৃহীতা জ্বা যক্ত তং রথম্। বাহ্বোর্দ্রবিণেন বলেন দ্র্শিভ: ॥১৬—১৮ঃ

কর্ণ বলিলেন—'হুর্য্যোধন! তুমি জোণকে নিন্দা করিও না। কাবণ, ঐ ব্রাহ্মণ জীবনের আশা ভ্যাগ কবিষা দেহেব বল, মনেব বল ও উৎসাহ অর্-সারেই যুদ্ধ করিভেছেন ॥১৪॥

তথাপি অর্জুন যদি উহাকে অভিক্রম করিয়া ব্যুহমধ্যে প্রবেশ করিয়া থাকে, ভাহাতে কোন প্রকারেই উহাব অল্প দোষও হইভে পারে না ॥১৫॥

দেখ—অর্জ্ন—কর্মবৃশল, যুদ্ধনিপুণ, যুবা, বীব, অন্ত্রে সুশিক্ষিত, ক্রত বিক্রমপ্রকাশে সমর্থ, বলবান্, বাহুবলে দপিত এবং অভেন্ন কবচে আবৃতদেহ; উহার রথে দিব্যাস্ত্র সকল ও ভীষণ একটা বানর রহিয়াছে, আবার কৃষ্ণ ভাহার অর্গুণ্ডলিকে ধরিয়া আছেন; তা'র পব গাণ্ডীবধরুখানা স্বর্গীয় ও অজর। স্থতবাং সেই অর্জ্বন সেই বথে আরোহণ করিয়া সেই ধন্ন লইযা সুধার বাণবর্ধণ করিছে জোণকে অভিক্রম করিয়া যে জ্যজ্বের অভিমূপে গিয়াছিল, ভাহা ভাহার সম্পূর্ণ সম্ভবপব ॥১৬—১৮॥

আচার্য্যঃ স্থবিরো রাজন্! শীঘ্রয়ানে তথাহক্ষমঃ।
বাহুব্যায়ামচেকীয়ামশক্তস্ত নরাধিপ ! ॥১৯॥
তেনৈনমভ্যতিক্রান্তঃ শ্বেতাশ্বঃ ক্ষুক্রশারথিঃ।
তত্ম দোষং ন পশ্যামি দ্রোণস্থানেন হেতুনা ॥২০॥
অজ্যান্ পাণ্ডবান্ মন্মে দ্রোণেনাস্ত্রবিদা মুধে।
তথাহ্দেনমতিক্রম্য প্রবিক্তঃ শ্বেতবাহনঃ ॥২১॥
দৈবদিকেইঅথাভাবো ন মন্মে বিগতে কচিৎ।
যতো নো যুধ্যমানানাং পরং শক্ত্যা স্থবোধন!।
দৈন্ধবো নিহতো যুদ্ধে দৈব্যক্র পরং স্মৃত্য্ ॥২২॥
পরং যত্নং কুর্বতাঞ্চ ত্বয়া সার্দ্ধং রণাজিরে।
হত্যাস্মাকং পৌক্রমং বৈ দৈবং পশ্চাৎ করোতি নঃ।
সততং চেক্রমানানাং নিক্ত্যা বিক্রমেণ চ ॥২০॥

ভারতকৌমুদী

নশ্বাচাৰ্য্যন্তাপি কৃতিভাদিক্মন্তীত্যাহ আচাৰ্য্য ইতি। বাহ্বোৰ্য্যান্যনচষ্টায়াং চালনকাৰ্য্যে ॥১৯॥

উপসংহরতি তেনেতি। খেভাখোহর্জ্ন:। কফ্সাব্ধিরিভ্যনেন সাব্থেরপি প্রাধান্ত-মৃক্তম্ ।২০ঃ

अवद्यानिष्ठि । अवद्यान् (अञ्ग्रथकान् । यूर्ष यूर्ष । (यखवाह्तार्थ्क्नः ।२)। देवत्वि । देवत्व विरहे निर्विष्ठे विषय । नः अञ्चाकम् । वहेशात्वार्थः (आकः ।२२।

নরনাথ বাজা ৷ এদিকে জোণ—কৃবিক, শীজগমনে অসমর্থ এবং বাছ-ব্যায়ামকার্য্যে অক্ষম ॥১৯॥

সেই জন্মই কুষ্ণসাবধি অর্জুন উহাকে অতিক্রম কবিতে পারিয়াছিল। অতএব এই সকল কাবণে সেই জ্রোণেব আমি কোন দোষ দেখি না ॥২০॥

আমি মনে করি—জোণ অস্ত্রজ্ঞ হইলেও তিনি যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিতে পারেন না। সেই জন্মই অর্জুন উহাকে অতিক্রম করিয়া ব্যুহমধ্যে প্রবেশ করিয়াছিল ॥২১॥

ছুর্য্যোধন! আমি আবও ধাবণা কবি—দৈবনির্দিষ্ট বিষয়ে কখনও অক্সরূপ হয় না। যে হেছু আমরা শক্তি অনুসাবে গুক্তর যুদ্ধ করিছেছিলাম, সেই অবস্থাতেই জয়ত্রথ নিহত হইলেন। স্কুতবাং এ বিষয়ে দৈবকেই প্রধান কাবণ মনে করিতে হইবে ॥২২॥

⁽२०) - ভন্মান্দোবং ন প্রসামি পি বন্ধ বর্দ্ধ।

দৈবোপস্থীঃ পুরুষো ষৎ কর্ম কুরুতে কচিং।
কৃতং কৃতং হি তম্ভশ্য দৈবেন বিনিপাত্যতে ॥২৪॥
যৎ কর্ত্তব্যং মনুয়েণ ব্যবসায়বতা সদা।
তৎকার্য্যমবিশক্ষেন সিদ্ধিদৈবে প্রতিষ্ঠিতা ॥২৫॥
নিকৃত্যা নিকৃতাঃ পার্থা বিষযোগৈশ্চ ভারত!।
দগ্ধা জতুগৃহে চাপি দ্যুতেন চ পরাজিতাঃ ॥২৬॥
রাজনীতিং ব্যপাঞ্জিত্য প্রহিতাশ্চৈব কাননম্।
যত্মেন চ কৃতং তত্তদৈবেন বিনিপাতিতম্ ॥২৭॥
যুধ্যম যত্মাস্থায় মৃত্যুং কৃত্থা নিবর্ত্তনম্।
যততন্তব তেষাঞ্চ দৈবং মার্গেণ যাম্প্রতি ॥২৮॥

ভারতকোমুদী

প্রবিত্তি। দৈবে কর্ত্ত্ । নিরুত্যা শাঠ্যেন দৃত্তাদিনা। অয়মপি বট্পাদঃ শ্লোকঃ ।২৩।
দৈবেতি। দৈবেন উপস্থ উপহতঃ। বিনিপাত্যতে বিনাশ্রতে ।২৪।
বিদিতি। ব্যবসায়বতা উন্থমিনা। তং কার্য্যমান্রিত্যেতি শেষঃ ।২৫।
নিরুত্যেতি। নিরুত্যা শাঠ্যেন, নিরুতা বঞ্চিতাং, বিষয়োগৈর্বিষ্যানৈঃ ॥২৬।
বান্রেতি। বাদ্রনীতিং দৃতিরূপং কৃটকৌশলম্। বিনিপাতিতং বিফলীরুতম্ ॥২৭॥
ম্থান্রেতি। নির্ব্ততে অনেনেতি নির্ব্তনং নিরুত্তিহেতুত্তম্। মার্গেণ তংপথেন ॥২৮।
ছর্য্যোধন। আমবা ভোমার সহিত মিলিত হইয়া রণস্থলে গুক্তর যত্ত্ব
কবিতেছিলাম এবং শঠতা ও বিক্রমন্থাবা সর্বদা চেষ্টা কবিয়া আসিতেছি,
তথাপি দৈব আমাদেব পুক্ষকার নষ্ট কবিয়া আমাদিগকে পিছনে
রাখিতেছে ॥২৩॥

দৈবহত মানুষ যে কোন সময়ে যে কোন কার্য্য করে, করা করামাত্রই তাহা তাহাব দৈব বিনষ্ট কবিয়া দেয় ॥২৪॥

মানুষ সর্বদা উভ্নমী হইয়া নিঃশঙ্কচিন্তে যে কার্য্য করে, সে কার্য্যের সিদ্ধিও দৈবের উপবেই প্রভিষ্ঠিত থাকে ॥২৫॥

ভরতনন্দন! আমবা শঠতা করিয়া পাণ্ডবদিগকে বঞ্চনা করিয়াছি, ^{বিব-} প্রয়োগ করিয়াছি, জতুগৃহে দাহ করিয়াছি এবং দূতে পরাজিত কবিয়াছি ^{॥২৬॥}

আব রাজনীতি অবলম্বন করিয়া ভাহাদিগকৈ বনেও পাঠাইয়াছি; সেই সেই কার্য্য কিন্তু যত্নপূর্বকেই করিয়াছি; তথাপি দৈব সে সমস্তই নিশ্বল করিয়াছে ॥২৭॥

⁽२८) - वादमायवका मका- नि वन वर्ष । (२৮) - देवदः कृषा निवर्षस्म् न वा नि ।

ন তেষাং মত্তিপূর্বং হি স্থক্তং দৃশ্যতে কচিৎ।

সূক্ষ্ণতং তব বা বীর ! বৃদ্ধা হীনং কুরুবহ ! ॥২৯॥

দৈবং প্রমাণং দর্বস্থ স্থক্তস্যেতরস্য বা।

অনন্যকর্ম দৈবং হি জাগর্ভি স্বপতামপি ॥৩০॥

বহুনি তব সৈন্থানি যোধাশ্চ বহবস্তব।

ন তথা পাণ্ডুপুত্রাণামেবং যুদ্ধমবর্ভত ॥৩১॥

তৈর্দ্ধৈর্বহবো যুয়ং ক্ষয়ং নীতাঃ প্রহারিণঃ।

শক্ষে দৈবস্য তৎ কর্মা পৌরুষং যেন নাশিতম্ ॥৩২॥

ভাবতকোমুদী

নেতি। স্কৃতং স্টু কৃতম্। তৃত্বতং তুটু কৃতম্। ব্ন্যা হীনমবিবেচনপূৰ্বকম্ ॥২৯॥
দৈবমিতি। প্ৰমাণং কলদাত্, স্কৃততা স্টুকৃততা, ইতবতা তৃষ্ঠু কৃততা ॥৩০॥
বহুনীতি। এবমিখং ভাবেন, যুদ্ধবৰ্ত্ত আবন্ধমাদীং ॥৩১॥
তৈবিতি। প্ৰহাবিণঃ প্ৰহাবং কুৰ্বন্ত এব ॥৩২॥

ভাবতভাবদীপঃ

তত ইতি ।১—৯। নিগুণতাং ভাগাহীনতাম্ ।১০—২১। নোহশান্ ।২২—২৩। দৈবোপস্ট: দৈবোপহত: ।২৪—২৭। মার্গেণ ভবিতব্যেন ।২৮। ব্রাা বিমর্থেণ হীনং প্রমাণং কাবণম্ ।২৯। ন বিভাতে অভাংকর্ম বিপাকঃ যন্ত তং ।৩০—৩৪।

ইতি লোণপর্বনি নৈদক্ষ্পীয়ে ভারতভাবদীপে দাজিংশদধিকশততমোহধ্যায়: ॥১৩২॥

স্থা ত্র্যোধন! মৃত্যুকে যুদ্ধনিবৃত্তিব হেতৃ কবিয়া যত্ন অবলম্বনপূর্বক ব্দ্ধ করিতে থাক; তুমি ও পাশুবেবা যত্নপূর্বক যুদ্ধ কবিতে থাকিলে দ্বৈ ভাহাব গন্ধব্য পথে যাইবে ॥২৮॥

বীর কুক্কুলপ্রেষ্ঠ ৷ পাগুবেবা বিবেচনা করিয়া কোন বিষয়ে ভাল কাজ কবিয়াছে, কিংবা তুমি বিবেচনা না করিয়া খাবাপ কাজ কবিয়াছ এমন দেখা যায় না ॥২৯॥

ভাব কাজ বা থাবাপ কাজ সমস্তেবই ফলদাঙা দৈব। কাবণ, মানুষ নিজিত থাকিলেও অনম্যকর্মা দৈব জাগিয়া থাকে॥৩০॥

তোমার সৈষ্ণও বছ ছিল্ এবং যোদ্ধাও বহু ছিল, কিন্তু পাওবগণেব সেরপ ছিল না, এইভাবে প্রথমে যুদ্ধাবস্ত হইয়াছিল ॥৩১॥

তথাপি অল্পসংখ্যক পাশুবেবা বহুসংখ্যক ভোমাদিগকে ক্ষয় কবিয়া তুলিয়াছে। অতএব আমি মনে কবি—যে পুক্ষকাব নষ্ট করিয়াছে, সেই দৈবেরই সেই কার্য্য'॥৩২॥

সঞ্জয় উবাচ।

এবং সংভাষমাণানাং বহু তত্তজ্জনাধিপ !।
পাগুবানামনীকানি সমদৃশ্যন্ত সংযুগে ॥৩৩॥
ততঃ প্রবন্ধতে যুদ্ধং ব্যতিষক্তর্মধিদিশ্।
তাবকানাং পরিঃ দার্দ্ধং রাজন্ ! ছুর্মন্ত্রিতে তব ॥৩৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাষাং বৈধাসিক্যাং জোণপর্বনি
জয়দ্রধ্বধে পুন্মুদ্ধারন্তে দাত্রিংশদধিকশতত্তমোহধ্যায়ঃ ॥০॥ *

---;#;-----

(७। घटोरकहर्यभवं।)

ত্ৰয়ন্ত্ৰিংশদধিকশততমোহধ্যায়ঃ।

____(°#°) - ____

সঞ্জয উবাচ। ততুদীর্ণগজাখীেঘং বলং তব জনাধিপ।। পাণ্ডুদেনামভিক্রত্য যোধয়ামাদ সর্ব্বতঃ ॥১॥

ভারতকোমূদী

এবমিতি। সংভাবমাণানাং কর্ণাদীনাম্ ॥৩৩।
তত ইতি। ব্যতিষক্তাঃ প্রস্পবং মিলিতা বথা দিপাশ্চ যত্র তং ১৩৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভাবতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়াং ছোণপর্বাণ ক্ষমন্তথ্বধে

ঘাত্রিংশদধিকশততমোইধ্যায়ঃ ॥০॥

সঞ্জয় বলিলেন—'নবনাথ। কর্ণ ও ছর্য্যোধনপ্রভৃতি এইভাবে সেই সেই বস্থ বিষয় আলোচনা করিতেছিলেন, এমন সমযে পাগুরসৈক্ত দেখা গেল ॥৩৩॥ বাজা। তাহার পর আপনাব কুমন্ত্রণার ফলে বিপক্ষগণের সহিত আপনার পক্ষের যুদ্ধ লাগিয়া গেল, ক্রমে রথ ও হস্তিপ্রভৃতি প্রক্রপার মিলিড হইল'॥৩৪॥

^{* &#}x27; । भशागमिक শতভ गार्थ।। য়ः' वद्य वर्षः, ' षिणका गमि विक् ग छ । বা রা, ' । ত্রিপকা শ ন দিক শতভ মােহধাায়ः' নি । (১) ভ ছ দীর্ণং গলানীক মৃ । বা, ভ ছ দীর্ণং গলানীক মৃ । বা, ভ ছ দীর্ণং গলানীক মৃ । বা, ভ ছ দীর্ণং

পাঞ্চালাঃ ক্রবশৈচব যোধয়ন্তঃ গরস্পারম্।

যমরাষ্ট্রায় মহতে পরলোকায় দীক্ষিতাঃ ॥২॥

শ্রাঃ শ্রৈঃ সমাগম্য শরতোমরশক্তিভিঃ।

বিব্যধঃ সমরেহফোন্তং নিক্যুশৈচব যমক্ষয়ম্ ॥৩॥
রথিনাং রথিভিঃ সার্দ্ধং রুষিরত্রাবদারুণম্।
প্রাবর্তিত মহদ্যুদ্ধং নিম্নতামিতরেতরম্ ॥৪॥

বারণাশ্চ মহারাজ! সমাসাগ্য পরস্পারম্।

বিষাণেদ রিয়ামান্তঃ স্থাংকুদ্ধা মদোৎকটাঃ ॥৫॥

হয়ারোহান্ হয়ারোহাঃ প্রাসশক্তিপরশ্বধৈঃ।

বিভিত্তুমূলে যুদ্ধে প্রার্থ্যে মহদ্যশঃ ॥৬॥

ভারতকোমদী

छि। छिनीर्ता भर्ताकरका भवायोगा यक छ०, वनः रेमगः कर्स् ।)।
गाकान। देकि। नीक्षिका भयनश्रद्धा व्यामन् ।२।
भ्वा देकि। वसक क्यः छवनम्, "निनयाणहरको कर्रा" देकासदः १०।
द्रिवनिमिकि। क्रियद्यादिण नाक्ष्णम्। देकद्रकदः श्रद्धकात्रम् ।।।
वाद्रणा देकि। वाद्रणा द्रिकाः। वियाणिर्वरिकः। मान्यकाः १०।
हर्मिक। विकिन्दिन्।द्रशामान्तः ।।।

সঞ্জয় বলিলেন—'নরনাথ! পর্বোদ্ধত হস্তী ও যোটকযুক্ত আপনার সেই সৈক্ত সকল দিক্ হইতে পাশুবসৈক্তের দিকে যাইয়া যুদ্ধ করিতে লাগিল ॥১॥

ক্রমে পাঞ্চাল ও কৌরবেবা পরস্পার যুদ্ধ করিতে থাকিয়া যমরাজ্যে অথবা অপর কোন উত্তম পরলোকে গমন করিতে থাকিল ॥২॥

বীরেরা বিপক্ষ বীরগণের সহিত মিলিত হইয়া বাণ, ভোমর ও শক্তিদারা মুদ্ধে পরস্পার ভাড়ন করিতে থাকিলেন এবং যমালয়ে প্রেরণ করিতে সাগিলেন ॥৩॥

রথিগণের সহিত রথিগণেব মহাযুদ্ধ চলিতে থাকিল; তখন পরস্পর আঘাত চলিতে থাকায় রক্তনির্গমে রণস্থল ভয়ঙ্কব হইয়া উঠিল ॥৪॥

অত্যম্ভকুদ্ধ ও মদমত্ত হস্তিগণ সন্ধিহিত হইয়া দম্ভদাবা প্রস্পারকে বিদীণ করিতে লাগিল ॥৫॥

অশ্বারোহীরা তুমুল বৃদ্ধে মহাযশ কামনা করিয়া প্রাস, শক্তি ও পরশুদারা অশ্বারোহীদিগকে বিদীর্ণ করিতে থাকিল 🌬

পত্তবন্দ মহাবাহো! শতশঃ শস্ত্রপাণয়ঃ।
অত্যোক্তমার্দিয়ন্ রাজন্। নিতাং ঘতাঃ পরাক্তমে ॥৭॥
গোত্রাণাং নামধেয়ানাং কুলানাকৈব মারিয়!।
শ্রবণান্ধি বিজানীমঃ পাঞ্চালান্ কুক্তভিঃ সহ ॥৮॥
তেহত্যোক্তং সমরে যোধাঃ শরশক্তিপরশ্বধিঃ।
থ্রেয়য়ন্ পরলোকায় বিচরন্তো হুতীতবং ॥:॥
শরৈদ শ দিশো রাজন্! তেষাং মুক্তৈঃ সহন্দ্রশঃ।
ন ভাজন্তে যথাতত্তং ভাস্করেহন্তং গতেহিপ চ ॥১০॥
তথা প্রযুধ্যমানেয় পাশুবেয়েয়ু নির্ভয়ঃ।
ছর্ম্যোধনো মহারাজ! ব্যবাগাহত তদ্বলম্॥১১॥
দৈশ্ববক্ত বধেনৈব ভূশং ছঃখসমন্বিতঃ।
মর্ত্ব্যমিতি সঞ্চিন্তা প্রাবিশতদ্বিষাং বলম্॥১২॥

ভারতকোমুদী

পত্তর ইতি। পত্তয়: পরাতয়:। আদ্মরণীড়য়ন্। যত্তা যত্তর সন্তঃ । ।।
গোরাণামিতি। এতেন তরানীং যুদ্ধকালে গোরাদি হীর্ত্তরাদীদিতি প্রতীয়তে । ।
ত ইতি। অলোক্তং প্রৈয়মিতি সম্মঃ। অভীতবং নির্ভয়া ইব । >।
শরৈরিতি। মৃক্তিঃ কিপ্তিঃ। ন ভাজতে ন প্রকাশতে মা, আলোকাভাবাং । ১ ।।
তথেতি। বাবাগাহত আলোড়য়ং, তহলং পাওবনৈক্তম্ ॥ ১ ১।
নৈদ্ধবন্তেতি। নৈদ্ধবন্ত জয়ত্রপক্ত। প্রাবিশং মুর্যোধন ইত্যমুবৃত্তিঃ ॥ ১ ২।

মহাবাহু রাজা। শল্তধাবী শত শত পদাতি সর্বদা পরাক্রমপ্রকাশে যত্মবান্ হইয়া পরস্পার পীড়ন করিতে লাগিল ॥৭॥

মাননীয় রাজা। নাম, গোত্র ও বংশ শুনিয়া আমরা পাঞ্চাল ও কৌরব-গণকে জানিতে লাগিলাম ॥৮॥

সেই যোদ্ধারা নির্ভয়ের ক্যায় বণস্থলে বিচবণ করিতে থাকিয়া বাণ, শক্তি ও প্রবস্থদাবা প্রস্পাব প্রলোকে প্রেরণ কবিতে লাগিলেন ॥১॥

বাজা ৷ ভখন সূর্য্য অন্ত গিয়াছিলেন এবং যোদ্ধারাও সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিভেছিলেন ; তাহাতে দশটা দিক্ই যথাযথভাবে প্রকাশ পায় নাই ॥১০॥

মহারাজ। পাণ্ডবেরা সেইভাবে যুদ্ধ করিতে লাগিলে, ছর্য্যোধন নির্ভয়-চিত্তে পাণ্ডবসৈত্য আলোড়ন করিতে থাকিলেন ॥১১॥

⁽১১)…পা ওবেমেষু ভাৰত। বদ বর্দ্ধ বা নি, - ব্যবগাহত -- পি বদ বর্দ্ধ।

नामग्रन् तथरवारमः कम्लग्नित्र । व्यान्य व्यानित्र विश्वास्त्र शिख्यानामनीकिनीम् ॥५०॥ म मित्र शांक्ष्यम् व्यान्य व्याक्षः कात्र । । व्यान्य मर्वर मंत्र गांनामकाय कत्र द्यां महान् ॥५८॥ यथा मधान्मित् मृर्यरः श्राक्ष श्राक्ष श्राक्ष । व्या क्य स्वरः मर्याः श्राक्ष । भर्य श्राक्ष श

ভারতকোম্দী

নাদ্যন্তি। পুত্রো ত্র্যাধনং, অনীকিনীং সেনাষ্ ॥>৩।

দ ইতি। সন্ত্রিপাতঃ সংহর্ষ:। অভাবকবণঃ ক্ষমজনকঃ ॥>৪॥

ঘথেতি। গভডিভিঃ কির্থে:। শ্বার্কিভিবিতীদস্তত্মপি। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥>৫॥

পলায়নেতি। মহাত্মনা মহাবলেন ত্র্যোধনেন ॥>৬॥

কল্পেডি। ক্লপুট্র: অর্থচিতম্লদেশৈং, প্রসন্নাগ্রেনির্ম্বন্য্থৈ:॥>॥

তিনি জয়ত্রথবধেই অত্যম্ভত্থিত হইয়াছিলেন; স্থুতবাং মরিতে হইবে ইহা ভাবিয়াই সেই শক্রসৈম্মধ্যে প্রবেশ কবিলেন ॥১২॥

রাজা! আপনার পুত্র তুর্য্যোধন সমরভূমিকে রথেব শব্দে নিনাদিত এবং যেন কম্পিত করিতে থাকিয়া পাণ্ডবসৈত্যের অভিমুখবর্তী হইলেন ॥১৩॥

ভরতনন্দন। তখন চুর্য্যোধনের ও পাগুবলৈন্তেব সেই তুমুল সংঘর্ষ সমস্ত সৈত্যের গুরুতর ক্ষয় জন্মাইতে লাগিল ॥১৪॥

রাজা! স্থ্য যেমন মধ্যাহ্নকালে কিরণদাবা জগং সম্বপ্ত কবিতে থাকেন, ভেমন আপনার পুত্র হুর্য্যোধনও বিপক্ষমধ্যে থাকিয়া বাণশিখাদারা ভাহা-দিগকে সম্বপ্ত করিতে থাকিলেন, তখন পাশুবসৈন্সেরা ভাহার প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥১৫॥

মহাবল ছুর্য্যোধন বধ করিতে কাগিলে, পাঞ্চালেরা পলায়নে অভিলাষী এবং শক্রজয়ে নিকংসাহ হইয়া সকল দিকে ধাবিত হইল ॥১৬॥

⁽১¢) প্রতণস্থমিবাংভভি:···ভব স্থতং মক্তে·· পাণ্ডবা: প্রভিবীক্ষ্তুম্—বর্ধ।

ন তাদৃশং রণে কর্ম কৃতবন্তস্ত তাবকাঃ।

যাদৃশং কৃতবান্ রাজা পুত্রন্তব বিশাংপতে!॥১৮॥
পুত্রেণ তব সা সেনা পাগুনী মথিতা রণে।
নলিনী বিরদেনের সমন্তাৎ ফুলপঙ্কজা॥১৯॥
ক্ষীণতোয়ানিলার্কাভ্যাং হতন্বিড়িব পদ্মিনী।
বভূব পাগুনী সেনা তব পুত্রন্ত তেজসা॥২০॥
পাগুসেনাং হতাং দৃষ্ট্বা তব পুত্রেণ ভারত!।
ভীমসেনপুরোগান্তং পাঞ্চালাঃ সমুপাদ্রবন্॥২১॥
স ভীমসেনং দশভির্মাদ্রীপুত্রো ত্রিভিন্তিভিঃ।
বিরাটক্রপদে ষড়্ভিঃ শতেন চ শিথভিনম্॥২২॥
ধৃষ্টত্যুদ্ধঞ্চ সপ্তত্যা ধর্মপুত্রঞ্চ সপ্তভিঃ।
কৈকেয়াংশ্চৈর চেদীংশ্চ বহুভির্নিশিতিঃ শরৈঃ॥২০॥

ভারতকৌমূদী

নেতি। তাবকাত্বংশকীয়া অপরে যোজাব: ॥১৮॥
পুত্রেণেতি। নলিনী পদ্মসরসী, বিরদেন গজেন, সুলানি পঙ্কানি ষ্ক্রা: সা ॥১৯॥
কীণেতি। কীণতোয়া শোষিতজ্ঞলা, অনিলার্কাভ্যাং বাযুস্ব্যাভাষ্, হতত্তিই নষ্টশোভা ॥২০॥
পাণ্ডি,তি। ভীমসেনপুরোগা ভীমাধ্যঃ, সম্পান্তবন্ অভ্যধাবন্ ॥২১॥

আপনার ধহুর্দ্ধর পুত্র হুর্যোধন স্বর্ণপুঞ্জ ও নির্ম্মলমুখ বাণসমূহদারা পীড়ন করিতে থাকিলে, পাণ্ডবসৈম্মেবা সদর সদর পতিত হইতে থাকিল ॥১৭॥

'নরনাথ! তৎকালে আপনার পুত্র ছর্য্যোধন যেরূপ কার্য্য করিতে লাগিলেন, আপনার পক্ষের অপর যোদ্ধারা সেকপ কার্য্য করিতে পারেন নাই ॥১৮॥

হস্তী যেমন ফুটিভপদ্মযুক্ত পদ্মসরোবর সকল দিকে আলোড়ন করে, সেই-ক্সপ আপনাব পুত্র যুদ্ধে সেই পাশুবসৈক্ত আলোড়ন করিতে লাগিলেন ॥১৯॥

স্তরাং বাযু ও স্থ্য জলশোষণ করিলে, পদ্মরোবব যেমন শোভাশৃত্য হয়, সেইরূপ সেই পাওবলৈত্য আপনার পুত্রেব ভেজে শোভাশৃত্য হ^{ইয়া} পড়িল ॥২০॥

ভরতনন্দন। আপনার পুত্র পাশুবদৈন্ত সংহার করিতেছেন দে^{খির।} পাঞ্চালেরা ভীমসেনকে অগ্রবর্তী করিয়া তাঁহার দিকে ধাবিত হইল ॥২১॥

⁽২১) · পুরোগান্তে পি, · পুরোগান্ত · বা নি।

সাত্বতং পঞ্চিবিদ্ধা দ্রেপিদেয়াংশ্রিভিন্তিভি:।

ঘটোৎকচঞ্চ সমরে বিদ্ধা সিংহ ইবানদৎ ॥২৪॥ (বিশেষকম্)
শতশশ্চাপরান্ যোধান্ সদ্বিপাশ্বান্ মহারণে।
শরৈরবচকর্ত্তোত্তাঃ ক্রুদ্ধোহন্তক ইব প্রজাঃ ॥২৫॥
সা তেন পাণ্ডবী সেনা বধ্যমানা শিলীমুখৈঃ।
তব পুত্রেণ সংগ্রামে বিছুদ্রাব নরাধিপ । ॥২৬॥
তং তপন্তমিবাদিত্যং কুরুরাজং মহাহবে।
নাশকন্ বীক্ষিত্বং রাজন্। পাণ্ডুপুত্রস্থ সৈনিকাঃ ॥২৭॥
ততো যুধিষ্ঠিরো রাজা কুপিতো রাজসভ্ম !।
অভ্যধাবৎ কুরুপতিং তব পুত্রং জিগীষয়া ॥২৮॥

ভারতকোমুদী

স ইতি। দশভি: শরৈ:। এবং সর্বন্ধ। নিশিতৈ: স্থারৈ:। সাত্তং সাতাকিম্ ।২২-২৪।
শতশ ইতি। বিশৈর্গ জৈববৈশ্চ সহেতি তান্। অবচকর্ত্ত চিছেল ।২৫॥
সেতি। শিলীমুথৈর্বাবৈ:। বিহুলাব অভিক্রতং পলায়াঞ্জে ।২৬॥
তমিতি। তপস্তং শরৈ: পীভয়ন্তম্। মহাহবে মহাযুদ্ধে ।২৭॥
তত ইতি। জিগীবরা জেতুমিছয়া ।২৮।

ভখন ছুর্য্যোধন দশটা বাণদারা ভীমসেনকে, তিন ভিনটাদারা নকুল ও সহদেবকে, ছয়টাদারা বিরাট ও জ্ঞাদকে, একশভদারা শিখভীকে, সত্তরটান দারা খৃষ্টহামকে, সাভটাদারা যুধিষ্ঠিবকে, বহুতর সুধাব বাণদারা কেকয় ও চেদিদেশীয়গণকে, পাঁচটাদারা সাভ্যকিকে, তিন ভিনটাদারা জোপদীর পুত্ত-গণকে এবং একটাদাবা ঘটোৎকচকে বিদ্ধ করিয়া সিংহের স্থায় গর্জন করিলেন ॥২২—২৪॥

জনে কুদ্ধ বম যেমন প্রাণিগণকে পীড়ন করেন, সেইরূপ তুর্য্যোধন ভয়ন্বর বাণসমূহদাবা মহাযুদ্ধে হস্তী ও অধের সহিত জপব শত শত যোদ্ধাকে ছেদন করিতে লাগিলেন ॥২৫॥

নরনাথ! যুদ্ধে আপনার পুত্র বাণদারা বধ কবিতে লাগিলে, সেই পাণ্ডবসৈন্মেরা অভিবেগে পলায়ন করিতে লাগিল ॥২৬॥

বাজা। কুকরাজ ছর্যোধন সুর্য্যের ফ্রায় মহাযুদ্ধে সন্তাপ জন্মাইতে লাগিলে, পাণ্ডবসৈম্ভেরা তাঁহার প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥২৭॥

⁽२६) : मिष्णाः महावरणः वा नि । (२४) : एव भूवः किषाः मग्रा—वा नि ।

তার্ভো যুধি কোরব্যা সমীয়তুররিন্দমো।
বার্থহেতোঃ পরাক্রান্ডো ছুর্য্যোধনযুধিন্ঠিরো ॥২৯॥
ততো ছুর্যোধনঃ ক্রুদ্ধঃ শরৈঃ সম্নতপর্বভিঃ।
বিব্যাধ দশভিস্তৃর্গং ধ্বজং চিচ্ছেদ চেমুণা ॥৩০॥
ইন্দ্রেনং ত্রিভিন্দেব ললাটে জল্পিবান্ নৃপ!।
সারথিং দয়িতং রাজ্ঞঃ পাগুবস্ত মহাত্মনঃ ॥৩১॥
ধকুল্চ পুনরস্তেন চকর্ত্তাস্ত্রামহারথঃ।
চতুর্ভিন্দ তুরদৈদ্র বাণৈবিব্যাধ বাজিনঃ ॥৩২॥
ততো যুধিন্ঠিরঃ ক্রুদ্ধো নিমেবাদিব কান্মুক্য়।
অন্তদাদায় বেগেন কৌরব্যং প্রত্যবারয়ৎ ॥৩০॥
স শরং স্ব্যরশ্যাভ্মত্যগ্রমনিবারণম্।
হা হতোহসীতি রাজানমুক্ত্রামুঞ্দ্যুধিন্তিরঃ ॥৩৪॥
ভারতকৌমুদী

ভাবিতি। স্বার্থহেভো: আয়তীক্বভবাজ্যরক্ষাপৈত্কবাজ্যোদারনিমিত্তম্ । ২০। তত ইতি। সমতপর্বভির্বক্রোপাইতঃ। বিব্যাধ বৃধিষ্টিবং ভাজয়ামাস ।৩০॥ ইক্রেভি। ইক্রসেনং ভদাখাম্। জমিবান্ আহতবান্। দয়িতং প্রিয়ম্ ।৩১॥ ধস্থবিভি। চকর্ত্ত চিচ্ছেদ, অস্তা বৃধিষ্টিবস্তা, মহাবথো ত্র্যোধনঃ ।৩২॥ তত ইভি। কৌববাং ত্র্যোধনম্ ।৩৩।

রাজভোষ্ঠ ৷ তাহার পর রাজা যুধিষ্ঠিব ফুদ্ধ হইয়া জয় কবিবার ইস্ছা করিয়া আপনার পুত্র কুরুরাজ হুর্য্যোধনের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

ক্রমে কুকবংশজাত, শক্রদমনকারী ও পরাক্রমশালী ছর্য্যোধন এবং যুধিষ্ঠির আপন আপন ঝার্থেব জন্ম যুদ্ধে মিলিত হইলেন ॥২৯॥

তাহাব পর হুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া নতপর্ক দশটা বাণদ্বারা সন্থর যুধিষ্টিরকে বিদ্ধ করিলেন এবং একটা বাণদ্বারা তাঁহার ধ্বদ্ধটা কাটিয়া ফেলিলেন ॥৩০॥

বাজা। তৎপবে তিনি তিনটা বাণদ্বারা মহাত্মা রাজা যুধিটিরের প্রিম সার্থি ইন্দ্রসেনের ললাটে আঘাত কবিলেন ॥৩১॥

আবাব নহাবথ তুর্য্যোধন একটা বাণদ্বার। যুধিষ্ঠিরের ধ**সু** ছেদন করিলেন এবং চারিটা বাণদ্বারা তাঁহার চারিটা অখকে তাড়ন কবিলেন ॥৩২॥

পরে যুধিষ্ঠিব ক্রুদ্ধ হইয়া বেগে নিমেষকালমধ্যেই যেন অন্ত ধন্ত ল'ইয়া ছুর্য্যোধনকে বাবণ করিতে লাগিলেন ॥৩৩॥

į

⁽৩৪) শরক স্থারশ্মাভন্· বঙ্গ বা নি।

স তেনাকর্ণমুক্তেন বিদ্ধো বাণেন কোরবঃ।
নিষদাদ রথোপত্যে ভূশং সংমৃত্চেতনঃ ॥৩৫॥
ততঃ পাঞ্চালদৈন্যানাং ভূশমাদীদ্রবো মহান্।
হতো রাজেতি রাজেন্দ্র! মুদিতানাং সমস্ততঃ ॥৩৬॥
বাণশন্দবরশ্চোগ্রঃ শুশ্রুদ্বে তত্র মারিব!।
অথ দ্রোণো ক্রতং তত্র প্রত্যদৃশ্যত সংযুগে ॥৩৭॥
হক্টো হুর্য্যোধনশ্চাপি দৃঢ়মাদায় কামু কম্।
তিষ্ঠ তিষ্ঠেতি রাজানং ক্রবন্ পাশুবমভ্যয়াৎ ॥৩৮॥
প্রত্যদ্যযুক্তং ত্বরিতাঃ পাঞ্চালা জয়গৃদ্ধিনঃ।
তান্ দ্রোণঃ প্রতিজ্ঞাহ পরীক্ষন্ ক্রুদত্তমম্।
চণ্ডবাতঃ সমৃদ্ধৃতো মেঘানশামুচো যথা ॥৩৯॥

ভারতকোমুদী

স ইতি। রাজানং ছর্ব্যোধনম্, অমৃঞ্ ং ক্যক্ষিপং । ০৪।
স ইতি। আকর্ণমূক্তন আকর্ণারুইকামূক্তিবেশ । ০৫।
তড ইতি। রবং কোলাহল:। রাজা ছর্ব্যোধনং, মৃদিতানামানন্দিতানাম্ ।৬৬।
বাবেতি। হে মারিষ। আর্থা! "আর্থান্থ মাবিষং" ইত্যমবং ॥৩৭।
হুই ইতি। হুইক্তৈক্তলাভেনানন্দিত:। পাগুবং রাজানং মুধিটিরম্ ॥৬৮।

'হায়। তুমি নিহত হইলে' এই কথা তুর্য্যোধনকে বলিয়া বৃধিষ্ঠির সূর্য্য-রিশার স্থায় উজ্জ্বল, অভিভয়ন্ধর ও অনিবার্য্য একটা বাণ নিক্ষেপ করিলেন ॥৩৪॥ তুর্য্যোধন সেই আকর্ণাকৃষ্টকাম্মুকনিক্ষিপ্ত বাণে বিদ্ধ হইয়া চৈডক্সহীন অবস্থায় রথমধ্যে উপবেশন করিলেন ॥৩৫॥

রাজশ্রেষ্ঠ ! তাহাব পর 'বাজা তুর্য্যোধন নিহত হইয়াছেন' ইহা ধারণা করায় সকল দিকেই আনন্দিত পাঞ্চালসৈক্তগণের মধ্যে বিশাল 'কোলাহল হইতে লাগিল ॥৩৬॥

মাননীয় রাজা। তখন ভয়ঙ্কর বাণ্শব্দ শুনা যাইতে থাকিল। তৎপরে রণস্থলে সম্বর জোণকে দেখা গেল॥৩৭॥

এই সময়ে ছর্য্যোধনও চৈতক্তলাভ করিয়া অক্ত ধনু লইয়া 'থাক থাক' এই কথা বলিতে বলিতে রাজা যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৮॥

⁽৩৬) ততঃ পাঞ্চাল্যেনানাম্ াবা নি । (৩৭) বাণশ্যরবন্দোগ্রঃ াব্দ বর্দ বা নি । (৩৯) াচগুৰাভোদ্তান্ মেধান্ নিয়ন্ াবদ বর্দ বা, া অসুমূচো মধা—নি ।

ততো রাজন্। মহানাসীং সংগ্রামো ভূবিবর্জনঃ। তাবকানাং পরেষাঞ্চ সমেতানাং যুযুৎসয়া ॥৪০॥ ইতি শ্রীমহাভারতে শৃতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং জ্যোণপর্বাণি ঘটোৎকচবধে তুর্য্যোধনপরাভবে ত্রয়ক্তিংশদধিক-

শততমোহধ্যায়ঃ॥ । ॥ #

চতুন্ত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ।

———(:*:)——— ধৃতরাপ্ত্র উবাচ।

ধৃতরাষ্ট্র উবাচ।

যত্তদা প্রাবিশৎ পাণ্ড্নাচার্য্যঃ কুপিতো বলী।
উক্ত্রা তুর্য্যোধনং মন্দং মম শাস্ত্রাতিগং স্কৃতম্ ॥১॥

ভারতকোমুদী

প্রতীতি। জয়গৃধিনো জয়াভিলাবিশ:। পরীক্ষন্ রক্ষিত্মিচ্ছন্, কুরুসভমং ছর্যোধ্নম্।
চণ্ডবাত: প্রবলবার্ণ, সমুদ্ধ ত: সমুংপরা, অশ্বমূচা শিলাবর্ষিণ:। য়ট্পালোহয়ং স্লোক: ১৩৯
তত ইতি। ভ্বিবর্দ্ধনো মৃতদেহরাশিনা ভূমির্দ্ধিকারী। মৃষ্ৎসয়া বোদ্ধ মিচ্ছয়া ১৪০।
ইতি মহামহোপাধায়-ভারতাচার্য্য-শ্রহরিলাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবির্দিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখায়াং স্লোণপর্বণি ঘটোৎকচবধে

ত্তরান্ত্রিংশদধিকশততমোহধ্যায়: ॥•॥ ভারতভাবদীপঃ

ভদিভি ৷১৷ পরলোকায়েতি ব্যবাধ্রবর্ধনে বিশেষণম্ ৷২—৭৷ গোজাণাং প্রাচীনপুরুষাণাম্, কুলানাং গণানাম্ ৷৮—৩৭৷ স্থান্তী লক্ষ্যেতভান: ৷৩৮—৪০৷
ইতি জ্রোণপর্কণি নৈলক্ষ্মীয়ে ভারতভাবদীপে অমস্তিংশদ্ধিকশভতযোহধ্যায়ঃ ৷১৩৩৷

তথন জ্যাভিলাষী পাঞ্চালেবা সম্বর ছর্য্যোধনের দিকে গমন করিল। তৎকালে প্রচণ্ড বাষু যেমন শিলাবর্ষী মেঘসমূহকে গ্রহণ কবে, সেইরূপ জোণ ছর্য্যোধনকে রুগা করিবার ইচ্ছা কবিষা পাঞ্চালদিগকে গ্রহণ করিলেন ॥ ৩৯॥

রাজা। তাহাব পর যুদ্ধ করিবার ইচ্ছায় সম্মিলিত কৌরবদৈয় ও পাণ্ডব-সৈন্তগণের মহাযুদ্ধ লাগিযা গেল, তাহাতে ভূমিবৃদ্ধি হইতে থাকিল' ॥৪০॥

⁽৪০) · ভ্রিবর্দনঃ বা নি। * ' · · একপঞ্চাশদধিকশভতমোহধ্যায়ঃ' বন্ধ বর্দ, ' · · · · বিপঞ্চাশদধিকশভতমোহধ্যায়ঃ' বা রা, ' চতুঃপঞ্চাশদধিকশভতমোহধ্যায়ঃ' নি।

প্রবিশ্য বিচরন্তঞ্চ রথে শ্রমবস্থিতম্।
কথং দ্রোণং মহেম্বাসং পাণ্ডবাঃ পর্যাবারয়ন্॥২॥
কেহরক্ষন্ দক্ষিণং চক্রমাচার্য্যন্ত মহাহবে।
কে চোত্তরমরক্ষন্ত নিম্নতঃ শাত্রবান্ বহুন্॥৩॥
নৃত্যন্ স রথমার্গের্ম সর্বাশস্ত্রভূ তাং বরঃ।
ধ্মকেছুরিব ক্রুদ্ধঃ কথং মৃত্যুমুপেযিবান্॥৪॥
সঞ্জয় উবাচ।
সায়াক্রে সৈন্ধবং হত্তা রাজ্ঞা পার্থঃ সমেত্য চ।
সাত্যকিশ্চ মহেম্বাসো দ্রোণ্মেবাভ্যধাবতাম্॥৫॥

ভারতকৌমুদী

"এবমুক্তা ভভ: প্রায়াদ্রোণ: পাগুবসঞ্ধান্" ইভি ব্যোপক্ত পাগুবদৈকে প্রবেশমভিধায় সঞ্জেন যুদ্ধান্তবাভিধানান্তদ্রোণযুদ্ধমেব পৃচ্ছতি যদিতি। পাগুন্ পাগুবদৈকান্। মন্দং মৃচম্, শাল্লাভিগং ধর্মনীতিশাল্লাভিক্রমকারিণম্। যং প্রাবিশৎ ভভ: পরং ক্রহীতি শেবঃ ॥১॥

সভাবয়ন্ পৃচ্ছতি প্রবিশ্বেতি। কথং কেন প্রকাবেণ, মহেদাসং মহাধহর্দরম্ ॥২॥ ক ইতি। চক্রং সৈশ্রসমূহর্। উত্তরং বামং চক্রমিতাস্বন্ধঃ। । ।
নৃত্যরিতি। -ধৃমং কেত্রিব বস্তু স বহিং। উপেবিবান্ প্রাপ্তবান্ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়। বলবান্ জোণাচার্য্য—আমার মূর্থপুত্র শান্ত্র-লঙ্গনকারী তৃর্ব্যোধনকে সেইরূপ বলিয়া তথনই যে পাশুবদৈয় মধ্যে প্রবেশ করিয়াছিলেন, তাহার পর কি হইয়াছিল বল ॥১॥

বীর ও মহাধন্ত্র্বব জোণ রথে থাকিয়া বিপক্ষমধ্যে প্রবেশ করিয়া বিচরণ করিতে লাগিলে, পাণ্ডবেরা কিভাবে তাঁহাকে বারণ করিয়াছিল ? ॥২॥

জোণাচার্য্য মহাযুদ্ধে বহু শত্রু সংহার করিতে লাগিলে, কাহারা তাঁহার দক্ষিণ চক্র রক্ষা কবিভেছিল ? কাহারাই বা বাম চক্র রাখিভেছিল ? ॥৩॥

সর্বশিস্ত্রধারিশ্রেষ্ঠ জোণ ক্রোধে অগ্নির স্থায় হইয়া নৃত্য করতই যেন রথ-পথে বিচরণ করিতে থাকিয়া কি প্রকারে মৃত্যুমূখে পতিত হইলেন ?'॥৪॥

- (৩) ইতঃ পরং বহব এব পাঠভেদাঃ সম্ভি। ভত্ত চ বন্ধ বর্ধা—
 কে চাক্ত পৃষ্ঠতোহয়াসন্ বীবা বীবক্ত যোধিনঃ। কে পুরস্তাদবর্জন্ত রথিনন্তক্ত শত্রবঃ ।)।
 মত্তে তানস্পৃশচ্ছীতমতিবেলমনার্জবম্। মত্তে তে সমবেপস্ত গাবো বৈ শিশিবে যথা। যং
 প্রাবিশন্মহেঘাসঃ পাঞ্চালানপরান্ধিতঃ ।২।
 নজ্যন স্থাপ্তিম মর্ক্রম্ভালার ব্যান ক্রিক্রম্ভালার ব্যান ক্রিক্রম্
- বৃত্যন্ স রথমার্গের্ সর্কশন্ত্রভূতাং ববং। নির্দিহন্ সর্কদৈক্তানি পাঞ্চালানাং বথর্বভঃ। ধৃম-কেতুরিব ক্রুদ্ধঃ কথং মৃত্যুম্পেমিবান্। আ
 - (e)···সাত্যকিক মহেষাস: ··বন্ধ বৰ্দ্ধ বা নি।

তথা যুধিষ্ঠিরস্ত র্ণং ভীমসেনশ্চ পাগুবং।
পৃথক্ চম্ভ্যাং সংযতো দ্যোণমেবাভ্যধাবতাম্॥।।।
তথৈব নকুলো ধীমান্ সহদেবশ্চ কুর্দ্ধঃ।
ধ্যুত্যুত্মঃ সহানীকো বিরাটশ্চ সকৈকয়ঃ।
মৎস্থাঃ শাল্বেয়সেনাশ্চ দ্যোণমেব ষয়ুর্ধি॥।।।
দ্রুপদশ্চ তথা রাজা পাঞ্চালৈরভিরক্ষিতঃ।
ধ্যুত্যুত্মপিতা রাজন্! দ্যোণমেবাভ্যবর্ত্ত ॥৮॥
দ্যোপদেয়া মহেম্বাদা রাক্ষ্যশ্চ ঘটোৎকচঃ।
সিন্সাস্তেহভ্যবর্ত্ত দ্যোণমেব মহাত্যুতিম্ ॥৯॥
প্রভদ্রকাশ্চ পাঞ্চালাঃ বট্সাহ্স্রাঃ প্রহারিণঃ।
দ্যোণমেবাভ্যবর্ত্ত পুরস্কৃত্য শিথন্ডিনম্॥১০॥

ভারতকোমূদী

সঞ্ম বলিলেন—'মহারাজ। মহাধমুর্দ্ধিব অর্জ্বন ও সাত্যকি জয়ত্রথকে বধ করিয়া সায়াক্তে যুধিষ্ঠিরের সহিত মিলিত হইয়া পরে জোণের দিকেই ধাবিত হইলেন ॥৫॥

এবং পাণ্ড্নন্দন যুধিষ্ঠির ও ভীমসেন যুদ্ধে যদ্গবান্ হইয়া পৃথক্ পৃথক্ সৈচ্চ প্রীয়া জোণের দিকেই চলিলেন ॥৬॥

বৃদ্ধিমান্ নকুল, ছর্জন্ম সহদেব, সৈক্তগণের সহিত ধৃষ্টগ্রাম্ন, কৈকমাদিগের সহিত বিরাট এবং মংস্থা ও শাবদেশীয় সৈম্মের। যুদ্ধে জোণের দিকেই গমন করিতে লাগিলেন ॥৭॥

নরনাথ। ধৃষ্টগ্যুয়ের পিতা জ্রুপদরাজা পাঞ্চালদেশীয় সৈক্সগণে পরিরক্ষিত হইয়া জোণের দিকেই চলিলেন ॥৮॥

মহাধমুর্দ্ধর জৌপদীপুত্রগণ এবং রাক্ষস ঘটোৎকচ সৈন্তগণের সহিত মিলিত হুইয়া মহাতেজা জোণের দিকেই যাইতে থাকিলেন ॥৯॥

⁽१)--- বৃটভার: শতানীকো বিরাটক সকেকয়:। মাৎক্রা: সাধা: সন্মোক---নি।

তথেতরে নরব্যান্তাঃ পাগুবানাং মহারথাঃ।
সহিতাঃ সন্নাবর্ত্তত দ্রোণমেব দ্বিজর্মভন্ ॥১১॥
তেয়ু শ্রেয়ু য়ুদ্ধায় গতেয়ু ভরতর্মভ !।
বভুব রজনী ঘোরা ভীরূণাং ভয়বর্দ্ধিনী ॥১২॥
যোধানামশিবা রোদ্রা রাজন্মন্তকগামিনী ।
কুপ্তরাশ্বমনুষ্যাণাং প্রাণান্তকরণী তদা ॥১০॥ (য়ুয়্মকম্)
তত্যাং রজন্যাং ঘোরায়াং নদন্ত্যঃ সর্বতঃ শিবাঃ।
ন্তবেদয়ন্ ভয়ং ঘোরং সন্থালকবলৈমু থৈঃ ॥১৪॥
উল্কাশ্চাপ্যদৃশ্যন্ত শংসন্তো বিপুলং ভয়ম্।
বিশেষতঃ কৌরবাণাং ধ্বজিন্তামতিদারুণাঃ ॥১৫॥
ততঃ সৈন্যেয়ু রাজেক্তা! শব্দঃ সমভবন্মহান্।
ভেরীশব্দেন মহতা মুদঙ্গানাং স্বনেন চ॥১৬॥

ভারতকৌমুদী

ভথেতি। সন্নবর্ত্তম্ব সমাঙ্নিতরাঞ্চাবর্ত্তম্ব, জোণমেবোদিশ্রেতি শেষ: ।১১। ভেবিভি। গভেষ্ রোণং প্রতি। অন্তবং ধমং গমন্নতীতি সা ।১২—১৩। ভক্তামিতি। শিবাং শৃগালাং। জালন্না অগ্নিশিখনা সহেতি কে কবলা অভ্যন্তরাশি ধেষাং তৈ: ।১৪।

উলুকা ইভি। উলুকা: পেচকা:। শংসন্ত: স্চযন্ত:। ধ্বজিতাং সেনাদায্।১৫।

পাঞ্চালদেশীয় প্রভন্তকবংশীয় ষট্সহস্র যোদ্ধা শিশতীকে অগ্রবর্তী করিয়া জোণের দিকেই গমন কবিতে থাকিলেন ॥১০॥

আর পাণ্ডবপক্ষের নবশ্রেষ্ঠ অপর মহাবপেবাও মিলিত হইয়া ব্রাহ্মণশ্রেষ্ঠ জোণের দিকেই চলিলেন ১১॥

ভরতশ্রেষ্ঠ রাজা! সেই বীরেরা যুদ্ধেব জন্ম গমন করিলে, ভীকজনের ভয়বর্দ্ধিনী, যোদ্ধাদের অমঙ্গলকারিণী ও যমলোকপ্রেষিণী এবং হস্তী, অথ ও মমুদ্মগণের প্রাণনাশিনী ভয়ন্ধব বাত্রি তখন উপস্থিত হইল ॥১২—১৩॥

শৃগালগণ সেই ভয়ন্ধব রাত্রিতে সকল দিকে বব কবিতে থাকিয়া গুরুতর ভয়ের সূচনা করিতে লাগিল, তৎকালে সেগুলিব মুখের ভিতবে অগ্নিব শিখা দেখা যাইতে থাকিল ॥১৪॥

মহাভয়সূচক অভিদারণ পেচকসমূহও দেখা যাইতে লাগিল, সেওলি কৌরবসৈম্মের উপবেই অধিক পবিমাণে দৃষ্টিগোচব হইতে থাকিল 1201

গজানাং রুংহিতৈশ্চাপি তুরগাণাঞ্চ হেষিতৈঃ। খুরশব্দনিপাতৈশ্চ তুমূলঃ সর্বতোহভবৎ ॥১৭॥ ততঃ সমভবদ্যুদ্ধং সন্ধ্যায়ামতিদারুণম্। জোণস্থ চ মহারাজ। স্থায়ানাঞ্চ সর্ববশঃ ॥১৮॥ তম্সা সংরূতে লোকে ন প্রাক্তায়ত কিঞ্চন। দৈন্যেন রজ্পা চৈব সমন্তাত্মখিতেন চ ॥১৯॥ নরস্থাশ্বস্থ নাগস্থ সমসজ্জত শোণিতম । নাপশ্যাম রজো ভৌমং কশ্মলেনাভিসংরভাঃ ॥২০॥ রাত্রো বংশবনস্থেব দহুমানস্থ পর্বতে। ষোরশ্চটচটাশব্দঃ শস্ত্রাণাং পততামভূৎ ॥২১॥

ভারতকৌমুদী

ডড ইডি। শব্দ: কোনাহন:। উত্তবার্দ্ধ: মহত্ব: প্রতি হেতু: ।১৬। গঞ্জানামিতি। বৃংহিতহেষিতে গঞ্জাখয়ো: শন্ধে তুম্ল: দ শব্দ ইত্যন্তবৃত্তি: ।১ গ তত ইতি। সর্বশং সর্বপ্রকারম্ ॥১৮॥ ভমসেতি। ভমসা সন্ধ্যাম্বকাবেণ। সৈক্তানামিদমিতি সৈক্তং ভেন বজসা ধূল্যা ।১৯। নরভেতি। নাগভ গজভ, সমসজ্জত মিলিভম্। কশালেন মোহেন ॥২০॥

ভাৰতভাৰদীপঃ

যদিতি ।১—৩। ধৃমকেতু: উৎপাতগ্রহোহয়িব। ।৪—৯। প্রভদ্রকা: প্রভদ্রকনামান: ।১০--১২। অশিবা বিনাশহেতু: ।১৩। সজালকবলৈ: সক্লিজব্যাদানৈ: ।১৪--১৬। প্রশব্দিপাতৈঃ প্রব্বতাড়নৈঃ ॥১१--->>। সমসজ্জত ব্যামিশ্রমভবং ॥२०---->>। अव वी

রান্ধশ্রেষ্ঠ ৷ তাহার পর উভয়সৈত্তমধ্যেই মহাকোলাহল উথিত হইল, ভাহা আবার বিশাল ভেরীব শব্দে ও মৃদঙ্গধনিতে বাড়িয়া উঠিল ॥১৬॥

ক্রমে হস্তিগণের বৃংহিডধ্বনি এবং অশ্বগণেব হেষারব ও খুরপাডের শব্দে সে কোলাহল সকল দিকে আরও বৃদ্ধি পাইল ॥১৭॥

মহাবাজ! ভদনস্তব সেই সদ্যাকালে জোণ ও স্প্রয়গণের সর্বপ্রকার অতিদারুণ যুদ্ধ উপস্থিত হইল ॥১৮॥

ভখন সন্ধ্যাব অন্ধকার আসিয়া এবং সকল দিকে সৈক্ষের ধূলি উঠিয়া সমস্ত লোককে আবৃত কবায় কিছুই জানা গেল না ॥১৯॥

ক্রমে আমরা মোহে অভিভূত হইয়া পড়িলাম এবং মানুষ, ঘোড়া ^ও হাতীর রক্ত মিশিয়া গেল; ভাহাতে ভূতলের ধূলি আব দেখা গেল না ॥২।॥

^{(&}gt;») তম্সা চাবুতে লোকে·· উথিতেন হ—বা নি।

মৃদঙ্গানকনিব্র বিদর্শ বর্ণ রীপটহৈন্তথা।
কেৎকারৈর্ছেষিতৈঃ শব্দৈঃ সর্ব্যমেবাকুলং বর্ডো॥২২॥
নৈব স্বে ন পরে রাজমজ্ঞায়ন্ত তমোরতে।
উন্মন্তমিব তৎ সর্বাং বভূব রজনীমুখে॥২৩॥
ভৌমং রজোহথ রাজেন্দ্র! শোণিতেন প্রণাশিতম্।
শাতকুন্তিশ্চ কবচৈভূ ধণেশ্চ তমোহভাগাৎ॥২৪॥
ততঃ সা ভারতী সেনা মণিহেমবিভূষিতা।
গোরিবাদীৎ সনন্দ্রা রজন্তাং ভরতর্বভ!॥২৫॥
গোমায়ুবলসংঘুষ্টা শক্তিধ্বজসমাকুলা।
বারণাভিক্রতা ঘোরা স্কেড়িতোৎক্রুক্টনাদিতা॥২৬॥

ভারতকোমুদী

বাতাবিতি। বাত্তিপদং প্রকৃতবদম্কাবেণাক্তপদার্থাদৃশ্রত্ত্বস্চনার্থম্ ॥२১॥
মৃদক্ষেতি। কেংকাবৈর্হেষিতৈক্ষাখানাম্ ॥২২॥
নেতি। স্বে পরপক্ষীয়াক ॥২৩।
ভৌমমিতি। প্রণাশিতম্ আর্জীকৃত্ত্বাং। শাভকুজিঃ খর্ণমধ্যৈ ॥২৪॥
তিত ইতি। ভারতী উভয়পক্ষীয়া। জৌবাকাশম্ ॥২৫॥

গোমায়িতি। গোমায়ব: শৃগালা: বলা: কাকান্চ তৈ: সংঘুষ্টা শক্তিতা। বারণৈর্গ কৈ-রভিক্ষতা বৃংহিতশকৈ: শক্তিতা, ক্ষেতিতেন সিংহনাদেন উৎক্রেটন কোলাহলেন চ নাদিতা ।২৬।

রাত্রিতে পর্বতের উপবে দাবানলে বাশবন দগ্ধ হইতে লাগিলে, যেমন ভয়ন্ধব 'চট্ চট্' শব্দ হয়, সেইবাপ অস্তুগলি পড়িবাব সময়ে 'চট্ চট্' শব্দ হইতে লাগিল ॥২১॥

মৃদঙ্গ, আনক, ঝঝ'রী ও পটছের শব্দে এবং অশ্বগণেব ফেংকার ও হেবারবে সমস্তই আকুল হইয়া পড়িল ॥২২॥

বাজা। সেই অন্ধকারার্ড প্রদোষকালে স্বপক্ষ বা প্রথক্ষ জানা গেল না, সমস্তই যেন উন্মন্ত হইয়া পড়িল ॥২৩॥

বান্ধশ্রেষ্ঠ । ক্রমে রক্তেব প্রবাহ্ত চলিয়া ভূতলের ধূলি নিবারণ করিল এবং স্বর্ণময় কবচ ও অলস্কাবেব দীপ্তিতে অন্ধকার দূব হইল ॥২৪॥

ভবভশ্রেষ্ঠ ! ভাহাব পর মণি ও স্বর্ণে বিভূষিত সেই উভযদৈশ্যই রাত্রিঙে নক্ষত্রযুক্ত আকাশেব স্থায় প্রকাশ পাইডে লাগিল ॥২৫॥

⁽২৩) ··আজ্ঞায়ত বন্ধ বৰ্ছ, প্ৰাক্তায়ত বা নি। (২৪)· ডমোহধাগাং বন্ধ বৰ্দ্ধ··· ডমোহনশং—নি।

তত্রভিবন্মহান্ শব্দস্তমুলো লোমহর্ধাঃ।
সমারপুন্ দিশঃ সর্বা মহেন্দ্রাশনিবিদ্ধনঃ॥২৭॥
না নিশীথে মহারাজ! সেনাদৃশ্যত ভারতী।
অঙ্গলৈঃ কুণ্ডলৈনিকৈঃ শক্তৈশ্চেবাবভাদিতা॥২৮॥
তত্র নাগা রথাশ্চৈব জান্ম্নদিবিভূষিতাঃ।
নিশায়াং প্রত্যদৃশ্যন্ত মেঘা ইব সবিত্যুতঃ॥২৯॥
ঋষ্টিশক্তিগদাবাণমুলপ্রাসপট্টিশাঃ।
সম্পত্তঃ আ দৃশ্যন্তে ভাজমানা ইবাগ্রয়ঃ॥৩০॥
তুর্ব্যোধনপুরোবাতাং রথনাগবলাহকাম্।
বাদিত্রঘোষস্তনিতাং চাপবিত্যদ্ধকৈর্বতাম্॥৩১॥

ভারতকোমুদী

তত্তে । সমার্থন্ ব্যাপুৰন্ । মহেন্দ্রাশনিষন ইক্সবক্সধানিরিব ১২৭।
সেতি । নিশীথে বাতৌ, "নিশীথস্ত পুমানর্ধরাত্তে ভাজাত্তিমাত্তকে" ইতি মেদিনী ।
ভারতী উভয়পক্ষীয়েব উভয়োবেব ভবতবংশীয়ত্বাৎ । নিকৈবিক্ষোভ্যবৈঃ ১২৮।
তত্ত্তি । নাগা গলাঃ । ভাস্নদবিভ্বিতাঃ স্বর্ণালস্থতাঃ ১২৯।
ক্ষীতি ৷ ক্ষিপ্রভ্তয়ন্তদানীস্তনা অন্ধবিশেষাঃ ৷ লাজ্যানা দীপ্যমানাঃ ১০০।

ভারতভাবদীপঃ

সঙ্গটিকা:। ফেংকার ইতি হেষিতবিশেষণম্ ।২২—২৫। ক্ষেড়িতং বীরাণাং পরতর্জন-গর্জনং তেন উৎক্রেমতীবনাদিতা ।২৬—২৭। নিশীধে নিশায়াম্ ।২৮—৩-॥ রধনাগা

ক্রমে শৃগাল ও কাক ডাকিতে লাগিল, হস্তিগণ বংহিতধ্বনি করিতে থাকিল এবং বীবগণের সিংহনাদ ও কোলাহল চলিতে লাগিল, ভাহাতে শক্তি ও ধ্বন-পূর্ণা ত্বইটা সেনাই ভীষণ হইয়া পড়িল ॥২৬॥

তখন ইন্দ্ৰের বজ্ঞপাতেব শব্দেব স্থায় বিশাল, ভুমূল ও লোমহর্ষণ শব্দে সকল দিক্ ব্যাপ্ত হইয়া গেল ॥২৭॥

মহারাজ। কেষ্ব, কুগুল, বক্ষোভূষণ এবং অস্ত্রদারা প্রকাশিত ছইডে-ছিল বলিয়া সেই ত্ইটা সেনাই বাতিতে দেখা যাইতেছিল ॥২৮॥

স্থালকারে অলক্ষত হস্তী ও রথগুলি সেই বাত্রিতে বিদ্যুৎসমন্বিত মেঘ-সমূহেব স্থায় দৃষ্টিগোচর হইতে লাগিল ॥২৯॥

খৃষ্টি, শক্তি, গদা, বাণ, মুখল, প্রাস ও পট্টিশগুলিকে দীপ্যমান অগ্নিশিখার স্থায় পড়িতে দেখা গেল ॥৩০॥

⁽২৮) -- শক্তৈশৈচৰ বিভাগিতা---বন্ধ বৰ্দ্ধ।

দোণপাণ্ডবপর্জন্যাং থড়গশক্তিগদাশনিম্।
শরধারামুপরমাং ভূশং শীতোফদফুলাম্॥৩২॥
খোরাং বিস্মাপনীমুগ্রাং জীবিতচ্ছিদমপ্লবাম্।
তাং প্রাবিশন্নতিভয়াং দেনাং মুদ্ধচিকীর্ষবঃ॥৩৩॥ (বিশেষকম্)
তিম্মিন্ রাত্তিমুখে ঘোরে মহাশব্দনিনাদিতে।
ভীরূণাং ত্রাসজননে শ্রাণাং হর্ষবর্জনে॥৩৪॥
রাত্তিমুদ্ধে মহারাজ! বর্তমানে স্থদারুণে।
শ্রোপমভাদ্রবন্ ক্রুদ্ধাঃ সহিতাঃ পাণ্ডুসঞ্জয়াঃ॥৩৫॥ (য়ুগ্যকম্)

ভারতকৌমুদী

ছ্র্ব্যাধনেতি। যুক্ষং কর্জ্ মিচ্ছব ইতি যুক্ষচিকীর্ধবা, ছ্র্যোধন্ এব প্রোবাতঃ অগ্রবর্তী বার্ধকাং তাম, রথা নাগা গলান্চ বলাহকা মেঘা যক্তাং তাম, বাদিত্রাণাং ঘোষাঃ শকা এব অনিতানি গর্জিতানি যক্তাং তাম, চাপানি ধন্ংছেব বিছাদ্ধলা বিছাদ্ধভাত্তির্ভাং ব্যাপ্তাম, জোণপাশুবা এব পর্জন্তা মেঘা যক্তাং তাম, থজাশক্তিগদা এব অশনয়ে বজা যক্তাং তাম, শরধারা এবাছ নি বৃষ্টিধারাত্তঃ পরমাং মহতীম, ভৃগং শীতোকাভাং সক্ষাং ব্যাপ্তাম, ঘোরাং মহতীম, বিশাপনীং বিশান্তনিকাম, উগ্রাং ভীষণাম, জীবিতচ্ছিদং জীবননাশিনীম, অপ্রবাং তর্বিরহিতাম, অভিভয়াম অভিভয়ধরীম, তাং বর্ষানিশার্পাম, সেনাং প্রাবিশন্। অত্র ছর্ষ্যোধনাদৌ প্রোবাভদ্বাভাবোপঃ শাক্ষং সেনায়াং বর্ষানিশান্তাবোপন্ত আর্থ ইত্যেকদেশ- বিবর্ষিরপক্ষলভারঃ ১০১—৩০।

ভারতভাবদীপঃ

বলাহকা যক্তাম্। চাপবিদ্যান্ধকৈপ স্থৰ জবিদ্যান্তি: ॥৩১॥ শর এব ধাবাঃ অন্তাণ্যের চ পবনো যক্তাং শরধারাম প্রনপদাভ্যাং ভূশমত্যর্থং শীতৈম দুভিফকৈ: প্রশাতিশ্ব সম্লাং ব্যাপ্তাম্ ॥৩২—৩৭।

ইতি দ্রোণপর্বণি নৈলক্ষীয়ে ভাৰতভাৰদীণে চতুল্পিংশদধিকশততমোহধ্যায়: ॥১৩৪॥

বিশাল ও অতিভীষণ সেই তৃইটা সেনাই বর্ষাকালের বাত্রিস্বরূপ হইয়া-ছিল; তৃর্য্যোধন ছিলেন তাহার অগ্রবর্তী বাষু, বথ ও হস্তী সকল ছিল মেঘস্বরূপ, বাজের শব্দ ছিল মেঘের গর্জন, ধনুগুলি ছিল বিচ্যুৎ, জোণ ও পাশুবর্গণ ছিলেন মেঘ, খজা, শক্তি ও গদা ছিল বক্স এবং শরধারা ছিল বৃষ্টিধারা; তখন বিশেষ শীত ও গরম প্রকাশ পাইতেছিল, তাহা বিস্ময় জন্মাইতেছিল, জীবন নষ্ট করিতেছিল, আর তাহা পার কবিবার কেহ ছিল না। উভয়পদের যুদ্ধার্থীরাই তাহার মধ্যে প্রবেশ করিতে লাগিলেন ॥১১—০২॥

⁽৩২)···শরধারাত্তপবনাম্ বা,···শবধারাত্তপবনাং শত্তপাতোমসভ্লাম্—নি। (৬৬)···
নদীং মুছচিকীর্বং—নি।

যে যে প্রমুখতো রাজন্নবর্ত্তন্ত সহাত্মনঃ।
তান্ সর্বান্ বিমুখাংশ্চক্রে কাংশ্চিন্নিন্তে বসক্ষযম্ ॥৩৬॥
তানি নাগদহস্রাণি রথানামযুতানি চ।
পদাতিহযসংঘানাং প্রযুতান্তর্বু দানি চ।
কোণেনৈকেন নারাচৈর্নির্ভিন্নানি নিশামুখে ॥৩৭॥
ইতি শ্রীমহাভারতে শতদাহস্রাং সংহিতায়াং বৈযাদিক্যাং দ্রোণপর্বণি
ঘটোৎকচবধে দ্রোণযুদ্ধে চতুব্রিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চত্ৰিংশদধিকশততমোহধ্যায়ঃ।

----(°*°) -----

ধৃতরাষ্ট্র উবাচ। তন্মিন্ প্রবিষ্টে তুর্দ্ধর্ষে স্বঞ্জয়ানমিতোজসি। অমৃস্থমাণে সংরব্ধে কা বোহভূবৈ মতিন্তদা॥১॥

ভারতকৌমুদী

তিনিন্নিতি। বাত্রিম্থে সন্ধানিবে। অভ্যন্তবন্ অভ্যধাবন্ য়৩৪—৩৫।

য ইতি। প্রম্থতঃ সম্থে। মহাত্মনো লোণতা। নিতে জোণঃ য়৬॥
ভানীতি। নাগানাং গদানাং সহস্রাণি। প্রযুতানি নিষ্তানি। বটুপাদঃ শ্লোকঃ যুণ্য
ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-শ্রীহবিদাসদিকান্তবাগীপভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাধাায়াং জোণপর্বণি ঘটোৎকচবধে

চতু জিংশদধিকশতত মোইধ্যায়: ॥•॥

মহারাজ! মহাশব্দনিনাদিত সেই ভয়ন্কর সন্ধ্যাকালে ভীকজনের ভয়-জনক এবং বীবজনেব আনন্দবৰ্দ্ধক অভিদাৰুণ বাত্তিযুদ্ধ উপস্থিত হইলে, পাওব ও স্প্পয়েরা সম্মিলিত ও কুদ্ধ হইযা জোণেব দিকে ধাবিত হইলেন ॥৩৪—৩৫॥

রাজা! তখন মহাত্মা জোণেব সম্মুখে যে যে উপস্থিত হইতে লাগিল, জোণ তাহাদের সকলকেই বিমুখ কবিতে লাগিলেন এবং ক্তক্গুলিকে যমালযে পাঠাইলেন ॥৩৬॥

সেই প্রদোষকালে সহস্র সহস্র হস্তী, অষ্ত অষুত রথী, বহুনিযুত পদাতি এবং বহু অর্দ অশ্বকে এক জোণই নাবাচদারা বিদীর্ণ করিলেন' ॥৩৭॥

(৩৬) ··আবর্ত্তমহাবধা: বা নি। * ' দিপঞ্চাশদধিকশততমোহধ্যায়:' বন্ধ বর্ত্ত,
' চতুঃপঞ্চাশদধিকশততমোহধ্যায়:' বা বা, ' পঞ্চপঞ্চাশদধিকশততমোহধ্যায়:' নি।

ছুর্ব্যোধনং তথা পুত্রমুক্ত্বা শাস্ত্রাতিগং মস।
যৎ প্রাবিশদমেয়ায়া কিং পার্থঃ প্রত্যপত্যত ॥২॥
নিহতে সৈন্ধবে বীরে ভূরিশ্রবিদি চৈব হি।
যদভ্যগান্মহাতেজাঃ পাঞ্চালানপরাজিতঃ ॥৩॥
কিমমন্তত ছুর্দ্ধর্ম প্রবিষ্টে শক্রতাপনে।
ছুর্ব্যোধনস্ত কিং কুত্যং প্রাপ্তকালমমন্তত ॥৪॥
কে চ তং বরদং বীরমন্বয়ুর্দ্দিজসত্তমম্।
কে বাহস্ত পৃষ্ঠতোহগচ্ছন্ বীরাঃ শূরস্ত যুধ্যতঃ।
কে পুরস্তাদবর্তন্ত নিম্নতঃ শাত্রবান্ রণে॥৫॥

ভারতকৌমূদী

তশিন্নিতি। অমৃশ্রমাণে বিপক্ষাগমনমসহমানে, ,সংরবে কুনে, কা কীদৃশী । ১।
ছুর্য্যোবনমিতি। তথা "বাজন্ ! জ্রমাঃ স্বতং মে ত্বম্" ইত্যাদিপ্রাপ্তক্রপেণ। অমেয়াত্মা
অজ্ঞেয়ণজির্দ্রোণঃ। তত্র পার্থঃ অর্জ্ব্নঃ, প্রক্বণাত্মভাবে পার্থণকেনার্জ্ক্রপ্রেবাভিধানাং ॥২।
নিহত ইতি। নৈদ্ধবে ক্ষমপ্রথে। ষদভ্যগাং, তত্রাপি পার্থঃ কিং প্রত্যপত্ততেত্যসূত্তিঃ । ৩।
কিমিতি। অম্ভত পার্থ এব, ছুর্বের জ্রোণে। প্রাপ্তকালং কালোচিত্রম্ ॥৪॥

ধৃতবাষ্ট্র বলিলেন—'সঞ্চয়! অমিততেজা ও ত্র্দ্ধর্য ডোণ বিপক্ষের আগমন সহা না করিয়া জুদ্ধ হইয়া স্প্রয়ুদৈয়ামধ্যে প্রবেশ কবিলে, তখন ভোমাদের মনেব বৃত্তি কিবাপ হইয়াছিল ? ॥১॥

অজ্ঞেয়শক্তি জোণ শাস্ত্রলজ্ঞনকাবী আমাব পুত্র ছর্য্যোধনকে সেইকপ বলিয়া যখন বিপক্ষসৈশ্রমধ্যে প্রবেশ করিলেন, তখন অর্জ্ঞ্ন কি করিল ? ॥২॥

জয়ত্ত্বথ ও বীব ভূবিশ্রবা নিহত হইলে, মহাতেজা ও অপবাজিত জোণ যখন পাঞ্চাল সৈম্মধ্যে গমন কবিলেন, তখনই বা অৰ্জুন কি কবিল ৷ ॥৩॥

ছুৰ্দ্ধৰ্য ও শক্ৰতাপন জোণ প্ৰবেশ কবিলে, অৰ্জুন কি মনে কবিয়াছিল ? এবং ছুৰ্য্যোধনই বা কোন কাৰ্য্যকে ভংকালোচিত বলিয়া ধারণা করিয়া-ছিল ? ॥৪॥

কাহাবা সেই বরদাতা, বীব ও ব্রাহ্মণশ্রেষ্ঠেব সঙ্গে গিয়াছিল ? কোন্ বীরেবাই বা সেই যুধ্যমান বীবের অনুগমন করিয়াছিলেন ? এবং ডিনি শক্রসংহার কবিতে থাকিলে, কাহাবা তাঁহাব অগ্রবর্তী ছিল ? ॥৫॥

⁽৩) · ষদভ্যয়ান্মহাতে**ছা:** পি।

মন্মেহং পাগুবান্ সর্কান্ ভারদ্বাজশরাদ্দিতান্।
শিশিবে কম্পমানা বৈ কুশা গাব ইব প্রভা ! ॥৬॥
প্রবিশ্য স মহেদ্বাসঃ পাঞ্চালানরিমর্দ্দনঃ।
কথং কু পুরুষব্যান্তঃ পঞ্চমুপজ্ঞগিবান্ ॥৭॥
সর্বের্ যোধেরু চ সঙ্গতেরু রাজ্রো সমেতেরু মহারথেরু।
সংলোড্যমানেরু পৃথগ্বলেরু কে বস্তদানীং মতিমন্ত আসন্॥৮॥
হতাংশৈচব বিষক্তাংশ্চ পরাভূতাংশ্চ শংসি ।
রথিনো বিরথাংশৈচব কুতান্ যুদ্ধেরু মামকান্॥৯॥
তেখাং সংলোড্যমানানাং পাগুবৈহতচেত্সাম্।
আন্ধে তমিদ ময়ানামভবৎ কা মতিস্তদা ॥১০॥

ভারতকৌমূদী

ক ইতি। অবযুং সহাগচ্ছন্। ব্ধাতো যুধানাস্থ। পুরস্তাদরো। বট্পাদঃ শোকং াধা

মস্ত ইতি। ভাবৰাজক জোগক শরৈবর্দিতান্। গাবো গাং ।৬।
প্রবিক্তেতি। নহেখানো মহাধহর্দরং। পঞ্চবং মৃত্যুম্, উপজ্ঞিবান্ প্রাপ্তবান্ ।গা

সর্বেষিতি। সম্বতের্ মিলিতের্। বো মুমাকং নধ্যে, মতিমন্তঃ স্থিববৃদ্ধঃ ।৮।

হতানিতি। বিষক্তান্ ভূতললগান্, শংস্থি জয়স্থবিধাং পবং ব্রবীবি ।১।

তেখামিতি। অদ্ধে অস্কর্বণে, তম্পি অন্ধ্কারে, কা কীপৃশী ।১০।

প্রভাবশালী সঞ্জয়! আমি মনে করি—পাণ্ডবেরা সকলেই জোণের বাণে পীড়িত হইয়া শীতে কুশ গকর স্থায় কাঁপিতেছিল ॥৬॥

মহাধন্থ কি, শক্তমদিন ও পুক্ষশ্রেষ্ঠ জোণ পাঞ্চাল্লৈন্তমধ্যে প্রবেশ করিয়া কি প্রকাবে পঞ্চৰ প্রাপ্ত হইলেন ? ॥৭॥

সঞ্জয়! সেই বাত্তিকালে সমস্ত যোদ্ধা আসিয়া মিলিত হইলে, মহারথেবা আগমন করিলে এবং সৈক্ষেবা পৃথক্ পৃথক্ ভাবে আলোড়িত হইতে থাকিলে, তখন তোমাদের মধ্যে কাহাদেব বৃদ্ধি স্থিব ছিল ? ॥৮॥

সঞ্জয! তুমি বলিয়াছ—পাণ্ডবেবা যুদ্ধে আমাব পক্ষেব বথীদিগকে হত, পতিত, পরাভূত এবং বথশৃত্য কবিয়াছিল ॥১॥

একে তৌমবা গাঢ় অন্ধকারে মগ ছিলে, তাহাতে আবাব পাওবেবা তোমাদিগকে আলোড়ন করিতেছিল। স্মৃতবাং তখন তোমরা প্রায় চৈতগ্র হাবাইয়াছিলে। অতএব সে সময়ে তোমাদেব কিবাপ মনেব বৃত্তি হইয়া-ছিল ? ॥১০॥ প্রহুটাংশৈচবোদগ্রাংশ্চ সম্ভুটাংশৈচব পাগুবান্।
শংসদীহাপ্রহুটাংশ্চ বিত্রস্তাংশৈচব মামকান্॥১১॥
কথমেযাং তদা তত্র পার্থানামপলায়িনাম্।
প্রকাশমগমদোত্রো কথং কুরুষু সঞ্জয়।॥১২॥
সঞ্জয় উবাচ।

রাত্রিযুদ্ধে তদা রাজন্! বর্ত্তমানে স্থদারূপে।

দোণমভ্যদ্রবন্ সর্বের পাণ্ডবাঃ সহ সোমকৈঃ ॥১৩॥

ততো দোণঃ কে কয়াংশ্চ ধৃষ্টত্যুদ্ধস্য চাত্মজান্।

সংপ্রৈয়াং প্রেতলোকং সর্বানিষুভিরাশুগৈঃ ॥১৪॥

তস্ত প্রমুখতো রাজন্! যেংবর্তন্ত মহারথাঃ।

ভান্ সর্বান্ প্রেয়ামাস পিতৃলোকং স্ভারত।॥১৫॥

ভারতকৌমুদী

প্রহানিভি। উদগ্রান্ গর্বোক্ডান্। শংস্বি বদ্বি ।১১।

কথমিতি। পার্থানাং গণ:। কুরুরু চ কথং প্রকাশোহভবদিতি শেবঃ ।১২।

বাঞীতি। অভ্যন্তবন্ অভ্যধাবন্ ।১৩।

ডড ইভি। ইযুভিবাণৈ; আন্তগৈ: শীন্তগামিভি: ।১৪।

एटक्रिं। अम्भक्त ममूर्य। निकृत्नाकः यम्पाकम् ॥५८॥

তুমি বলিতেছ—পাণ্ডবেবা প্রহাষ্ট, গর্বিত ও সম্ভষ্ট ছিল, আর আমার পক্ষের যোদ্ধারা বিষয় ও বিত্তস্ত হইয়া পড়িয়াছিলেন ॥১১॥

সে যাহা হউক, সঞ্চয়। সেই ন্নাত্রিকালে অপলায়ী পাগুবেরা ও কৌর্বেবা কি প্রকারে আলোক পাইয়াছিলেন ?' ॥১২॥

সঞ্জয় বলিলেন—'রাজা! অভিদারুণ সেই রাত্রিযুদ্ধ চলিতে লাগিলে, পাশুবেরা সকলে সোমকগণের সহিত মিলিত হইয়া জোণের দিকে ধাবিত হইলেন ॥১০॥

তাহাব পব জোণ ক্রভগামী রাণসমূহদারা সমস্ত কেকয়গণকে এবং ধৃষ্টহ্যমের পুত্রদিগকে যমলোকে প্রেবণ করিলেন ॥১৪॥

ভরতনন্দন রাজা। তখন যে যে মহারথ আসিয়া জোণের সম্মুখে উপস্থিত হইতে লাগিলেন, জোণ উাহাদেব সক্লকেই যমালয়ে পাঠাইতে থাকিলেন ॥১৫॥

^{(&}gt;>) विखहार्रेक्तव यामकान्—वांनि । (>२) व्यकागमञ्ज्याद्वी वि वि वि ।

প্রমণুন্তং তদা বীরান্ ভারদাজং মহারথম্। প্রভাবর্ত্ত সংক্রুদ্ধঃ শিবী রাজন্! প্রভাপবান্॥১৬॥ তমাপতন্তং সংপ্রেক্ষ্য পাণ্ডবানাং মহাবথম্। বিব্যাধ দশভির্বাণৈঃ সর্ব্বপারশবৈঃ শিতৈঃ ॥১৭॥ তং শিবিঃ প্রতিবিব্যাধ ত্রিংশতা নিশিতৈঃ শরৈঃ। সারথিঞ্চান্ত ভল্লেন স্মমানো অপাত্য়ৎ ॥১৮॥ তন্ত জোণো হ্যান্ হত্বা সারথিঞ্চ মহাত্মনঃ। অথান্ত সশিরস্ত্রাণং শিবঃ কা্যাদপাহরৎ ॥১৯॥ ততোহন্ত সারথিং কিপ্রমন্তং ত্র্যোধনোহদিশং। স তেন সংগৃহীতাশ্বঃ পুনরভাদ্রবন্তিপূন্ ॥২০॥ কলিঙ্গানামনীকেন কালিঙ্গত্ত স্থতো রণে। পূর্ব্যং পিতৃবধাৎ ক্রুদ্ধো ভীমদেনমুপাদ্রবৎ ॥২১॥

ভারতকোস্দী

প্রেতি। প্রমণুস্তমালোডয়ন্তম্। ভাবদান্ধং লোণম্।১৬।

ভর্মিতি। সর্বেষবাবয়বেষু পারশবৈলৌ হমবৈঃ, শিতৈঃ স্থাবৈঃ ১১ १।

ভমিতি। স্বয়মান ঈবদ্ধসন্ ।১৮॥

ডক্রেডি। শিবস্থাণেন লৌহময়েন শিরোবক্ষকাববণেন সহেতি তৎ ।১৯।

তত ইতি। অশ্ব জোণস্ত। অদিশদ্গস্তমাদিশং। সংগৃহীতা অখা যেন স: ।২০।

বাজা। সেই সময়ে মহাবথ জোণ বীবগণকে আলোড়ন কবিতে লাগিলে, প্রতাপশালী শিবি ক্রুদ্ধ হইয়া জোণেব সমূথে উপস্থিত হইলেন ॥১৬॥

পাণ্ডবপক্ষের মহাবথ শিবিকে আগত দেখিয়া জে৷ণ লোহময় স্থধাব দশটা বাণদ্বাবা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১৭॥

তখন শিবি ঈষং হাস্ত কবিয়া ত্রিশটা সুধাব বাণদ্বারা জোণকে প্রতিবিদ্ধ কবিলেন এবং একটা ভল্লদ্বাবা তাঁহাব সাব্যাকে নিপাতিত করিলেন ॥১৮॥

তদনস্তব জোণ মহাত্মা শিবিব অর ও সাবথিকে বধ কবিয়া শিরস্তাণেব সহিত তাঁহার মস্তবটীকে দেহ হইতে হবণ করিলেন ॥১৯॥

তাহাব-পব ছর্য্যোধন সম্বব অক্স সার্থিকে জ্যোণেব রথে যাইবাব আদেশ কবিলেন, তথন সেই সাব্ধি যাইয়া জ্যোণেব অশ্বগুলিকে ধবিল, পরে জ্যোণ জাবাব শক্রপক্ষেব দিকে ধাবিত হইলেন ॥২০॥

⁽১৬) • শিবী বাজা প্রতাপবান্—নি। (২১) নেক্লিক্স স্থতো যুবা • পি, • কলিক্স স্থতো বণে • বন্ধ ।

দ ভীমং পঞ্চিবিদ্ধা পুনবিব্যাধ দপ্তভিঃ।
বিশোকং ত্রিভিরানচ্ছ দ্বজমেকেন পত্রিণা ॥২২॥
কলিঙ্গানাস্ত তং শ্রং ক্রুদ্ধং ক্রুদ্ধো রকোদরঃ।
রথাদ্রথমভিক্রতা মৃষ্টিনা নিজ্বান হ ॥২৩৯
তক্ত মৃষ্টিহতস্থাজো পাণ্ডবেন বলীযদা।
দর্ববাণ্যন্থীনি দহদা প্রাপতন্ বৈ পৃথক্ পৃথক্ ॥২৪॥
তং কর্ণো ভাতরশ্চাম্য নাম্যন্ত পরন্তপ !।
তে ভীমদেনং নারাচৈর্জন্ম রাশীবিষোপমৈঃ ॥২৫॥
ততঃ শক্ররথং ত্যক্ত্যা ভীমো ধ্রুবরথং গতঃ।
ধ্রুবঞ্চাম্যন্তমনিশং মৃষ্টিনা দমপোথয়ং।
দ তথা পাণ্ডপুত্রেণ বলিনাভিহতোহপতং ॥২৬॥

ভাবতকোমূদী

কণিশানামিতি। অনীকেন সৈত্যেন, কালিকত্য কলিকবাজত ।২১॥
স ইতি। বিশোকং নাম ভীমত সাবধিম, আনর্ছদেপীডয়ৎ। পত্তিণা বাণেন ॥২২॥
কলিকানামিতি। বধাং অকীয়াং, বংং কলিকত্য, অভিজ্ঞতা উৎপত্তা ।২৬॥
ভত্তেতি। পাণ্ডবেন ভীমেন। প্রাপতন্ অভঙ্কান্ত ॥২৪॥
ভমিতি। অতা কর্ণতা, নামুদ্যত নাস্কৃত। কয়: প্রকৃত্যু ।২৫।

এদিকে কলিঙ্গরাজের পুত্র পিতৃবধনিবন্ধন পূর্বেই ভীমেব উপবে ক্রুদ্ধ ছিলেন, স্থুতবাং ডিনি কলিঙ্গগৈয় লইয়া ভীমেব দিকে চলিলেন ॥২১॥

ক্রমে তিনি পাঁচটা বাণদ্বাবা ভীমকে বিদ্ধ কবিয়া পুনবায় সাতটা বাণদ্বাবা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং তিনটা বাণদ্বাবা ভীমেব সাবথি বিশোককে, আর একটা বাণদ্বাবা তাঁহার ধ্বদ্ধটাকে তাড়ন করিলেন ॥২২॥

তখন ভীমসেন ক্রুদ্ধ হইয়া আপন রথ হইতে কলিঙ্গরাজপুত্রেব রুপে শাফাইয়া পড়িয়া মৃষ্টিদ্বাবা বীব ও ক্রুদ্ধ কলিঙ্গবাজপুত্রকে আঘাত করিলেন ॥২৩॥

বলবান্ ভীমসেন মুষ্টিদ্বাবা আঘাত করিলে, তৎক্ষণাৎ কলিঙ্গরাজপুত্তের সমস্ত অস্থি পৃথক্ ভাবে ভগ্ন হইয়া গেল ॥২৪॥

পবস্তপ রাজা। তখন কর্ণ ও কর্ণেব প্রাভার। ভীমসেনকে সহ্য করিলেন না। তাঁহারা সর্পতুল্য নাবাচসমূহদ্বাবা ভীমসেনকে আঘাত কবিলেন ॥২৫॥

⁽२०) · दशास्थमिक्श्रिका - नि, मृष्टिनाक्षिषान इ--वा नि। (२७) ग्रस्मिवस्म क्रिम

তং নিহত্য সহাবাজ। ভীমদেনো মহাবলঃ।
জয়বাতরথং প্রাপ্য মূহুঃ দিংহ ইবানদং ॥২৭॥
জয়রাতম্থাক্ষিপ্য নদন্ সব্যেন পাণিনা।
তলেন নাশ্যামাস কর্ণ স্থৈবাগ্রতঃ স্থিতম্ ॥২৮॥
কর্ণস্ত পাণ্ডবে শক্তিং কাঞ্চনীং সম্বাস্তজ্ব।
ততস্তামের জগ্রাহ প্রহুসন্ পাণ্ডুনন্দনঃ ॥২৯॥
কর্ণায় চৈর ভূর্দ্বিশ্চিক্ষেপাজো রকোদরঃ।
তামাপ্তন্তীং চিচ্ছেদ শকুনিস্তৈলপায়িনা॥৩০॥

ভারতকৌমূদী

তত ইতি। শক্রবর্থং কলিশ্ববর্ণম্, ধ্রুবো নাম কন্দিদীবন্তস্ত বর্ণম্। অস্তম্ভং ভীমং প্রত্যেব বাণান্ কিপতুন্। সমপোথম্থ প্রাহ্বং। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৬॥ তমিতি। জ্ববাতোহিপ কৌববপন্ধীয়ং কন্দিদীবন্তস্ত বর্ণম্, প্রাপ্যোহপত্য ॥২৭॥ জ্যেতি। আন্দিপ্য আকৃন্ত, সব্যেন বামেন। তলেন দন্দিণচপেটেন ॥২৮॥ কর্ন ইতি। কাঞ্চনস্ত স্বর্ণস্তেম্মিতি কাঞ্চনী ভাষ্। অণস্তাদীপ্রত্যয়ং ॥২৯॥ কর্ণায়েতি। চিন্দেপ ভামেব শক্তিমিতি শেষং। তৈলপায়িনা তৈলাক্তেন শ্বেণ ।৩০॥

ভদনস্তব ভীমদেন কলিঙ্গবাজপুত্ৰেব বথ হইতে গ্ৰুবেব বথে গমন কবিলেন; ভখন ধ্ব অনবৰত বাণক্ষেপ কবিতে লাগিলে, ভীম ভাঁহাকেও মুষ্টিদারা আঘাত কবিলেন, বলবান্ ভীম সেইভাবে আঘাত কবিলে, গ্ৰুব বথ হইতে পড়িযা গেলেন ॥২৬॥

মহাবান্ধ! মহাবল ভীমদেন ধ্রুবকে বধ কবিয়া জ্বয়বাতের বথে যাইয়া বাব বাব সিংহেব স্থায় গর্জন কবিলেন ॥২৭॥

তৎপবে ভীমদেন গর্জন কবিতে থাকিয়া বামহস্তদাবা জয়বাতকে আকর্ষণ কবিয়া দক্ষিণহস্তেব চপেটাঘাতে কর্ণেব সম্মুখেই জয়বাতকে বিনাশ কবিলেন ॥২৮॥

ভঙ ইভি। সমন্তাৎ সর্বাহ্ম দিশ্ব, পর্যবার্ষদবেষ্টভ । ১। ভঙ ইভি। ভারদান্তেন লোগনৈজেন। অভ্যাদভাগক্তং। বট্পাদোহরং শ্লোক: । ২। অষঠানিভি। অষঠাদয়ো দেশবিশেষা:। গণান্ বোক্সমূহান্ । ৩। অভীভি। নিক্তা দিয়া। শোণিতং ঘনীভূতং বক্তং কর্মন ইব যন্তাং ভাম । ৪।

সঞ্ম বলিলেন—'মহারাজ! ওদনস্তর পাণ্ড্নন্দন যুধিষ্ঠির ও ভীমসেন জাসিয়া সকল দিকে অধ্থামাকে বেষ্টন করিলেন ॥১॥

তথন রাজা ত্র্যোধন জোণসৈক্তে পরিবেষ্টিত হইয়া পাগুবগণের দিকে ধাবিত হইলেন। মহারাজ। ভাহার পর ভীরুজনের ভয়বর্জক ভীষণ যুদ লাগিয়া গেল ॥২॥

ক্রমে যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া অমষ্ঠ, মালব, বঙ্গ, শিবি ও ত্রিগর্তদেশীয় বীর-গণকে যমলোকে প্রেরণ করিতে লাগিলেন ॥৩॥

ভীমসেন—অভীবাহ ও শ্রসেনদেশীয় যুদ্ধর্ম ক্ষত্তিয়গণকে ছেদন করিয়া ক্রিয়া ভূডলৈ রক্তের ক্ষম উৎপাদন করিলেন ॥৪॥

⁽১)... ममखा ९ वर्षा बाब्य म्- नि ।

যৌধেয়ানজিজান্ রাজন্! মজকান্ মালবানিশ।
প্রাহিণোম্ ত্যুলোকায় কিরীটা নিশিতৈঃ শরৈঃ ॥৫॥
প্রগাঢ়মঞ্চোগতিভিনারাচৈরভিতাড়িতাঃ।
নিপেতুর্দ্বিরদা ভূমো দিশৃঙ্গা ইব পর্ব্বতাঃ ॥৬॥
নিরুত্তৈহিস্তিহস্তৈশ্চ, চেন্টমানৈরিতস্ততঃ।
ররাজ বস্থা কীর্ণা বিদর্শন্তিরিবোরগৈঃ ॥৭॥
ক্রিপ্তেঃ কনকচিত্রেশ্চ নৃপচ্ছত্রৈঃ ক্রিতির্বভো।
গ্রোরিবাদিত্যচন্দ্রান্তিগ্র হৈঃ কীর্ণা যুগক্ষয়ে ॥৮॥
হত প্রহরতাভীতা বিধ্যত ব্যবকৃত্তত।
ইত্যাদীত্র মূলঃ শব্যঃ শোণাশ্বস্ত রবং প্রতি ॥৯॥

ভারতকৌমূদী

योध्यानिष्ठि। व्याहित्यार देवज्ञार, किजीन वर्ष्ट्नः ॥ ।।

প্রগাঢ়মিতি। অলোগতিভিক্র তগামিতি:। বিশ্বা ইতানেন বিরদানাং বিদস্তম্ন মাকিপ্তম্ ॥৬॥

নিক্তিবিভি। নিক্তিশিছ্লৈ, হতিনাং হতৈঃ ওঙাভিং, চেটমানৈঃ স্পদ্যানৈঃ ১৭৪ শিগুরিভি। ভৌরাকাশম্। কীণা ব্যাপ্তা, বুগক্ষে প্রলয়কালেট্রাচন হতেভি। অভীতা নির্ভয় ব্যুম, ব্যবকৃত্বত ছিত্ত। শোণাশক্ষ ক্রোণক্ত ১৯৪

এবং রাজা। অর্জুনও সুধার বাণসমূহবারা যৌধেয়, অজিজ, মজ ও মালবদেশীয় যোদাদিগকে যমলোকে পাঠাইতে থাকিলেন ॥৫॥

ভংকালে হস্তী সকল জ্বতগামী নারাচসমূহে গুরুতর তাড়িত হইয়া শৃঙ্গদয়যুক্ত পর্বতসমূহের স্থায় ভূতলে পতিত হইতে লাগিল ॥৬॥

শ্পন্দমান বৃহৎ সর্পসমূহেব স্থায় ছিন্ন ও স্পন্দমান হস্তিশুও সকল নানা দিকে সমরভূমি ব্যাপ্ত করিল ॥৭॥

নানাস্থানে বিক্ষিপ্ত বর্ণবিচিত্র রাজচ্ছত সকল রণস্থলকে ব্যাপ্ত করিল
ভাহাতে প্রলয়কালে চন্দ্রসূর্য্যপ্রভৃতিগ্রহণণব্যাপ্ত আকাশের স্থায় সে রর্ণস্থল
ক্রেশ পাইতে লাগিল ॥৮॥

'ভোমরা নির্ভয় হইয়া বধ কর, প্রহার কর, বিদ্ধ কর ৬ ছেদন কর' ইত্যাকার তুমুল শব্দ জোণের রথের দিকে হইতে থাকিল ৪৯৪

⁽e) বৌধেয়াবট্টরাজ্ঞান্ ··পি, যৌধেয়ারট্টরাজ্ঞান্ · বন্ধ বর্জ।
রিডপ্তভঃ···পি, · লগমানৈরিভন্তভঃ···বন্ধ বর্জ।

দ্রোণস্ত পরমকুদ্ধা বায়ব্যান্ত্রেণ সংষ্গে।
ব্যধমন্তান্ মহাবায়ুর্মেঘানিব তুরত্যয়ঃ ॥১০॥
তে হত্যমানা দ্রোণেন পাঞ্চালাঃ প্রাদ্রবন্ ভয়াৎ।
পশ্যতো ভীমদেনস্থ পার্থস্থ চ মহাত্মনঃ ॥১১॥
ততঃ কিরীটী ভীমশ্চ সহসা সংস্থবর্ত্তাম্।
মহতা রথবংশেন পরিগৃহ্থ বলং তব ॥১২॥
বীভৎস্থদিকিণং পার্থমূত্রঝ্ রকোদরঃ।
ভারদ্বাজ্ঞং শরোঘাভ্যাং মহন্ত্যামভ্যবর্ষতাম্ ॥১০॥
তৌ তদা স্প্রয়াশ্চিব পাঞ্চালাশ্চ মহোজসঃ।
অন্তর্গচ্ছন্ মহারাজ। মহস্তাশ্চ সহ সোমকৈঃ ॥১৪॥

ভারতকোমুদী

ক্রোণ ইতি। ব্যধমং অপাসাবয়ং। ছ্রত্যবো ছ্বতিক্রম: ।>।
ত ইতি। প্রান্তবন্ পলামন্ত। পার্থন্ত অর্জ্নন্ত ।>>।
তত ইতি। সংক্রবর্ত্তাং ত্রোগচ্ছতাম্। রথানাং বংশেন সমূহেন ॥>২॥
বীভংক্রিডি। বীভংক্রর্জ্না, পার্বং পরিগৃফ্ত্যেন্ত্র্বিঃ ।>৩॥
তাবিডি। তৌ ভীমার্জ্নৌ অরগভ্রিতি সমন্তঃ ।>৪।

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—२। ত্রত্যয়ো হ্রতিক্রম: ॥১০—१२॥ ইতি জোণপর্কণি নৈলক্ষ্পীয়ে ভারতভাবদীপে একচন্বাবিংশদধিকশততমোহধ্যায়: ॥১৪১।

তখন ছ্বতিক্রম মহাবায়ু যেমন মেঘ অপসারণ কবে, সেইরূপ পরমকুদ জোণ বায়ব্যান্ত্রদারা ভাহাদিগকে অপসারণ করিলেন ॥১০॥

জোণ বধ করিতে লাগিলে, সেই পাঞ্চালেরা ভয়ে মহাত্মা ভীম ও অর্জুনেব সমক্ষেই পলায়ন করিতে লাগিল ॥১১॥

মহারাজ! তাহার পর ভীম ও অর্জুন বিশাল রথসমূহদারা আপনার সৈক্ত গ্রহণ করিয়া হঠাৎ সেস্থানে উপস্থিত হইলেন ॥১২॥

অর্জুন দক্ষিণ পার্য এবং ভীম উত্তব পার্য গ্রহণ করিয়া বিশাল বাণসমূহ-দ্বারা জোণকে পীড়ন করিতে থাকিলেন ॥১৩॥

সহারাজ! তথন মহাতেজা স্ঞায়, পাঞ্চাল, মংস্ত ও সোমকসৈঞ্চেরা ভীম ও অর্জুনের অমুসরণ করিতে লাগিল ॥১৪॥

⁽১২)...वलः महर- वा नि। ।১৪) छो छवा-वा नि।

তথৈব তব পুত্রস্থা রথোদারাঃ প্রহারিণঃ।

মহত্যা সেনয়া সার্দ্ধং জগ্ম র্দ্রোণরথং প্রতি ॥১৫॥

ততঃ সা ভারতী সেনা বধ্যমানা কিরীটিনা।

তমসা নিদ্রয়া চৈব পুনরেব ব্যদীর্যাত ॥১৬॥

কোণেন বার্যমাণাস্ত সম্বং তব স্থতেন চ।

নাশক্যন্ত মহারাজ! যোধা বারয়িতুং তদা ॥১৭॥

সা পাণ্ডুপুত্রস্থা শরৈদীর্যমাণা মহাচমুঃ।

তমসা সংস্কৃতে লোকে ব্যদ্রবৎ সর্বতোমুখী ॥১৮॥

উৎস্কৃত্য শতশো বাহাংস্তৃত্ত কেচিম্নরাধিপাঃ।

প্রাদ্রবন্ত মহারাজ! ভয়াবিষ্টাঃ সমন্ততঃ ॥১৯॥

সোমদত্তম্ভ সংপ্রেক্ষ্য বিধুয়ানং মহদ্ধসুঃ।

সাত্যকিঃ প্রাহ্ যন্তারং সোমদত্রায় মাং বহ ॥২০॥

ভারতকৌমুদী

তথেতি। বংগাদাবা মহাবথা:। জগুরেণিসাহায্যার্থম্ ॥১৫॥
তত ইতি। ভাবতী কৌববী। তমসা রাত্রাদ্ধকাবেণ। ব্যদীর্ঘত ভগ্না ॥১৬॥,
লোণেনেতি। স্তেন চ্র্যোধনেন ॥১৭॥
সেতি। পাতৃপুত্রসার্জ্নস্ত। ব্যন্তবং পলায়ত, সর্বতোম্থী সর্ক্রিগভিম্থী ॥১৮॥
উৎস্জ্যেতি। বাহান্ রুথাদীন্। প্রাক্রবন্ত পলায়স্ত ॥১৯॥

সেইরূপই আপনার পুত্রের মহাবথ যোদ্ধাবাও বিশাল সৈঞ্ছেব সহিত জোণেব রথেব দিকে যাইতে থাকিলেন ॥১৫॥

তদনস্তর সেই কৌববসৈশ্য অর্জুন বধ কবিতে থাকায়, অন্ধকাবে ও নিজায় আবারও বিশ্লিষ্ট হইতে লাগিল ॥১৬॥

মহারাজ। তখন জোণ এবং আপনার পুত্র স্বয়ং ছর্য্যোধন নিষেধ করিতে থাকিয়াও সেই যোদ্ধাদিগকে বারণ করিতে পারিলেন না ॥১৭॥

অন্ধকাব যখন জগং আর্ভ করিয়াছিল, সেই সময়ে সেই কৌরবসৈছা অর্জুনের বাণে বিদীর্ণ- হইতে থাকিয়া সকল দিকে পলায়ন করিতে থাকিল ॥১৮॥

মহারাজ। কতকগুলি রাজা ভয়াবিষ্ট হইয়া শত শত বাহন পরিত্যাগ ক্রিয়া সকল দিকে পলায়ন ক্রিতে লাগিলেন ॥১৯॥

⁽১৯) ইতঃ প্রম্ '…একোন্ষ্টাধিকশততমোহধ্যায়ঃ' বদ বর্দ্ধ, '… একষ্টাধিক-শততমোহধ্যায়ঃ' বা বা '…বিষ্টাধিকশততমোহধ্যায়ঃ' নি।

নহহন্তা রণে শত্রুং বাহলীকং কোরবাধমন্।
নিবর্ত্তিয়ে রণাৎ সূত ! সত্যমেতদটো মম ॥২১॥
ততঃ সংপ্রৈষয়দ্যন্তা সৈশ্ধবাংস্তান্ মনোজবান্।
তুরঙ্গমান্ শন্ধবর্ণান্ সর্বশন্ধাতিগান্ রণে ॥২২॥
তেহবহন্ যুযুধানস্ত মনোমাক্ষতরংহসঃ।
যথেক্রং হরয়ো রাজন্। পুরা দৈত্যবধোগতম্ ॥২০॥
তমাপতন্তং সংপ্রেক্য সাত্বতং রভসং রণে।
সোমদতো মহাবাহুরসংল্রান্ডোহভাবর্ত্ত ॥২৪॥
বিমুঞ্জন্ শরবর্ষাণি পর্জন্য ইব রৃষ্টিমান্।
ছাদয়ামাস শৈনেয়ং জলদো ভাস্করং যথা ॥২৫॥

-ভারতকোমুদী

त्नारम् । विध्वानः हानक्ष्यम् । यस्त्रात्रः स्नात्रिम् ॥२०॥

নহীতি। বাংলীকভাপত্যমিতি বাংলীক: সোমদত্তম, বাংলীকভ প্রাঙ্নিহতত্বাৎ ।২১। ডত ইতি। বভা সার্থিং, সৈশ্ববান্ সিন্ধ্দেশীয়ান্, মনস ইব জবো বেগো বেলাং ভান্ ।২২।

ত ইতি। যুষ্ধানং সাত্যকিম্। হরয়: অধা: ব্রুটি । অসংপ্রান্ত: অবিচলিড: ।২৪। বিমুঞ্দিতি। পর্জন্তো মেবং। শৈনেয়ং শিনে: পৌত্রং সাত্যকিম্ ।২৫॥

এই সময়ে সোমদত্ত বিশাল ধয়ু সঞ্চালন করিতে করিতে আসিতেছেন দেখিয়া সাত্যকি তাঁহার সার্থিকে বলিলেন—'আমাকে সোমদত্তের দিকে লইয়া চল ॥২০॥

আমি যুদ্ধে কৌরবাধম শুক্র সোমদন্তকে বধ না করিয়া যুদ্ধ হইতে ফিরিব না। সারথি! ইহা আমার সভ্য বাক্য' ॥২১॥

তাহার পর সারখি মনের স্থায় বেগবান্, শব্দের তুল্য শুল্রবর্ণ এবং যুদ্দে সর্বপ্রকারশব্দসূহ সিদ্ধুদেশীয় অবগুলিকে চালাইয়া দিল ॥২২॥

রাজা। পূর্বকালে অখগণ যেমন দৈত্যবধে উছাত ইন্দ্রকে বহন করিত, সেইরূপ মন ও বাযুর ছায় বেগবান্ সেই অখগণ সাভ্যকিকে বহন করিতে লাগিল ॥২৩॥

তখন সাত্যকিকে বেগে আসিতে দেখিয়া মহাবাছ সোমদত্ত অবিচলিত থাকিয়া তাঁহার অভিম্থবর্তী হইলেন ॥২৪॥

⁽२১)...भकः त्रामण्डः महावलम् मि। (२९)...भकः व्यक्ति स्वर्धछ-वा नि।

অসংভান্তশ্চ সমরে সাত্যকিঃ ক্রপুঙ্গবম্।
ছাদয়ামাস বাণোঁছৈঃ সমন্তান্তরতর্বভ! ॥২৬॥
সোমদন্তস্ত তং ষত্যা বিব্যাধোরসি মাধবম্।
সাত্যকিশ্চাপি তং রাজনবিধ্যৎ সায়কৈঃ শিতৈঃ ॥২৭॥
তাবত্যোন্তং শরোৎকৃত্তো ব্যরাজেতাং নরর্বভো।
হুপুজো পুজাসময়ে পুজাতাবিব কিংশুকো ॥২৮॥
রুধিরোক্ষিতসর্বাক্ষে ক্রন্থরিফ্যশন্তরে।
পরস্পরমবৈক্ষেতাং দহস্তাবিব লোচনৈঃ ॥২৯॥
রথমগুলমার্গের্ছ চরন্তাবরিমর্দ্ননো।
খোররূপো হি তাবাস্তাং রৃষ্টিমন্তাবিবান্বদো ॥৩০॥

ভারতকৌযুদী

অসংজ্ঞান্ত ইতি। কুরুপুক্বং সোমদন্তম্ ।২৬।
সোনেতি। বট্টা সায়কৈঃ, উরসি বক্ষসি, মাধবং মধুবংশ্যং সাত্যকিম্ ।২৭।
তাবিতি। শরৈরুৎকৃত্তে ছিরগাত্তো। শোভনানি পুস্থাণি ধ্যোত্তো ।২৮।
ক্ষিরেতি। কুরুব্ফিয়শস্থবো কুরুবংশর্ফিবংশয়োর্যশোজনকো ।২০।
রথেতি। বৃষ্টিমন্তাবিত্যনেন শরব্যিত্মাক্ষিপ্যতে। অসুদৌ মেহৌ ।৩০।

ক্রমে সোমদত্ত জলবর্ষণকাবী মেঘের স্থায় বাণবর্ষণ কবিতে থাকিয়া মেঘ যেমন সূর্য্যকে আর্ভ করে, সেইরূপ সাভ্যকিকে আর্ভ করিলেন ॥২৫॥

ভরতশ্রেষ্ঠ ! সাত্যকিও যুদ্ধে অবিচলিত থাকিয়া বাণসমূহদ্বারা সকল দিকে সোমদত্তকে আচ্ছাদন করিলেন ॥২৬॥

রাজা। তখন সোমদত্ত বাট্টা বাণদ্বাবা সাত্যকির বক্ষ্ত্ল বিদ্ধ করিলেন; আবার সাত্যকিও সুধার বাণসমূহদ্বারা সোমদত্তকে তাড়ন কবিলেন ॥২৭॥

নরশ্রেষ্ঠ সাভ্যকি ও সোমদত্ত পরস্পার শববিক্ষত হইয়া বসস্তকালে স্থলব-পুস্পযুক্ত ঘূইটা কিংগুকর্কের স্থায় শোভা পাইতে লাগিলেন ॥২৮॥

শাত্যকি ও সোমদত্তের সমস্ত অঙ্গই বক্তাক্ত হইয়া গিয়াছিল; সেই অবস্থায় তাঁহারা নয়নদারা দশ্ধ করতই যেন পবস্পাব দৃষ্টিপাত করিতে থাকিলেন ॥২৯॥

শক্রমর্দন সাভ্যকি ও সোমদত্ত রথপথে বিচরণ করিতে থাকিয়া জলবর্ষী ত্ইটা মেঘের স্থায় ভীষণমূর্ত্তি হইয়া উঠিলেন ॥৩০॥

⁽२४)--- नदेतः इस्छो- -दा नि ।

শরসংভিন্নগাত্রো তো সর্বতঃ শকলীকৃতো।
শ্বাবিধাবিব রাজেন্দ্র! দৃশ্যেতাং শরবিক্ষতো॥ ৩১॥
হ্বর্নপুঝেরিয়ুভিরাচিতো তো ব্যরাজতাম।
থান্তোরায়তো রাজন্! প্রায়্রীব বনস্পতী॥ ৩২॥
সম্প্রদীপিতসর্বাক্ষো সায়কৈন্তো মহারথো।
অদৃশ্যেতাং রণে কুজাবুল্কাভিরিব কুপ্তরো॥ ৩০॥
ততো মুধি মহারাজ! সোমদতো মহারথঃ।
অর্জচন্দ্রেণ চিচ্ছেদ মাধ্বস্থ মহদ্দমুঃ॥ ৩৪॥
অথেনং পঞ্চবিংশত্যা সায়কানাং স্যাপ্রথং।
ছরমাণস্বরাকালে পুনশ্চ দশভিঃ শরৈঃ॥ ৩৫॥
তথান্তাজমুরাদার সাত্যকির্বেগবত্তরম্।
পঞ্চভিঃ সায়কৈন্তুর্ণং সোমদত্তমবিধ্যত॥ ৩৬॥

ভারতকোমূদী

শরেতি। শক্দীক্তে থিপ্তিটো। খাবিবৌ শ্বনাথেন সমূ প্রস্থ সহাং ১০১। অবর্থিত। আচিতে ব্যাপ্তদেহো। প্রাবৃধি বর্ধাকালে, বনস্পতী বৃক্ষো ৯০২। সমিতি। সম্প্রদীপিতানি খাপুষ্ণতন্ন প্রকাশিতানি সর্বাণ্যলানি বরোক্ষো ৯০০। তত ইতি। অব্বচন্দ্রেশ অব্বচন্দ্রাকারকলকেন বাণেন, মাধ্যস্ত সাত্যকে: ১০৪। অথেতি। এনং সাত্যকিম্। সমাপ্রং অপীড়য়ং সোমদত্তঃ ১০৫।

রাজ্রশ্রেষ্ঠ ৷ শরগ্রথিত্গাত্র, শরখণ্ডিতাঙ্গ ও শববিক্ষতদেহ সাভ্যকি ও সোমদত্ত ক্রমে তুইটা শেজারুর স্থায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৩১॥

রাজা। স্বর্ণপুথবাণে সাত্যকি ও সোমদত্তের দেহ ব্যাপ্ত হইয়া গিয়াছিল।
স্তরাং বর্ষাকালে খড়োডাব্ত ছ্ইটা বৃক্ষের স্থায় উাহারা প্রকাশ পাইডে
থাকিলেন ১০২॥

মহারথ সাত্যকি ও সোমদন্তের সমস্ত অঙ্গ স্বর্ণপুঝ বাণে উদ্দীপিত করিয়া-ছিল। স্তরাং উন্ধাসমূদ্দীপিত ছুইটা হস্তীর স্থায় তাঁহাদিগকে দেখা যাইতে লাগিল ॥২০॥

মহাবাজু! তাহার পর মহারথ সোমদত্ত একটা অদ্ধচন্দ্রবাণদ্বারা সাত্যকির বিশাল ধনু কাঁটিয়া ফেলিলেন ॥৩৪॥

ভদনস্তব সোমৃদত্ত বরার সময়ে বরান্বিভ হইয়া পঁচিশটা বাণদারা স্থাত্যকিকে পীড়ন করিলেন এবং আবারও দশটা বাণদাবা ভাঁহাকে ভাড়ন করিলেন, ॥৩৫॥ ততোহপরেণ ভল্লেন ধ্বজং চিচ্ছেদ কাঞ্চনম্।
বাহলীকস্থ রণে রাজন্! সাত্যকিঃ প্রহুসন্নিব ॥৩৭॥
সোমদত্তস্থ্যভাতো দৃষ্ট্যা কেছুং নিপাতিতম্।
শৈনেয়ং পঞ্চবিংশত্যা সায়কানাং সমাচিনোৎ ॥৩৮॥
সাছতোহপি রণে কুদ্ধঃ সোমদত্তস্থ ধরিনঃ।
ধকুশ্চিচ্ছেদ সমরে ক্ষুরপ্রেণ শিতেন হ ॥৩৯॥
অথৈনং রুক্মপুঝানাং শতেনানতপর্বণা।
আচিনোদ্ধ্যা রাজন্! ভগ্লদংষ্ট্রমিব দিপম্ ॥৪০॥
অথাত্যজনুরাদায় সোমদত্যে মহারথঃ।
সাত্য কিং ছাদ্যামাস শরর্ষ্ট্যা মহাবলঃ ॥৪১॥

ভারতকৌমুদী

অথেতি। বেগবভবং বাণানাং মহাবেগজনকং স্নৃচ্মিত্যর্থ: ১৩৬।
ভত ইতি। কাঞ্চনস্থায়মিতি কাঞ্চনতম্। বাস্ক্রীকস্থ পূর্ববিষ্যাগ্যানাং সোমদন্তস্থ ১৬৭।
সোমেতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ। শৈনেরং সাত্যকিষ্। সমাচিনোং ব্যাংগাং ১৬৮।
সাম্বত ইতি। সাহতঃ সাত্যকিঃ। শিতেন স্থাবেণ ১৬৯।
অথেতি। ভারীবংখ্রমিত্যানেন সোমদন্তস্য ছিরকামুক্ত্মান্ধিগুম্ ১৪০।
অথেতি। মহারণবাসাহাবলবাচ্চ পীডনেহিসি জ্ঞানসম্ভব ইতি ভাবঃ ১৪১॥

তৎপবে সাভ্যকি স্থৃদৃঢ় অক্স একখানা ধন্থ লইয়া সদ্বর পাঁচটা বাণদ্বাবা সোমদন্তকে বিদ্ধ করিলেন ॥৩৬॥

রাজা! তাহাব পব সাত্যকি হাসিতে হাসিতেই ষেন জক্ত একটা ভল্লদ্বারা সোমদত্তের স্বৰ্ণময় ধ্বন্ধটাকে ছেদন কবিলেন ॥৩৭॥

কিন্তু সোমদত্ত ধ্রজটাকে নিপাভিত দেখিয়াও অকিচলিত থাকিয়াই পঁচিশটা বাণঘারা সাভ্যকিকে ব্যাপ্ত করিলেন ॥৩৮॥

সাত্যকিও ক্রুদ্ধ হইয়া একটা সুধার ক্রুবপ্রদারা ধহুর্দ্ধর সোমদত্তেব ধহু-খানা কাটিয়া ফেলিলেন ॥৩৯॥

রাজা! তৎপবে সাভ্যকি স্বর্ণপুদ্ধ ও নতপর্বর একশত বাণছারা ভগ্নদস্ত ইন্তীর স্থায় ছিমকামুকি সোমদত্তকে বছপ্রকারে ব্যাপ্ত করিলেন ॥৪০॥

তদনস্তর মহারথ ও মহাবল সোমদত্ত অন্ত ধরু লইয়া বাণবৃষ্টিদারা সাত্যকিকে আবৃত করিলেন ॥৪১॥

⁽७२)·· एस्त क्र्रत्थन निष्टम इ--वा मि। (8•)···मण्डन नजनर्सनाः वा नि।

শোষদত্তন্ত সংক্রুদ্ধো রণে বিব্যাধ সাত্যকিঃ।
সাত্যকিং শরজালেন সোমদত্তোহপ্যপীড়য়ৎ ॥৪২॥
দশভিঃ সাত্বত্যার্থে ভীমোহহন্ বাহ্লিকাত্মজম্।
সোমদত্তোহপ্যস্থাতাতঃ শৈনেয়মবধীচ্ছরৈঃ ॥৪৩॥
ততত্ত্ব সাত্বত্যার্থে ভীমসেনো নবং দৃঢ়ম্।
মুমোচ পরিষং ঘোরং সোমদত্তত্য বক্ষদি ॥৪৪॥
তমাপতত্তং বেগেন পরিষং ঘোরদর্শনম্।
ছিধা চিচ্ছেদ সমরে প্রহুসন্নিব কোরবঃ ॥৪৫॥
স পপাত ছিধা চ্ছিন্ন আয়সঃ পরিঘো মহান্।
মহীধরত্যেব মহচ্ছিথবং বক্রদারিতম্ ॥৪৬॥
ততত্ত্ব সাত্যকী রাজন্। সোমদত্তত্য সংযুগে।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন হস্তাবাপঞ্চ পঞ্চভঃ ॥৪৭॥

ভারতকোমুদী

লোমেতি। বিব্যাধ তাডয়ামাস ॥৪২॥

দশভিবিতি। শৈনেয়মবধীং তক্তৈব প্রধানলক্ষাদ্বাদিত্যাশয় ॥৪৬॥

তত ইতি। নবং নবনির্মিত্ম ॥৪৪॥

ভমিতি। কৌববং লোমদত্ত: ॥৪৫॥

স ইতি। আয়সো লোহময়:। শিথবং শৃদ্ধু ॥৪৬॥

ভত ইতি। হন্তাবাপং চর্মনির্মিতং হন্তাববণম্, পঞ্চভ: শবৈ: ॥৪ १॥

ভখন সাত্যকি ক্ৰুদ্ধ হইয়া সোমদতকে বিদ্ধ কবিলেন , আবাব সোমদতত বাণসমূহদ্বাবা সাত্যকিকে পীড়ন করিলেন ॥৪২॥

এই সময়ে ভীমদেন সাত্যকিব সাহায্যের জন্ত দশটা বাণদ্বারা সোমদত্তকে আঘাত করিলেন, সোমদত্তও অবিচলিত থাকিয়া বাণদ্বাবা সাত্যকিকেই প্রহাব কবিলেন ॥৪৩॥

তাহাব পৰ ভীমসেন সাত্যকিব সাহায্য কৰিবাৰ জন্ম সোমদত্তেৰ বক্ষে একটা নৃতন, দৃঢ় ও ভীষণ পৰিঘ নিক্ষেপ কৰিলেন ॥৪৪॥

সেই ভীমদর্শন পবিঘটা বেগে আসিতে লাগিলে, সোমদত্ত হাসিতে হাসিতেই যেন সেটাকে ছই খণ্ডে ছেদন কবিলেন ॥৪৫॥

তখন সেই লৌহময় বিশাল পরিঘটা ছই খণ্ডে ছিন্ন হইয়া বজ্ঞবিদারিড বিশাল পর্বভশৃঙ্গেব স্থায় ভূতলে পতিত হইল ॥৪৬॥

^{(88) •} देखगरनिर्निदः पृष्य् • • दर्षः ।

50

চতুর্ভিশ্চ শরৈস্তর্গং চতুরস্তরগোত্তমান্।
সমীপং প্রেষয়ামাস প্রেতরাজস্থ ভারত! ॥৪৮॥
সারথেশ্চ শিরঃ কায়াদ্ভল্লেনানতপর্বাণা।
জহার নরশাদ্দ্লঃ প্রহ্মন্ শিনিপুঙ্গবঃ ॥৪৯॥
ততঃ শরং মহাঘোরং জ্বলস্তমিব পাবকম্।
মুম্যোচ সাত্বতো রাজন্! স্বর্ণপুঝং শিলাশিতম্ ॥৫০॥
স বিমুক্তো বলবতা শৈনেয়েন শরোত্তমঃ।
ঘোরস্তস্থোরসি বিভো! নিপপাতাশু ভারত! ॥৫১॥
সোহতিবিদ্ধো মহারাজ! সাত্বতেন মহারথঃ।
সোমদত্যে মহাবাহুর্নিপপাত মমার চ ॥৫২॥

ভারতকোমুদী

চতুর্ভিবিতি। তুবপোত্তমান্ সোমদত্তক্তব। প্রেডবারক্ত ধমক্ত ॥৪৮॥
সাবথেরিতি। আনভপর্বণা ঈষদক্রোপাস্তদেশেন ॥৪৯॥
তত ইতি। শিলয়া তত্ত ঘর্ষণেন শিতং তন্কতাস্কং স্থাবমিভার্থ: ॥৫০॥
স ইতি। বিমৃক্তো নিক্ষিপ্ত:। তক্ত সোমদত্তক্ত, উবসি বক্ষসি ॥৫১॥
স ইতি। নিপপাত রথাদিতি শেষ: ॥৫২॥

রাজা। ভদনস্তব সাত্যকি একটা ভল্লঘারা সোমদত্তেব ধন্থ ছেদন কবিলেন এবং পাঁচটা বাণঘারা তাঁহার হস্তাবাপ কাটিয়া ফেলিলেন ॥৪৭॥

ভরতনন্দন। পরে সাত্যকি চারিটা বাণদ্বাবা সম্বই সোমদত্তেব চারিটা উত্তম অশ্বকে যমেব নিকটে প্রেবণ করিলেন ॥৪৮॥

এবং নরশ্রেষ্ঠ সাভ্যকি হাস্ত করিতে করিতে একটা নভপর্ব ভল্লদারা সোমদত্তের সাবথির দেহ হইতে মস্তকটা হবণ করিলেন ॥৪৯॥

বাজা। ত্দনস্তর সাত্যকি স্বর্ণপুঝ, শিলাশাণিত, অগ্নির স্থায় উজ্জ্ব ও মহাভয়ন্কর একটা বাণ নিক্ষেপ করিলেন ॥৫০॥

প্রভূ ভরতনন্দন ৷ বলবান্ সাত্যকি নিক্ষেপ কবিলে, সেই উত্তম ও ভীষণ বাণটা যাইয়া সম্বরই সোমদন্তের বক্ষে পতিত হইল ॥৫১॥

মহাবাজ। সাত্যকি অভ্যস্তবিদ্ধ করিলে, মহাবথ ও মহাবাছ সোমদত্ত রথ হইতে পভিত হইলেন এবং প্রাণভ্যাগ কবিলেন ॥৫২॥

⁽৪৮) ভতশুত্ভিশুব্দু পংস্তাংশ্বগোদ্ধান্ নবা, তুর্ণং তাংশ্বগোদ্ধান্ নি।

তং দৃষ্ট্বা নিহতং তত্র সোমদত্তং মহারথম্।
তাবকাঃ শরবর্ষণ যুয়ধানমুপাত্রবন্ ॥৫০॥
ছাত্যমানং শরৈদ্ ষ্ট্বা যুয়ধানং যুধিষ্ঠিরঃ।
মহত্যা সেনয়া সার্জং জোণানীকমুপাত্রবৎ ॥৫৪॥
ততো যুধিষ্ঠিরঃ কুন্ধন্তাবিকানাং মহাবলম্।
শরৈবিজাবয়ামাস ভারদ্বাজক্ত পশ্যতঃ ॥৫৫॥
শৈক্যানি জাবয়ন্তন্ত জোণো দৃষ্ট্বা যুধিষ্ঠিরম্।
অভিকুদ্রাব বেগেন জোধসংরক্তলোচনঃ ॥৫৬॥
ততঃ হ্ণনিশিতৈর্বাণৈঃ পার্থং বিব্যাধ সপ্তভিঃ।
যুধিষ্ঠিরোহপি সংজুদ্ধঃ প্রতিবিব্যাধ পঞ্চভিঃ ॥৫৭॥
সোহতিবিদ্ধা মহাবাহুঃ স্ফ্রনী পরিসংলিহন্।
যুধিষ্ঠিরক্ত চিচ্ছেদ ধ্রম্জং কাম্মুক্মেব চ ॥৫৮॥

ভারতকোসূদী

ভমিতি। ভাবকাদ্বংশৃক্ষীয়া যোদ্ধারঃ, যুর্ধানং সাত্যকিষ্ 1৫৩।
ছাছেতি। দ্রোণত অনীকং সৈন্তম্, উপাত্রবং অভ্যধাবং 1৫৪।
তত ইতি। বিস্রাবয়ামাস পীড়য়ামাস, ভাবদান্তত কোণত 1৫৫।
সৈন্তানীতি। দ্রাবয়ন্তং নিপীডিয়ন্তম্। অভিত্তাব অভিদ্ধাব 1৫৬।
তত ইতি। পার্থং পৃথায়াঃ পুত্রং প্রকবণাদ্র্যিষ্টিরম্। পঞ্চত্রিশৈঃ 1৫৭।
স ইতি। স মহাবাহর্দ্রোণঃ, স্কণী ওঠপ্রান্তৌ, পবিসংলিহ্ন্ রসনয়া স্পুশন্ 1৫৮।

তখন মহারথ সোমদত্তকে নিহত দেখিয়া আপনাব পক্ষের যোদ্ধারা বাণ-বর্ষণ করিতে করিতে সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥৫৩॥

ক্রমে সাত্যকিকে বাণে আর্ড দেখিয়া যুধিষ্ঠির বিশাল সৈত্যের সহিত ডোণসৈত্যের দিকে চলিলেন ॥৫৪॥

ভাহার পর যুধিষ্ঠির ক্রেছ হইয়া বাণদারা জোণের সমক্ষেই আপনার বিশাল সৈম্ভকে পীড়ন করিডে লাগিলেন ॥৫৫॥

যুখিষ্টির কৌরবসৈম্ম পীড়ন করিতেছেন দেখিয়া জোণ ক্রোধে আরক্তনয়ন হইয়া বেগে তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥৫৬॥

ভদনস্তর জোণ স্থার সাডটা বাণদার৷ যুধিষ্টিরকে বিদ্ধ করিলেন ; তথন যুধিষ্টিরও অত্যস্তকুদ্ধ হইয়া পাঁচটা বাণদাবা জোণকে প্রতিবিদ্ধ করিলেন ॥৫৭॥

⁽৫৩) পো সদত্তং সহারখা:। সহতা শববর্ষেণ বা নি।

স চিহমধরা ছরিতত্ত্বাকালে নৃপোত্তমঃ।

অন্তদাদত্ত বেগেন কাম্মুকং সমরে দৃঢ়ম্॥৫৯॥
ততঃ শরসহত্রেণ দ্রোণং বিব্যাধ পার্থিবঃ।
সাধসূতধ্বজরথং তদত্ত্তমিবাভবৎ ॥৬০॥
ততো মূহুর্তং ব্যথিতঃ শরপাতপ্রপীড়িতঃ।
নিষসাদ রথোপত্বে দ্রোণো ভরতসত্তম! ॥৬১॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং মূহুর্তাদ্বিজসত্তমঃ।
কোধেন মহতাবিফৌ বায়ব্যান্ত্রমবাস্থলৎ ॥৬২॥
অসংজ্রাস্ততঃ পার্থো ধনুরাক্বয় বীধ্যবান্।
ততন্তব্রমস্ত্রেণ স্তম্ভ্যামাস ভারত!।
চিচ্ছেদ চ ধনুর্দীর্ঘং ব্রাক্ষণস্ত চ পাগুবঃ ॥৬০॥

ভারতকৌমদী

স ইতি। প্রাকালে স্বরপ্রতিপ্রহারাভাবশুক্বাৎ। আদন্ত অগৃহাৎ ।৫৯।
তত ইতি। অবিতীয়বীরক স্লোপস্ত তথা তাড়ন্থেবাড়্তমিতি ভাবং ।৬০।
তত ইতি। নিবসান উপবিবেশ, রথস্থ উপবেশনস্থানে ।৬১।
প্রতীতি। সংজ্ঞাং চৈতন্তম্। অবাস্থাৎ ক্যক্ষিপ্ৎ ।৬২।
অসমিতি। পার্থো মুধিন্তিবং। অস্ত্রেণ শৈলান্তেণ। বটুপাদোহয়ং শ্লোকং ॥৬৩।

মহাবাছ জোণ অভ্যস্তবিদ্ধ হইয়া ওষ্ঠপ্রাস্ত লেহন কবত: যুধিষ্ঠিরের ধ্বন্ধ ও ধনু কাটিয়া ফেলিলেন ॥৫৮॥

ধমু ছিন্ন হইলে, রাজশ্রেষ্ঠ যুখিন্ঠির হ্বার সময়ে হ্রান্থিত হইয়া বেগে অস্ত একখানা দৃঢ় ধনু গ্রহণ করিলেন ॥৫৯॥

তাহার পর যুধিষ্ঠির বহুসংখ্যক বাণদারা অশ্ব, সার্থি, ধ্বদ্ধ ও রুপের সহিত জোণকে বিদ্ধ করিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৬০॥

ভরতশ্রেষ্ঠ ৷ তৎপরে জোণ যুধিষ্ঠিরের শরপ্রহারে পীড়িত ও ব্যথিত হইয়া মুহুর্ত্তকাল রথমধ্যে উপবেশন করিলেন ॥৬১॥

ভদনস্তর জোণ মুহূর্ত্তমধ্যে চৈতস্থলাভ করিয়া মহাক্রোধাবিষ্ট হইয়া বায়ব্যাস্ত্র নিক্ষেপ কবিলেন ॥৬২॥

ভরতনন্দন! তাহার পর বলবান্ যুধিষ্ঠির অবিচলিত থাকিয়া ধন্থ আকর্ষণ করিয়া শৈলান্ত্রদারা সেই বায়ব্যান্ত্র স্তম্ভিত করিলেন এবং জোণের বিশাল ধন্থ কাটিয়া ফেলিলেন ॥৬৩॥

⁽७२) .. वाष्ट्रवाञ्चः नगान्ध्वर...नि । (७७)... उपञ्चमद्यव दर्ष । नि ।

ততোহত্তবীদান্তদেবঃ কৃন্তীপুত্রং যুধিন্তিরম্।

যুধিন্তির! মহাবাহো! যদ্ধাং বক্ষ্যামি তচ্ছূ পু ॥৬৪॥

উপারমম্ব যুদ্ধে দ্বং দ্রোণান্তরতসত্তম!।

গৃধ্যতে হি সদা দ্রোণো গ্রহণং তব সংযুগে ॥৬৫॥

নামুরূপমহং মন্তে যুদ্ধমশু দ্বয়া সহ।

যোহশু স্ফৌ বিনাশার স এবৈনং হনিয়তি॥৬৬॥

পরিবর্জ্য গুরুং যাহি যত্র রাজা স্ক্রমেয়তে॥৬৭॥

কাজ্রা রাজা হি যোদ্ধব্যো নারাজ্ঞা যুদ্ধমিয়তে॥৬৭॥

তত্র দ্বং ব্রজ কোন্তের। হস্ত্যশ্বরথসংবৃতঃ।

যাবন্মাত্রেণ চ ময়া সহায়েন ধনঞ্জয়ঃ।

ভীমশ্চ বথশার্দ্ধিলো যুধ্যতে কৌরবৈঃ সহ॥৬৮॥

ভারতকোমুদী

তত ইতি। অত্র বাহ্নদেবস্থোৎকণ্ঠা ব্যক্তাত ইতি বস্তুনা বস্তুধ্বনিঃ ॥৬৪॥
উপেতি। উপাবমন্থ বিবতো তব। গৃধ্যতে ইছ্ডি ॥৬৫॥
নেতি। অহুবপং সঙ্গতম্। যো ধৃষ্টদায়ঃ ॥৬৬॥
পরীতি। গুরুং জ্রোণম্। হি ধন্মাং। সর্ব্বাধা সমান্ত্রাশিষ্কা ॥৬৭॥
তত্ত্তেতি। যাবন্নাত্রেণ কালেন, তাবংকালেন তেনৈব সহ যুধ্যস্থ। বট্পাদঃ শ্লোকঃ ॥৬৮॥

তৎপরে কৃষ্ণ কৃষ্টীনন্দন যুধিষ্ঠিবকে বলিলেন—'মহাবাছ আর্য্য যুধিষ্ঠির। আমি আপনাকে যাহা বলিব, ভাহা আপনি শ্রবণ ককন ॥৬৪॥

ভরতশ্রেষ্ঠ। আপনি জোণের সহিত যুদ্ধ হইতে বিরত **হউন।** কারণ, জোণ সর্ব্বদাই যুদ্ধে আপনাকে ধরিবার ইচ্ছা করেন ॥৬৫॥

অতএব আপনার সহিত উহার যুদ্ধ আমি সঙ্গত মনে করি না। তবে বিধাতা উহার বিনাশের জন্ম বাঁহাকে সৃষ্টি করিয়াছেন, তিনিই উহাকে বধ কবিবেন ॥৬৬॥

স্থতরাং রাজা ছর্য্যোধন যেস্থানে রহিয়াছেন, আপনি জোপকে ত্যাগ কবিয়া সেই স্থানে যান। কারণ, রাজা রাজার সহিতই যুদ্ধ করেন, কিন্তু অরাজার সহিত যুদ্ধ করিবাব ইচ্ছাও করেন না ॥৬৭॥

কুন্তীনন্দন! যে পর্যান্ত আমাকে সহায় করিয়া অর্জুন এবং রথিশ্রেষ্ঠ ভীম কৌববগণের সহিত যুদ্ধ করেন, সে পর্যান্ত আপনি হন্তী, অশ্ব ও রথে পরিবেষ্টিত হইয়া সেইখানে যাইয়া যুদ্ধ করুন' ॥৬৮॥

⁽৬৫) উপাবমন্ব যুদ্ধায় ···পি বন্ধ বৰ্ধ। (৬৬) ···স এনং খে। হনিক্সভি ···পি বন্ধ বৰ্ধ।

বাহ্নদেববচঃ শ্রুত্বা ধর্মরাজো যুধিন্ঠিরঃ।

মূহূর্ত্তং চিন্তয়িত্বা তু ততো দারুণমাহবম্ ॥৬৯॥
প্রায়াদ্জ্রুত্বমনিত্রয়ো যত্র ভীমো ব্যবস্থিতঃ।
বিনিম্নংস্তাবকান্ যোধান্ ব্যাদিতাস্থ ইবান্তকঃ॥৭০॥
রথঘোষেণ মহতা নাদয়ন্ বস্থধাতলম্।
পর্জন্য ইব ঘর্মান্তে নাদয়ন্ বৈ দিশো দশ ॥৭১॥ (বিশেষকম্)
ভীমস্থ নিম্নতঃ শত্রুন্ পার্ফিং জগ্রাহ পাণ্ডবঃ।
ক্রোণোহপি পাণ্ডুপাঞ্চালান্ ব্যধমন্তক্ষনীমুখে॥৭২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং জ্রোণপর্বাণি
ঘটোৎকচবধে সোমদত্তবধে একচন্থারিংশদধিক-

শততমোহধ্যায়ঃ॥০॥ *

ভারতকোয়দী

বাৰিতি। আহবং যুদ্ধন্। প্ৰায়ানগচ্ছং, অমিত্ৰয়: শত্ৰুহস্তা। ব্যাদিতাতঃ প্ৰকটিত-বদনঃ। পৰ্জন্তো মেঘঃ, ঘৰ্মান্তে গ্ৰীমকালাপগমে ১৬৯—৭১॥

ভীমত্তেতি। পার্কিং পশ্চাম্ভাগম্, পাগুবো যুধিষ্টিরং। ব্যধমৎ ব্যনাশরৎ রণ্ডা ইতি মহামহোপাধ্যার-ভাবতাচার্ব্য-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্ঘ্যবিবচিতারাং মহাভাবত-টীকারাং ভাবতকৌমূদীসমাধ্যারাং ক্রোণপর্বাণি ঘটোৎকচবধে একচন্তারিংশদ্ধিকশতত্যোহধ্যারঃ ॥•॥

---(::)----

কৃষ্ণের কথা শুনিয়া শত্রুহন্ত। ধর্মরাজ বৃধিষ্ঠির একটু কাল চিন্তা করিয়া তাহার পর—ভীমসেন আপনার পক্ষের যোদ্ধাদিগকে সংহার করিতে থাকিয়া যে স্থানে বিবৃত্তবদন যমের স্থায় অবস্থান করিতেছিলেন, সম্বর সেই স্থানে গমন করিলেন। গ্রীম্মকাল অভীত হইলে মেঘ যেমন দশ দিক্ নিনাদিত করিয়া গমন কবে, সেইকাপ তৎকালে যুধিষ্ঠির বিশাল রথশকে সমরভূমি নিনাদিত করিয়া গমন করিয়াছিলেন ॥৬৯—৭১॥

ভীমসেন শক্ত সংহাব করিতেছিলেন, সেই অবস্থায় যুধিষ্ঠির যাইয়া তাঁহার পশ্চান্তাগ গ্রহণ কবিলেন। এদিকে জোগও সেই রাত্রিব প্রথমভাগে পাশুব-সৈক্ত ও পাঞ্চালসৈক্ত বিনাশ কবিতে লাগিলেন' ॥৭২॥

^{* &#}x27;···ষষ্টাধিকশততমোহধ্যায়া' বন্দ বন্ধ, '···ছিষ্ট্যধিকশততমোহধ্যায়া' বা রা, '···জ্বিষ্টাধিকশততমোহধায়া' নি।

দ্বিচত্বারিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ।

----(°#°)----

সঞ্জয় উবাচ।

বর্ত্তমানে তথা যুদ্ধে ঘোররূপে ভয়াবহে।
তমসা সংবৃতে লোকে রজসা চ মহীপতে!।
নাপশ্যন্ত রণে যোধাঃ পরস্পরমবহিতাঃ ॥১॥
অমুমানেন সংজ্ঞাভিযুদ্ধং তদ্বতে মহং।
নরনাগাশ্বমথনং পরমং লোমহর্ষণম্ ॥২॥
ডেরাণকর্ণক্রপা বীরা ভীমপার্যতসাত্যকাঃ।
অত্যোত্যং ক্ষোভয়ামাহঃ সৈন্থানি নৃপসত্তম!॥৩॥
বধ্যমানানি সৈন্থানি সমন্তাত্তৈর্মহারপ্রেঃ।
তমসা রজসা চৈব সমন্তাদ্বিপ্রতুক্তবঃ ॥৪॥

ভারতকোমুদী

বর্ত্তেতি। তমসা রাত্তেবদ্ধকাবেণ, বজসা ধূলিজালেন। ষট্পাদোহয়ং শ্লোক: ॥১॥ অন্থিতি। সংজ্ঞাভিন্মিভি:। নরা নাগা গলা অস্থান্চ মধ্যত্তে অস্মিন্নিভি তৎ ॥২॥ জ্যোণেভি। পার্যতো ধৃষ্টভূয়ে:, সাত্যক: সাভ্যকি: ॥৩॥ বধ্যেভি। সমস্তাৎ সর্বাস্থ দিকু। বিপ্রাভূক্তবু: প্রায়াঞ্চক্রিরে ॥৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা। সেইরূপ ভয়ন্ধর মহাযুদ্ধ চলিতে লাগিলে এবং অন্ধকারে ও ধূলিজালে সমস্ত লোক আবৃত হইলে, রণস্থলস্থিত যোদ্ধারা পরস্পর দেখিতে পাইতে লাগিলেন না ॥১॥

তখন অনুমান ও নামশ্রবণদারাই সেই লোমহর্ষণ মহাযুদ্ধ চলিতে থাকিল , তাহাতে হস্তী, অশ্ব ও পদাতি মথিত হইতে লাগিল ॥২॥

রাজশ্রেষ্ঠ ! কুকপক্ষেব জোণ, কর্ণ-ও কুপ এবং পাণ্ডব্পক্ষের ভীম, ধৃষ্টহাম ও সাত্যকি পরস্পরের সৈম্যদিগকে বিক্ষুক্ত করিয়া তুলিলেন ॥৩॥

সেই মহারথেরা সকল দিকেই বধ করিতে থাকিলে, একতঃ মৃত্যুভয়ে, দ্বিতীয়তঃ অন্ধকারে ও ধূলিজালে দেখিতে না পাওয়ায় উভয়পক্ষের সৈত্যেরাই পলায়ন করিতে লাগিল ॥৪॥

⁽२) ... ववृद्ध महर... वा नि ।

তে সর্বতো বিদ্রবস্তো যোধা বিত্রস্তলোচনাঃ।
অহন্যস্ত মহারাজ! ধাবমানাশ্চ সংযুগে ॥৫॥
মহারথসহস্রাণি জন্ম রন্যোন্যমাহনে।
অক্ষে তমসি মূঢ়ানি পুত্রস্থ তব মন্ত্রিতঃ ॥৬॥
ততঃ সর্বাণি সৈন্যানি সেনাগোপাশ্চ ভারত!।
অমুহন্ত রণে তত্র তমসা সংরতে সতি॥৭॥

ধৃতরাষ্ট্র উবাচ।
তথাং সংলোড্যমানানাং পাগুবৈনিহতোজসাম্।
অন্ধে তমসি মগানামাসীৎ কা বো মতিস্তদা ॥৮॥
কথং প্রকাশস্তেষাং বা মম সৈম্মস্ত বা পুনঃ।
বস্থুব লোকে তমসা তথা সঞ্জয়। সংবৃতে ॥৯॥

ভারতকৌমুদী

ত ইতি। বিজ্ঞবন্ধঃ প্লায়মানাঃ, বিজ্ঞজান জাসেনাছিবাণি লোচনানি বেষাং তে । এ।
মহেতি। অন্ধে অন্ধ্যজনকে, মৃঢ়ানি কর্ত্তবাক্তবাজ্ঞানহীনানি ॥৬॥
তত ইতি। সেনাং গোপয়ন্তি বক্ষতীতি তে। অমৃষ্ট কার্য্যাকার্যজ্ঞানশূলা আসন্ । ৭॥
তেবামিতি। তেষাং মম সৈল্পানাং মধ্যে। কা কীদৃশী, বে। মুমাকম্ ॥৮॥
কথমিতি। প্রকাশ আলোকঃ, তেষাং পাশুবসৈক্যানাম্। লোকে কগতি ।৯॥

মহারাজ! তখন দেই যোদ্ধাবা ভয়ে অস্থিবনয়ন হইয়া পলায়ন ও ছুটা-ছুটি করিবাব অবস্থাতেই নিহত হইতে লাগিলেন ॥৫॥

বাজা। আপনাব পুত্রের কুমন্ত্রণার ফলে মহারথেরা গাঢ় অন্ধকারে কর্তব্যাকর্তব্যজ্ঞানহীন হইয়া যুদ্ধে প্রস্পব সংহার করিতে লাগিলেন ॥৬॥

ভবতনন্দন! ক্রমে রণস্থ অন্ধকারে আবৃত হইলে, সমস্ত সৈয় ও সেনা-পতি কর্ত্তব্যক্তব্যজ্ঞানশৃষ্ম হইয়া পড়িলেন' ॥৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্গয়! আমার সৈক্সেরা একতঃ গাঢ় অন্ধকারে মগ্ন ছিল, তাহাতে আবাব পাশুবেরা তেজ নষ্ট করিয়া তাহাদিগকে আলোড়ন ক্রিডেছিল; সেই সময়ে তোমাদের মনের ভাব ক্রিকপ হইয়াছিল ? ॥৮॥

জগংটা অন্ধকারে সেইরূপ আবৃত হইলে, পাওবসৈয়ের এবং আমার সৈম্মেরই বা কি ভাবে আলোক হইয়াছিল ?' ॥১॥

⁽e)···ংযাধা বিধান্তচেতনাঃ···নি বা। (৮)·· জাসীং কা বা গভিত্তদা—বা,·· জাসীং কিং বো মনজনা—নি।

সঞ্জয় উবাচ।

ততঃ সর্বাণি সৈন্থানি হতশিষ্টানি যানি বৈ।

সেনাগোপ্ত নথাদিশ্য পুনর্ গ্রমকল্পয়ন্॥১০॥

দোণঃ পুরস্তাজ্জ্বনে তু শল্যস্তথা দ্রোণিঃ পার্শতঃ সৌবলক্ত।

স্বয়স্ত সর্বাণি বলানি রাজন্! রাজাভ্যয়াদ্গোপয়ন্ বৈ নিশায়াম্।

উবাচ সর্বাংশ্চ পদাতিসংঘান্ ছুর্যোধনঃ পার্থিব! সাম্বপূর্বম্॥১১॥

উৎস্ক্র্যে সর্বের পরমায়্রধানি গৃহ্লীত হস্তৈজ্ব লিতান্ প্রদীপান্।

তে চোদিতাঃ পার্থিবসন্তমেন ততঃ প্রহুন্টা জগৃহুঃ প্রদীপান্॥১২॥

সা ভূয় এব ধ্বজিনী বিভক্তা ব্যরোচতায়িপ্রভ্য়া নিশায়াম্।

মহাধনৈরাভরণেক্ত দিব্যঃ শক্ত্রেশ্চ দীপ্রৈরভিসংপতদ্বিঃ।

ক্রণেন সর্বের বিহিতাঃ প্রদীপাঃ প্রাদীপয়ংক্চ প্রজিনীং তবাশু॥১০॥

সর্বাস্ত সেনা ব্যতিসেব্যমানাঃ প্রদাতিভিঃ পাবক্তিলহক্তঃ।

প্রকাশমানা দদ্শুনিশায়াং যথান্তরীক্ষে জলদান্তভিন্তিঃ॥১৪॥

ভারতকৌমূদী

তত ইতি। সেনাগোপ্তুন্ সেনাপতীন্, আদিশ্ব অফ্জাপা ।১০॥
ভোগ ইতি। জ্বনে মধ্যভাগে। বাজা ছ্র্যোধনং, গোপয়ন্ বৃষ্ণ্ । ষট্পাদং শ্লোকং ॥১১॥
ভিৎস্জ্যেতি। চোদিতাং প্রেবিতাং, পার্থিবসন্তমেন ছ্র্যোধনেন ॥২২॥
সেতি। ধ্বজ্বিনী সেনা, বিভক্তা বৃহ্বল্পনাং। মহাধনৈর্মহামূল্যাং। বট্পাদং ॥১৩॥

সঞ্জয় বলিলেন—'মহাবাজ। হতাবশিষ্ট যে সকল সৈত্য ছিল, তাহারা সকলে সেনাপতিগণের আদেশ লইয়া পুনরায় ব্যহ বচনা কবিল ॥১০॥

রাজা। সেই ব্যহেব সম্মুথে জোণ, মধ্যভাগে শল্য, ছই পার্থে অশ্বত্থামা ও শুকুনি রহিলেন এবং স্বথং ছ্র্যোধন সমস্ত সৈম্ম রক্ষা কবতঃ যাইতে লাগিলেন। নবনাথ। তখন ছ্র্যোধন কোমলভাবে সমস্ত পদাতিকে বলিলেন—॥১১॥

'পদাতিগণ। ভোমরা অস্ত্র পবিত্যাগ কবিয়া হস্তে প্রজ্ঞলিত প্রদীপ ধারণ কর'। তুর্য্যোধন সেইকপ আদেশ কবিলে, পদাতিবা আনন্দিত হইয়া প্রদীপ ধাবণ কবিল ॥১২॥

তদনম্ভর সেই বিভক্ত কৌববদৈক্ত বাত্তিতে অগ্নি, মহামূল্য অলম্কার এবং অলৌকিক ও উজ্জ্বল পতনশীল অস্ত্রের আলোকে আলোকিত হইল। এইভাবে প্রম্ক্রলিত প্রদীপ সকল ক্ষণকালমধ্যেই আপনাব সৈত্য আলোকিত কবিল॥১০॥

⁽১১) ... क्र ভবর্মা সৌবলশ্চ । বা নি। (১৪) । প্রকাশ্যমানা দদৃভঃ । পি বা নি।

প্রকাশিতায়ান্ত ততো ধ্বজিন্তাং দ্রোণোহয়িকয়ঃ প্রপতন্ সমন্তাৎ।
ররাজ রাজেন্দ্র! স্থবর্ণবর্ণ্যা মধ্যং গতঃ সূর্য্য ইবাংশুমালী ॥১৫॥
জাম্বনেশাভরণেষ্ চৈব নিক্ষেষ্ শুদ্ধেষ্ শরাসনেষ্।
গীতেষ্ শস্ত্রেষ্ চ পাবকন্ত প্রতিপ্রভান্তত্ত ততো বভূবুঃ ॥১৬॥
গদাশ্চ শৈক্যাঃ পরিঘাশ্চ শুলা রথেষ্ শক্তাশ্চ বিরর্ত্তমানাঃ।
প্রতিপ্রভারশ্যিভিরাজমীয় ! পুনঃ পুনঃ সংজনয়ন্তি দীপান্ ॥১৭॥
ছত্রাণি বালব্যজনানি খড়গা দীপ্তা মহোক্ষাশ্চ তথৈব রাজন্ ! ।
ব্যাম্ব্রিমানাশ্চ স্থবর্ণমালা ব্যায়চ্ছতাং তত্র তদা বিরেজ্ঃ ॥১৮॥

ভারতকোমূদী

সর্বা ইতি। তন্তাং নিশায়াম, পাবকাল্চ তৈলানি চ হত্তেষ্ বেষাং তৈঃ তৈলায়িযুক্ত-প্রদীপহত্তৈরিভার্থ: পদাতিভিঃ, ব্যতিসেব্যমানাঃ প্রস্পাবমাশ্রীয়মাণাঃ, অতএব প্রকাশমানা দৃষ্টিযোগ্যাঃ, সর্বান্ত উভয়পক্ষীয়া এব সেনাঃ, ঘণা অন্তবীক্ষে তডিভির্জনদা মেঘা দৃষ্ঠক্ষে, ভণা দৃষ্ঠঃ সর্বৈদিদৃশিবে। কর্মণাশি প্রশৈপদমার্যম্ ১১৪ঃ

প্রেতি। প্রপতন্ বিচবন্। মধাং গগনত। অংশুমালী কিবণ্চয়শালী ॥>ঁ৫।
ভাষ্ন্দেখিতি। ভাষ নদেষ্ অর্ণময়েষ্, নিষেষ্ বক্ষোভ্যণেষ্, শুছেষ্ অর্থচিত ছাত্জালেষ্,
শরাসনেষ্ ধায়ংষ্। পীতেষ্ নির্মালেষ্। প্রতিপ্রভাঃ প্রতিবিদাঃ ॥১৬॥

গদা ইভি। শিক্যং লোহসাবন্তেন নির্মিতা ইভি শৈক্যা:। বিবর্ত্তমানা বিভ্যমানা:। প্রতিপ্রভাবশিক্তি: প্রতিবিশ্বকিবলৈ:, হে আজমীত। অজমীতবংশীয়া ॥১৭॥

ছ্মাণীতি। বালব্যজনানি চামবাণি। ব্যায়চ্ছতাং যুদ্ধব্যায়ামং কুর্বভাম্ ॥১৮॥

পদাভিরা প্রদীপ ধাবণ করিয়া প্রস্পর আমুকুল্য কবিতে লাগিলে, আকাশে বিছাৎ ক্ষুরিভ হইলে মেঘ যেমন বাত্তিভেও দৃষ্টিগোচ্ব হয়, সেইরূপ সমস্ত সৈক্ষই প্রকাশিত হইয়া রাত্তিভেও দৃষ্টিগোচ্র হইতে লাগিল ॥১৪॥

বাজশ্রেষ্ঠ । তথন সমস্ত সৈশ্বই প্রকাশ পাইলে, স্বর্ণবর্দ্মধাবী, অগ্নির তুল্য তেজস্বী এবং সকল দিকে বিচরণকারী জোণ—আকাশমধ্যবর্তী বিবণসমূহশালী স্ব্যেব স্থায় দীপ্তি পাইতে লাগিলেন ॥১৫॥

তথন স্বৰ্ণময় বক্ষোভূষণ, স্বৰ্ণময় অক্সান্ত অলঙ্কাৰ, স্বৰ্ণখচিত ধনু এবং নিৰ্মাল অন্তৰ্সমূহে প্ৰদীপাগ্নির প্ৰতিবিশ্ব সকল পতিত হইল ॥১৬॥

অজমীচনন্দন রাজা। লোহসার-(ইস্পাত) নির্মিত গদা, শুল্রবর্ণ পরিঘ এবং বথস্থিত শক্তি সকল আপন আপন অঙ্গে পতিত প্রদীপপ্রতিবিম্বেব কিরণদ্বাবা অনববত প্রদীপেব কার্য্য করিতে লাগিল॥১৭॥

⁽⁾e) প্রভণন্ সমস্তাৎ · বা नि।

শস্ত্রপ্রভাভিশ্চ বিরাজমানং দীপপ্রভাভিশ্চ তদা বলং তং।
প্রকাশিতঞ্চাভরণপ্রভাভিভূশং প্রকাশং নৃপতে! বছুব ॥১৯॥
পীতানি শস্ত্রাণ্যস্থাক্ষতানি বীরাবধূতানি তকুচ্ছদানি।
দীপ্রাং প্রভাং প্রাজনয়ন্ত তত্র তপাত্যয়ে বিহ্যদিবান্তরীক্ষে ॥২০॥
প্রকম্পিতানামভিঘাতবেগৈরভিদ্বতাঞ্চাপততাং জবেন।
বজুণায়কাশন্ত তদানরাণাং বায়ীরিতানীব মহাদুজানি ॥২১॥
মহাবনে দারুময়ে প্রদীপ্তে যথা প্রভা ভাস্করস্থাধিকা স্থাৎ।
তথা তদাসীদ্ধজিনী প্রদীপ্তা মহাভুয়ে তত্র তু ভীমরূপা ॥২২॥

ভারতকৌসূদী

শক্ষেতি। বলং কৌববদৈভম্। প্রকাশম্ আলোকিভম্॥১॥

পীতানীতি। পীতানি নির্মালনি, অস্গুলিভানি ক্ষির্থিকোনি, বীরেরবধ্তানি কম্পিতানি, তম্ভ্লানি বর্মাণি। ক্লীবড্মার্থম্ দীপ্তাম্ভ্রলাম্, প্রাক্ষনয়ন্ত প্রতিবিধ্যা, তপাত্যয়ে গ্রীমাণগ্যে ॥২০॥

প্রেতি। অভিন্নতাং প্রহ্বতাম্, ধ্বেন বেগেন। বায়ীরিতানি বার্চালিতানি ।২১॥
মহেতি। প্রদীপ্তে বহিনা প্রজলিতে। ক্ষজিনী কৌবংসেনা, প্রদীপ্তা আলোকিতা ।২২।
ভাবতভাবদীপঃ

বর্তমান ইতি ।১—১০। জননে পশাদ্ভাগে ।১১—১২। আভরণৈ: শল্পিশেতি সহার্থে তৃতীয়া ।১৩। দদ্ভবিতি কর্মণাপি প্রশাসদম্ ॥১৪—১৬। বিবর্ত্তমানা গতাগতং কুর্বাণা: প্রতিপ্রভা রশ্মিভি:, প্রতিবিধিতৈ: তেলোভি:, সংজনমন্তি নির্বর্তমন্তি ।১৭—১৯। বীবৈরবধৃতান্তান্দিপ্রানি প্রিপার্যস্কাদীনাং দশিণবামেষ্ প্রদীপ্রামন্তাদিপ্রভয়োদীপ্রাম্

রাঞ্চা! ভখন যুদ্ধার্থী বীরগণেব ছত্র, চামর, তরবাবি, উজ্জল মহোদ্ধা (বর্শা) ও দোত্ল্যমান স্বর্ণমালা সকল প্রকাশ পাইতে থাকিল ॥১৮॥

রাঙ্গা। তখন অস্ত্রের প্রভা, দীপের আলোক এবং অলঙ্কাবের দীপ্তিতে সেই কৌরবসৈক্ত অভ্যস্ত আলোকিত হইল ॥১৯॥

আর বক্তসিক্ত নির্মাল অন্ত্র এবং বীবগণেব গাত্রস্থিত দোছ্ল্যমান বর্ম্ম সকল (প্রদীপেব প্রতিবিশ্ব গ্রহণ করিয়া) বর্ধাকালে আকাশে বিহ্যুতের স্থায় উজ্জ্বল আলোক উৎপাদন করিতে লাগিল ॥২০॥

ভংকালে আঘাতের বেগে কম্পিড, আঘাতকারী এবং বেগে আগত মহয়-গণের মুখমগুল সকল—বাযুসঞ্চালিড মহাপল্মস্হের স্থায় প্রকাশ পাইডে ধাকিল ॥২১॥

⁽२२)... छ। अरजाणि नाजर महास्या स्वाहर । स्वीमद्रभः ना नि।

ভারতকৌমূদী

उपिछि। मः अमीश्वमात्मिक्कम्। निमामा मृद्धे। आत्मामम् देववमन् ।२०॥ भव देखि। मरश्वजामादिनि बीन्मा (क्क्या। क्वरतम् भन्माखारमम् ॥२॥ स्माविषि। क्विजान्नेमः अमीना दरसम् त्वार एक, वामीनमन् आकाममन् ॥२॥ मण देखि। मरश উভয়ো: সেনয়োর্মগ্রেদশে। श्विमनौर সেনাম, अमीश्वार व्यनकीम- अमीरनवात्मिकामनि, वनः मिन्रम्, পাশুবেইয়য়ভিগ্রशः য়िक्कस्। बहेनामः য়োকः ।२॥

ত্ত্বক্ষময় মহাবনে আগুন জ্বলিয়া উঠিলে, সুর্য্যের আলোকও যেমন অধিক হয়, সেইরূপ সেই মহাভীষণ সময়ে ভীষণ কৌরবলৈক্সের আলোকও অধিক হইল ॥২২॥

তথন আমাদের সৈক্ত আলোকিত দেখিয়া পাওবেরাও সেইরূপই তরান্বিত হইয়া আপন পদাভিসৈক্তগণকে প্রদীপ প্রজ্ঞলিত করিবার আদেশ করিলেন; পরে তাহারাও সমস্ত পাওবসৈক্তমধ্যে প্রদীপ প্রজ্ঞলিত করিল ॥২৩॥

তাহারা প্রভ্যেক হাতীতে সাত সাতটা, প্রভ্যেক রথে দশ দশটা, প্রভ্যেক অর্থে ছই ছইটা, এবং পার্শে, ধ্বব্ধে ও পশ্চাম্ভাগে কতকগুলি করিয়া প্রদীপ প্রক্ষিত করিল ॥২৪॥

অশ্র পদাভিরা হস্তে প্রদীপ ধারণ করিয়া সমস্ত পাণ্ডবদৈশ্রের পার্ষে, পিছনে, সম্মুখে, সকল দিকে এবং মধ্যদেশে আলোক উৎপাদন করিল ॥২৫॥

আবার উভয় সৈন্মেরই অস্থান্ত পদাতিরা হস্তে প্রদীপ ধারণ করিয়া উভয় সৈন্মেরই মধ্যস্থানে বিচরণ করিতে লাগিল এবং সমস্ত সৈন্মেবই অপর পদাতিরা হস্তী, অশ্ব ও রথসমূহেব সহিত মিলিত হইয়া আপনার সৈত্য ও পাশুবসৈক্যদিগকে প্রকাশিত করিল ॥২৬॥

⁽२७)...निभमा भाषीः ..भि वश्र वर्षः।

তেন প্রদীপ্তেন তথা প্রদীপ্তং বলং তবাসীদ্বলবদ্ধলেন।
ভাঃ কুর্বতা ভাতুমতা গ্রহেণ দিবাকরেণাগ্রিরিবাভিগুপ্তঃ ॥২৭॥
তয়োঃ প্রভাঃ পৃথিবীমন্তরীক্ষং সর্বা ব্যতিক্রম্য দিশশ্চ র্দ্ধাঃ।
তেন প্রকাশেন ভূশং প্রকাশং বভূব তেবাং তব চৈব সৈন্তম্ ॥২৮॥
তেন প্রকাশেন দিবং গতেন সংবোধিতা দেবগণাশ্চ রাজন্!।
গদ্ধর্বযক্ষাঃ স্থরসিদ্ধাংঘা সমাগমন্ধপারস্ক সর্বাঃ ॥২৯॥
তদ্দেবগদ্ধর্বসমাকুলঞ্চ যক্ষাস্থরেক্রাপ্সরসাং গণৈশ্চ।
হতৈশ্চ শুরৈদিবমারহছিরায়োধনং দিব্যকল্পং বৃভূব ॥৩০॥

ভারতকোমুদী

তেনেতি। হে বান্ধন্। তব বলং দৈৱসমূদায়ং, প্রণীপ্তেন প্রদীপপ্রভাভিরালোকিতেন, তেন বলেন হত্ত্যখাদিনা বিশেষেণ, ভাত্মতা অতিশয়েন কিরণবতা, অতএব ভা দীপ্তীঃ কুর্বিতা, দিবাকবেণ গ্রহেণ, অভিগুপ্তো বন্ধিতঃ প্রাচুর্য্যেণ প্রকাশিত ইত্যর্থঃ অগ্নিবিব, বলবং সাতিশয়ম, তথা প্রদীপ্তমালোকিতমাসীং ॥২৭॥

তরোবিতি। তয়ো: সেনয়ো:। বাতিক্রম্য অতীতা, বৃদ্ধা অভবন্ ॥২৮॥
তেনেতি। দিবং গতেন আকাশোখিতেন, সংবোধিতা যুদ্দর্শনায় প্রোৎসাহিতা: ॥২৯॥
তদিতি। দেবৈর্গন্ধবৈশ্চ সমাক্লম্ উপবিষ্টাদ্যাপ্তম্, মকাস্থরেক্রাপ্সবসাং গগৈঃ, হতৈঃ
অতএব দিবং স্থানাকহন্তিবধিরোহন্তিঃ শ্রৈশ্চ সমাক্লমিতামুবৃত্তিঃ, তৎ আয়োধনং রণস্থলম্,
দিব্যকল্পং স্থানিকুলাং বভূব, উপবিষ্টাদ্ধেবাদিবাাপ্তস্থাৎ ॥৩০॥

রাজা! মহাকিরণশালী ও দীপ্তিকাবী সূর্য্যগ্রহের সংস্পর্শে অগ্নি যেমন অধিক উজ্জন হর্য, সেইরূপ আপনার সৈত্তও প্রদীপের প্রভায় উদ্ভাসিত হস্তী ও অশ্বপ্রভৃতিব সংস্পর্শে অধিক উদ্ভাসিত হইল ॥২৭॥

ক্রমে উভয় সৈত্যেব আলোকই সমরভূমি, আকাশ ও সমস্ত দিক্ অভিক্রম কবিয়া বৃদ্ধি পাইল। সেই আলোকে পাণ্ডবসৈত্য ও আপনার সৈত্য অভ্যস্ত আলোকিত হইল ॥২৮॥

বাজা। সেই আলোক আকাশে উঠিলে, দেবগণ, গন্ধর্বগণ, যক্ষগণ, সিদ্ধ-গণ এবং সমস্ত অপ্যরা যুদ্ধ দর্শন করিবার অস্থ আগমন করিলেন ॥২১॥

উপরে দেব, গন্ধর্ব, যক্ষ, অস্থব, অঙ্গরা এবং যুদ্ধে নিহত স্থগারোহী বীর-গণে পরিব্যাপ্ত সেই রণস্থল স্থায়ি রণস্থলের তুল্য হইল ॥৩০॥

⁽२२) ... मिवक्रामन .. वर्ष ।

রথাখনাগাকুলদীপদীপ্তং সংরক্ষযোধাহতবিক্রতাখন্।
সহদলং বৃঢ়েরথাখনাগং স্থরাস্থরবৃহ্সমং বভূব ॥৩১॥
তচ্ছক্তিসংঘাকুলচগুবাতং মহারথাত্রং গজবাজিঘোরম্।
শক্রোঘবর্ষং রুধিরামুধারং নিশি প্রবৃত্তং রণচুর্দ্দিনং তৎ ॥৩২॥
তিম্মিন্ মহাগ্নিপ্রতিমো মহাত্মা সন্তাপয়ন্ পাগুবান্ বিপ্রমুখ্যঃ।
গভন্তিভির্মধ্যগতো যথাকো বর্ষাত্যয়ে তদ্বদভূমরেক্রং! ॥৩৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বনি
ঘটোৎক্চবধে দীপোদ্যোতনে দ্বিচন্থারিংশদধিক-

শততমোহধ্যায়ঃ ॥ ৽॥ *

ভারতকোমুদী

রথেতি। বথেয় অখেষ্ নাগেষ্ গজেষ্ চ আকুলা ব্যাপ্তা যে দীপাত্তিৰ্দিণ্ডং প্ৰকাশিতম্, সংরক্তিঃ জুকৈর্যোধৈরাহতা অতএব বিজ্ঞতা জ্ঞতং পলায়িতা অখা ৰক্ত তৎ, তথা ব্যুঢ়া বৃাহ্রূপেণ স্থাপিতা বথা অখা নাগা গজাক ষক্ত তৎ, মহঘলং বিশালং কুরুপাণ্ডববৈদ্যুদ্ধয়ন্,
স্বাহ্ববৃাহ্যোঃ সমং সমানং বভূব ১৬১।

ভদিভি। শক্তিসংঘ: আকুলো ব্যাপী চণ্ডো মহাংশ্চ বাজো বাষুরিব ষত্ত তৎ, মহাজো রথা অলাণি মেঘা ইব ষত্ত তৎ, গলৈবাঞ্জিভিশ্চ ঘোৰম্, শজৌঘক্ত বৰ্ষং বারিবর্ষমিব ষত্ত তৎ, তথা ক্ষমিরাণি অন্ধূনীব তেবাং ধারা ষত্ত তচ, তৎ প্রসিদ্ধম্, তৎ প্রকৃতম্, রাণা ছর্দিনং মেঘাচ্ছন্রদিনমিব তৎ, নিশি বাজৌ প্রবৃত্তম্ ।৩২।

সেই বিশাল সৈক্ত ছুইটা দেবসৈক্ত ও অস্থ্যসৈক্ষের সমান হইয়া গেল। তাহা—হস্তী, অধ ও রথস্থিত দীপসমূহে আলোকিত ছিল, জুদ্ধ যোদ্ধারা আঘাত করিলে অধ্বণণ তাহা হইতে বেগে পলায়ন করিতেছিল এবং তাহাতে হস্তী, অধ ও বথ সকল ব্যহরূপে সজ্জিত ছিল ॥৩১॥

সেই রাত্রির যুদ্ধটা মেঘাচ্ছন্ন দিনের স্থায় হইয়া পড়িল। কারণ, তখন শক্তিসমূহ প্রবল বায়্র তুল্য চলিতে লাগিল, বিশাল রথ সকল মেঘের ভায়ে বিচরণ করিতে থাকিল, বারিবর্ধণেব তুল্য অস্ত্রবর্ষণ হইতে লাগিল এবং জ্লের স্থায় রক্তের ধাবা পড়িতে থাকিল, আর হস্তী ও অর্থগণে তাহা ভীষণ হইয়া দাঁড়াইল ॥৩২॥

^{* &#}x27;···একবটাধিকশভতমোহধ্যায়া' বন্ধ বন্ধ, '···বিষটাধিকশভতমোহধ্যায়া' বি রা, '·· চতুংবটাধিকশভতমোহধ্যায়া' নি ।

ত্রিচত্বারিংশদধিকশততমোহধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।


প্রকাশিতে তদা লোকে রজসা তমসা রতে।
সমাজগ্মরথো বীরাঃ পরস্পরবধৈষিণঃ ॥১॥'
তে সমেত্য রণে রাজন্! শস্ত্রপ্রাসাসিধারিণঃ।
পরস্পরমুদৈকত্ত পরস্পরকৃতাগসঃ॥২॥

ভারতকৌয়দী

ভশিন্নিতি। হে নবেক্স! তশিন্ বণছদিনে, মহাগ্নিপ্রতিযো মহাত্মা চ, বিপ্রমুখ্যো জোণঃ, পাণ্ডবান্ সম্ভাপয়ন্, বর্ধাভাষে শবদি, গগনস্থ মধ্যগতঃ অর্কঃ, গভন্তিভিঃ কির্ণের্বধা ভব্তি, বাণৈত্ত্বদভূৎ ১৩৩।

ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাদীশভট্টাচার্ঘ্যবিরচিতারাং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাধ্যায়াং দ্রোণপর্ববি ঘটোৎকচবধে

षिठवाविः भविकग्राज्यार्थायः॥।॥



প্রেতি। বজনা তমনা চ বৃতে লোকে তদা দীপৈ: প্রকাশিতে শতীতি সম্বন্ধ: ॥১॥
ত ইতি। পরম্পরং কুতানি জাগাংসি প্রহারাদিভিরপরাধা বৈক্তে ।২॥

ভারতভাবদীপঃ

Ito—২৬। তেন বলেন গদাদিনা প্রদীপ্তেন প্রদীপশাদিনা, বলং চতুবঙ্গবলবদত্যর্থং প্রদীপ্তং প্রকাশিত্যাদীদিভ্যন্তর:। অভিতপ্তমৃদ্দীপিতম্ Ital তরো: সেনয়ো: Ital—২৯। দিব্যকরমন্ত্রোপমন্ Ival রথনাগাদীনাং কুলদীপৈদীপ্তম্ Ival আকুলেতি চণ্ডবাতবিশেষণম্ Ival-৩৩। ইতি লোণপর্কিনি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে বিচৰাবিংশদধিকশততমোহধ্যায়: Ital

রাজা! ক্রমে শরংকালে আকাশমধ্যবর্ত্তী সূর্য্য যেমন কিরণদ্বারা জগং সম্ভপ্ত করেন, সেইরূপ বিশাল অগ্নির তুল্য তেজস্বী মহাত্মা ভোগ বাণদ্বারা পাশুবর্গণকে সম্ভপ্ত করিতে লাগিলেন' ॥৩০॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তখন ধ্লিজালে ও অন্ধকারে আবৃত লোক সকল দীপের আলোকে আলোকিত হইলে, উভয়পদের বীবেরাই পরস্পার-বধৈষী হইয়া প্রস্পারমিলিত হইতে লাগিলেন ॥১॥

রাজা! প্রাস, তরবারি ও অস্থান্য অস্ত্রধারী এবং পরস্পার অপরাধী সেই বীরেরা রণস্থলে অগ্রসব হইয়া পরস্পার দর্শন করিতে থাকিলেন ॥২॥

ত্রিচত্বারিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ।

প্রদীপানাং সহকৈশ্চ দীপ্যমানেঃ সমন্ততঃ।
বিররাজ তদা ভূমিগ্র হৈছে বির ভারত। ॥৩॥
উক্ষাশতৈঃ প্রজালতৈ রণভূমির্ব্যরোচত।
দহ্মানের লোকানামভাবে চ বহুদ্ধরা ॥৪॥
প্রাদীপ্যন্ত দিশঃ সর্বাঃ প্রদীপৈন্তঃ সমন্ততঃ।
বর্ষাপ্রদোধে প্রভাতের্ব বা রক্ষা ইবাবভুঃ ॥৫॥
অসক্জন্ত ততো বীরা বীরেদের পৃথক্ পৃথক্।
নাগা নাগৈঃ সমাজগ্ম স্তরগাঃ সহ বাজিভিঃ ॥৬॥
রথা রথিবরৈরের সমাজগ্ম মুদান্বিতাঃ।
তিন্মিন্ রাত্তিমুখে ঘোরে তব পুত্রন্ত শাসনাৎ ॥৭॥

ভারতকৌমুদী

প্রদীপানামিতি। ভূমি: সমবাদ্বনম্, জৌবাকাশম্ ।৩।
উব্বেতি। দহ্মানা প্রলয়ায়িনা, অভাবে ধ্বংসে প্রলয়কালে ॥৪।
প্রেতি। প্রাদীপান্ত আলোকিতা অভবন্। আবভ্ন্তা দিশ ইতি শেষ: ॥৫॥
অসক্তব্তেতি। অসক্তন্ত মিলিতা অভবন্। নাগা গলাং, নাগৈগজি: সহ ৬॥
বথা ইতি। বথা বথিন:। তব প্রক্ত ত্র্যোধনক্ত, শাসনাদাদেশাৎ ॥৭॥

ভরতনন্দন। তথন সকল দিকেই প্রজ্ঞলিত সহস্র সহস্র দীপের আলোকে সমরভূমিটা—প্রহাণদারা আকাশের স্থায় প্রকাশ পাইতে লাগিল ॥৩॥

প্রলয়কালে অগ্নি দর্ম কবিতে লাগিলে পৃথিবী যেমন আলোকিত হয়, সেইরূপ প্রজ্ঞলিত শত শত উন্ধাব (মশালেব) আলোকে রণভূমি আলোকিত ইউল ॥৪॥

সকল দিকের সেই সকল প্রদীপের আলোকে সকল দিক্ই আলোকিড হইল। তখন বর্ষাকালের প্রদোষসময়ে খড়োভার্ত র্ক্সসমূহেব ছায় সেই দিক্গুলি প্রকাশ পাইতে থাকিল ॥৫॥

ভাহার পর বীরেরা পৃথক্ পৃথক্ভাবে বীরগণেব সহিত মিলিড হইডে লাগিলেন এবং হস্তীরা হস্তিগণেব সহিত ও অখেরা অধ্যদের সহিত সংযুক্ত হইতে থাকিল ॥৬॥

আর সেই ভয়ঙ্কর প্রদোষকালে আপনার পুত্রেব আদেশে রথীবা আনন্দিত হইয়া প্রধান বথীদের সহিভই মিলিত হইতে লাগিলেন ॥৭॥

^{(8)··} वर्ष्ट्यिवीवाक्षरः शिवानि। (७)·· खूवना इय्यानि छिः वानि।

ততোহর্জ্নো মহারাজ! কোরবাণামনীকিনীম। ব্যধমত্ত্রবা যুক্তঃ ক্ষপয়ন্ দর্ববপার্থিবান্ ॥৮॥ ধৃতরাষ্ট্র উবাচ।

তিশ্বিন্ প্রবিষ্টে সংরক্ষে মম পুত্রস্থ বাহিনীম্।
অম্ব্যমাণে ছর্দ্ধর্ষ কথমাসীন্মনো হি বং ॥৯॥
কিমকুর্বত সৈতানি প্রবিষ্টে শ্বেতবাহনে।
ছর্ম্যোধনশ্চ কিং কৃত্যং প্রাপ্তকালমমন্তত ॥১০॥
কে চিনং সমরে বীরং প্রভ্যুদ্যযুররিন্দমাঃ।
কেপ্রক্ষন্ দক্ষিণং চক্রং কে চ দ্রোণস্থ সব্যতঃ ॥১১॥
কে পৃষ্ঠতশ্চাপ্যভবন্ বীরা বীরস্থ যুধ্যতঃ।
কে প্রস্তাদগচ্ছন্ত নিম্নতঃ শাত্রবান্ রণে ॥১২॥
যৎ প্রাবিশন্মহেম্বাসঃ পাঞ্চালানপরাজিতঃ।
নৃত্যান্নিব নরব্যান্তো রথমার্গের্ বীর্য্যবান্ ॥১০॥

ভারতকোমুদী

তত ইতি। অনীকিনীং দেনাম্। ব্যধমং ব্যনাশমং। ক্ষপয়ন্ নাশয়ন্ ছচা
তিনিভি। সংব্রন্ধে নোংসাহে। অম্বামাণে শক্তনসহ্মানে। কথং কীদৃক্ মন।
কিনিভি। দৈকানি মদীয়ানি। খেতবাহনে অর্জ্নে। প্রাপ্তকালং তংকালোচিভম্ ম>।
ক ইভি। এনমর্জ্নম্। চক্রং দৈক্তসমূহ্য্। সব্যভো বামং চক্তম্ ১১।
ক ইভি। পৃষ্ঠভো গানিনঃ। বীবস্ত জোণস্তা, মুধ্যভো মুধ্যমানস্ত ১২।

মহারাজ! ভদনস্তব অর্জুন হরান্বিত হইয়া কৌরবপক্ষের বাজগণকে বিনাশ করতঃ কৌরবসৈম্য বিধ্বস্ত কবিতে লাগিলেন' ॥৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়। উৎসাহী, অসহিষ্ণুও ছ্র্ম্বর্দ অর্জুন আমার পুত্রেব সৈম্মধ্যে প্রবেশ করিলে, ভোমাদের মন কিব্রুপ হইয়াছিল ? ॥১॥

অর্জুন প্রবেশ কবিলে, আমার সৈন্তেরা কি করিল ? ছর্য্যোধনই বা কোন্ কার্য্যকে তৎকালোচিত পলিয়া মনে করিলেন ? ॥১০॥

কৌরবপক্ষের কোন্ বীরেরাই বা অর্জুনের অভিমুখগাসী হইলেন ? কাঁহারাই বা জোণের দক্ষিণ চক্র এবং কাঁহারাই বা তাঁহার বাম চক্র রক্ষা করিতে থাকিলেন ? ॥১১॥

বীর জোণ যুদ্ধ কবিতে থাকিয়া শক্রসংহার করিতে থাকিলে, কাঁহারা ভাঁহার পৃষ্ঠগামী হইলেন ? কাঁহাবাই বা ভাঁহার অগ্রে গমন করিলেন ? ॥১২॥

⁽১٠) किमम्बद्ध ... वर्ष, .. धिराहे भन्नभी फ़रन .. वा नि ।

या मनाइ भरेतर्र्जानः शाकानानाः त्रथवकान्। ধুমকেতুরিব ক্রুদ্ধঃ কথং মৃত্যুমুপেষিবান্ ॥১৪॥ (যুগাকম্) অব্যগ্রানেব হি পরান্ কথয়স্তপরাজিতান্। क्कोतू मीर्गान् मः थारम न उथा मृठ ! मामकान् ॥ ১৫॥ হতাংশৈচৰ বিদীৰ্ণাংশ্চ বিপ্ৰকীৰ্ণাংশ্চ শংসসি। র্থিনো বির্থাং শৈচ্ব কৃতান্ যুদ্ধেয়ু মামকান্ ॥১৬॥

সঞ্জয উবাচ।

দ্রোণস্থ মতমাজ্ঞায় যুদ্ধকামস্থ তাং নিশাম্। ছুর্ব্যোধনো মহারাজ! বশ্যান্ ভ্রাতৃমুবাচ হ ॥১৭॥ विकर्गर िखरमनक महावाङ्क रकात्रवम् । তুর্দ্ধবং দীর্ঘবাহুঞ্চ যে চ তেষাং পদানুগাঃ ॥১৮॥ (যুগাকম্)

ভারতকৌমুদী

यमिकि। वर यः, मट्यारमा मश्यक्षता त्यानः। উপে यिवान् म প্রাপ্তবান্॥১৩---১৪॥ অব্যগ্রানিভি। অব্যগ্রান্ অনাকুলান্। উদীর্ণান্ সোৎসাহান্।১৫। হতানিতি। বিদীর্ণান্ কভবিক্ষডীরুডান্, বিপ্রকীর্ণান্ সংঘচ্যভান্ ॥১৬ঃ হোণস্থেতি। তাং নিশামিতাতান্তসংযোগে দিতীয়া। পদাহুগা অভুচবাঃ ॥১৭--১৮॥

বলবান্, মহাধন্থর্দ্ধর ও অপবাজিত যে নরশ্রেষ্ঠ জোণ বথপথে নৃত্য করিতে থাকিয়াই যেন পাঞ্চালদৈক্তমধ্যে প্রবেশ কবিয়াছিলেন এবং যে জোণ কুদ্ধ হইয়া বাণঘারা ধুমকেতৃব স্থায় পাঞালদিগেব বথিগণকে দর্ম কবিভেছিলেন, সেই জোণ কি প্রকারে মৃত্যুমুখে পতিত হইলেন ? ॥১৩—১৪॥

সঞ্জয়! ভূমি বিপক্ষদিগকে যুদ্ধে যেরূপ অনাকুল, অপবাজিত, আনন্দিত ও উৎসাহী বলিয়া থাক; আমার পক্ষের যোদ্ধাদিগকে ত সেরূপ বল না ॥১৫॥

ত্মি আমাৰ পক্ষের যোদ্ধাদিগকে যুদ্ধে নিহত, বিদীর্ণ, বিক্ষিপ্ত এবং বথীদিগকে বির্মীকৃত বলিয়া থাক' ১১৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই রাত্তিতে তুর্য্যোধন যুদ্ধাভিলাষী জোণেব মত জানিয়া বিকর্ণ, চিত্রদেন, মহাবাহু, হুর্দ্ধর্য ও দীর্ঘবাহু এই কয় জন বশীভূত আতাকে এবং যাঁহারা ভাঁহাদের অমুচব ছিলেন, সেই বীবগণকে এই কথা र्गिट्मन--॥५१---५৮॥

^{()¢)···}কথমন্ত প্ৰাজিতানৃ···পি বন্ধ বৰ্ধ।

দেশিং যতাঃ পরাক্রান্তাঃ সর্বের রক্ষত পৃষ্ঠতঃ।
হাদিক্যো দক্ষিণং চক্রং শল্যাকৈবোত্তরং তথা ॥১৯॥
ত্রিগর্তানাঞ্চ যে শ্রা হতশিষ্টা মহারথাঃ।
তাংকৈব পুরতঃ সর্বান্ পুত্রস্তে সমচোদয়ৎ ॥২০॥
ভাচার্য্যো হি স্থসংযতো ভূশং যতাক্ষ পাণ্ডবাঃ।
তং রক্ষত স্থসংযতা নিম্নন্তং শাত্রবান্ রগে ॥২১॥
দোণো হি বলবান্ যুদ্ধে ক্ষিপ্রহন্তঃ প্রতাপবান্।
নির্দ্রয়েজিদশান্ ক্রুদ্ধঃ কিমু পার্থান্ সদোমকান্॥২২॥
তৈ যুয়ং সহিতাঃ সর্বের ভূশং যত্তা মহারথাঃ!।
দোণং রক্ষত পাঞ্চালাদ্ উত্যুদ্ধান্মহাবলাৎ ॥২০॥

ভারতকৌমুদী

জোণমিতি। ইতা বন্ধবন্ধ:। ইার্দিক্য: কৃতবর্ধা। উত্তবং বামং চক্রং রক্ষ্তু ।১৯। কিপর্তানামিতি। পুবতো জোণস্থাগ্রতো গমনায়। সমচোদমং প্রৈবন্ধং ।২০। আচার্য্য ইতি। স্থাংয়তো মুদ্ধায়াতীব্যস্থান্। যতা যত্তবন্ধ: স্থিতা: ।২১॥ কৃত এতদিত্যাহ জোণ ইতি। হি যুসাং। নির্দ্ধবেং নির্দ্ধেত্বং পক্ষু মাং ॥২২॥ ত ইতি। যতা যত্মবন্ধঃ সন্থঃ ।২৬॥

'পবাক্রমশালী ভোমরা সকলে যত্নবান্ হইয়া পৃষ্ঠদিক্ হইতে জোণকে রক্ষা করিতে থাক, আর কৃতবর্দ্মা উহাব দক্ষিণ চক্র রক্ষা ককন এবং শল্য বাম চক্র বক্ষা কবিতে থাকুন' ॥১৯॥

রাজা! আব তিগর্জদিগের মধ্যে যে সকল হতাবশিষ্ঠ মহাবথ বীর ছিলেন, আপনাব পুত্র তাঁহাদেব সকলকে জোণেব সম্মুখে যাইতে আদেশ করিলেন, (এবং বলিলেন—) ॥২০॥

'আচার্য্যও যুদ্ধে অত্যন্ত যত্নবান্ হইয়াছেন, আবার পাণ্ডবেবাও অভিশর্য যত্নশীল রহিয়াছে। অতএব আচার্য্য যথন যুদ্ধে শক্রসংহার করিতে থাকিবেন, ভখন তোমবা অত্যন্ত যত্নশীল হইয়া তাঁহাকে রক্ষা করিও ॥২১॥

কাবণ, বলবান্, ক্ষিপ্রহস্ত ও প্রতাপশালী জোণ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে দেব-গণক্ষেও জয় করিতে পাবেন; তাহাতে সোমকগণের সহিত পাগুবগণেব কথা আর কি বলিব ॥২২॥

অতএব মহারথগণ। আপনারা সকলে সম্মিলিত ও বিশেষ যত্নবান্ হইয়া মহাবল পাঞাল ধৃষ্টগুন্ন হইতে জোণকে রক্ষা করুন ॥২৩॥

⁽১৯) : मर्स्स त्रक्त शृष्टेष्डः : वा नि ।

পাওবীয়ের দৈত্যের ন তং পশ্যামি কঞ্চন।
বাে যােধরেজনে জােণং ধ্বউত্যুন্নাদৃতে নৃপাঃ! ॥২৪॥
তত্মাৎ দর্বাজ্যনা মত্যে ভারদ্বাজত্য রক্ষণম্।
দ গুপ্তঃ পাণ্ডবান্ হত্যাৎ স্প্পেরাংশ্চ দদােমকান্ ॥২৫॥
স্প্পেরেষণ দর্বের নিহতের চম্মুখে।
ধ্বউত্যুন্ধং রণে জােণির্নাশয়িয়ত্যসংশয়ম্ ॥২৬॥
তথার্জ্জনঞ্চ রাধেয়াে বিজেয়তি মহারথঃ।
ভামিদেনমহঞ্চাপি যুদ্ধে জেয়ামি দংশিতম্।
শেষাংশ্চ পাণ্ডবান্ যােধাঃ প্রসভং হীনভেজসঃ ॥২৭॥
দোহয়ং জয়াে মম ব্যক্তোহদীর্ঘকালং ভবিয়তি।
তত্মাজক্ষত সংগ্রামে জােণমেব মহারথম্॥২৮॥

ভারতকোমুদী

পাগুৰীয়ে বিভি। তং তাদৃশম্। কতে বিনা ॥२৪॥
তথা দিতি। সর্বাত্মনা সর্বপ্রধান্তন। বক্ষণং কর্ত্ব্যমিতি শেষং। গুপ্তো রক্ষিতঃ ॥২৫॥
তথা বিভি। চমুম্থে সেনাগ্রে। জৌণিরখখামা ॥২৬॥
।তথেতি। রাধেয়ং কর্ব:। দংশিতং সরদ্ধা প্রস্তং বলেন। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৭॥
ব ইতি। অদীর্ঘকালমদীর্ঘকালমধ্য এব। অভ্যন্তসংযোগে বিতীয়া ॥২৮॥

ভারতভাবদীপঃ

প্রকাশিত ইতি ॥১—১৭॥ মহাবাহং নামা ॥১৮—২৪॥ তত্মাকেতো: ধৃষ্টত্মাদা ॥২৫—৩৪॥ ইতি স্বোণপর্কণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে ত্রিচদাবিংশদ্ধিকশততমোহ্ধ্যায়: ॥১৪৩॥

রাজগণ! পাণ্ডবসৈম্বমধ্যে এক ধৃষ্টগ্যুম ব্যতীত অম্ব সেকপ কাহাকেও আমি দেখি না, যিনি বণস্থলে জোণেব সহিত যুদ্ধ করিতে পারেন ॥২৪॥

অতএব আমি মনে করি—সর্বপ্রেয়ত্বে জোণকে রক্ষা কবাই উচিত। তিনি বক্ষিত থাকিয়া পাশুব, স্থপ্তম ও সোমকদিগকে সংহার করিবেন ॥২৫॥

তা'র পব দৈশুসম্মুখে স্ঞায়প্রভৃতি সকলে নিহত হ'ইলে, নিশ্চয়ই অশ্বখামা যুদ্ধে শ্বষ্টহ্যয়কে বঁধ করিবেন ॥২৬॥

এবং মহারথ কর্ণ অর্জ্নকে জয় করিবেন, আমি যুদ্ধসজ্জায় সজ্জিত ভীমকৈ জয় করিব এবং আমার অপব যোদ্ধাবা বলপূর্বক অবশিষ্ট তুর্বল পাণ্ডবদিগকে জয় কবিবেন ॥২৭॥

⁽२१)...भाखवांन् त्रांभाः...भि वर्षः।

ইত্যক্ত্বা ভরতশ্রেষ্ঠ ! প্রত্যো ত্র্যোধনস্তব ।
ব্যাদিদেশ তদা সৈতাং তিশিংস্তমিদ দারুণে ॥২৯॥
ততঃ প্রবর্তে বৃদ্ধং রাত্রো ভরতসতম ! ।
উভয়োঃ সেনয়োর্ঘোরং পরস্পরিজগীষয়া ॥৩০॥
আর্চ্জ্বঃ কোরবং দৈত্তমর্চ্জ্বঞাপি কোরবাঃ ।
নানাশস্ত্রসমাবায়ৈরত্যোত্তং সমপীড়য়ন্ ॥৩১॥
জোণিঃ পাঞ্চালবাজঞ্চ ভারদ্বাজন্চ স্প্রেয়ান্ ।
ছাদয়ামাসত্বং সংখ্যে শরৈঃ সন্নতপর্বভিঃ ॥৩২॥
পাতৃপাঞ্চালসৈত্যানাং কোরবাণাঞ্চ ভারত ! ।
আসীন্নিন্টানকে। ঘোবো নিম্নতামিতরেত্রম্ ॥৩০॥

ভারতকোমূদী

ইতীতি। দাকণে তমিদ দাকণতমংসময়ে রাজৌ। তেন ন দীপালোকবিরোধ: 1২৯। তত ইতি। প্রস্পবিজ্ঞিয়া অস্ত্যোল্যং জেতুমিচ্ছয়া 1৩০। অর্জুন ইতি। নানাশস্ত্রাণাং সমাবাহৈঃ সমূহৈঃ 1৩১। লৌণিবিতি। ক্রৌণিবশ্বধামা, পাঞ্চালবালং জ্ঞপদম্, ভাবদালো লোণঃ 1৩২। পাণ্ডিতি। নিষ্টানকঃ কোলাহলঃ। নিপূর্ব্বক্টনধাতোর্ঘঞি স্বার্থে কঃ 1৩৩।

অভএব নিশ্চয়ই সদীর্ঘকালমধ্যে আমার এই জয় হইবে। স্থৃতরাং আপনারা যুদ্ধে মহাবথ জোণকেই রক্ষা করিতে থাকুন' ॥২৮॥

ভবতশ্রেষ্ঠ ! এই কথা বলিয়া আপনার পুত্র ছুর্য্যোধন সেই দাকণ অন্ধকাবেব সময়ে (বাত্রিভে) যুদ্ধ করিবাব জ্বস্তু সৈম্মগণকে আদেশ কবিলেন ॥২৯॥

ভরতবংশপ্রধান! তাহার পর সেই রাত্রিতে পরস্পর জয় করিবার ইচ্ছায় উভয় সৈক্ষেব ভয়ঙ্কর যুদ্ধ আবস্ত হইল ॥৩০॥

তখন অর্জ্ঞ্ন কৌরবদৈস্থকে এবং কৌরবেরাও অর্জ্ঞ্নকে নানাবিধ অন্ত্র-সমূহদ্বাবা প্রস্পার পীড়ন কবিতে লাগিলেন ১৩১॥

ক্রমে অশ্বথামা ক্রপদকে এবং জোণ স্থম্বয়গণকে নভপর্ব বাণসমূহদ্বারা আবৃত করিয়া ফেলিলেন ॥৩২॥

ভবতনন্দন ! তখন পবস্পার প্রহাবকারী পাশুব, পাঞ্চাল ও কৌরবসৈশ্য-গণের ভয়ন্কব কোলাহল হইতে লাগিল ॥৩৩॥

⁽२२) .. छ्या रेनग्रम् ... वा नि । (७२) - हानग्रक्कित्र मः त्था ... वा नि ।

নৈৰাশ্মাভিন বা পূৰ্ব্বৈদ্ উপূৰ্বাং তথাবিধন্।
শ্ৰুতং বা যাদৃশং যুদ্ধাসীদ্রাত্রো ভয়ানকন্ ॥৩৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বাণি
ঘটোৎকচবধে সঙ্কুলযুদ্ধে ত্রিচন্থারিংশদ্ধিক-

শতত্মোহধ্যায়ঃ॥৽॥ *

----(°#°)----

চতুশ্চত্বারিংশদধিকশততমোহধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

বর্ত্তমানে তথা রৌজে রাত্রিযুদ্ধে বিশাংপতে!।
সর্ব্বভূতক্ষয়করে ধর্মপুত্রো যুধিন্তিরঃ ॥১॥
অত্রবীৎ পাগুবাংশৈচব পাঞ্চালাংশৈচব সোমকান্।
অভিজ্ঞবত সংঘাত জোণমেব জিঘাংসয়া ॥২॥ (যুগাকম্)

ভারতকৌষুদী

নেতি। পূর্বৈ: প্রাচীনৈর্জনৈ:। তথাবিধং যুদ্ধস্ । ৩৪।
ইতি মহামহোশাধ্যার-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত্রটীকায়াং ভারতকৌমুদীসমাথ্যায়াং জ্রোণপর্বণি ঘটোংকচবধে

किठवात्रिः भन्धि कमञ्ज्यारे धाराः ॥ ।॥

বর্ষেতি। রৌমে ভীষণে। অভিন্রবন্ত অভিধাবত, সংঘাত প্রাপ্নুত ।১—২।

রাজা। সেই রাত্রিতে যেরপ ভয়ন্ধর যুদ্ধ হইতে লাগিল, সেরপ যুদ্ধ আমরা বা প্রাচীনেরা পূর্বেকখনও দেখি নাই বা দেখেন নাই, কিংবা শুনি নাই বা শোনেন নাই' ॥৩৪॥

সঞ্চয় বলিলেন—'নরনাথ। সর্বপ্রাণীর ক্ষয়জনক সেই ভীষণ রাত্রিযুদ্ধ । চলিতে লাগিলে, ধর্মপুত্র খুর্ষিষ্ঠির—পাণ্ডব, পাঞ্চাল ও সোমক সৈম্মগণকে

(৩৪)…বৃদ্ধ বাদৃশ্যেবাসীভাং রাত্রিং স্করাবহম্—নি। * '·· বিষষ্ট্যধিকশতত্যোহধ্যায়ः' বি । বৃদ্ধ ব

(২) পূর্বাদ্ধাং শরম্ 'মহয়হয়নাগানামভাবায় নরাধিণ !। বৃধিষ্টিরোহরবীপ্রাজা স্থান্ বোধান্ মহজাধিণ !' । ইভি পাঠ: ণি বর্দ্ধ । রাজ্ঞন্তে বচনাদ্রাজন্! পাঞ্চালাঃ স্প্রেমান্তথা।
দ্রোণমেবাভাবর্ত্তর নদন্তো ভৈরবান্ রবান্॥০॥
তান্ বয়ং প্রতিগর্জন্তঃ প্রভাদ্যাতা ছ্মর্ষিতাঃ।
য়থাশক্তি য়থোৎসাহং য়থাসত্তঞ্চ সংয়ুগে॥৪॥
কৃতবর্ত্মা তু হার্দিক্যো মুধিন্তিরমুপাদ্রবৎ।
দ্রোণং প্রতি সমায়ান্তং মন্তো মন্তমিব দ্বিপম্॥৫॥
শৈনেয়ং শরবর্ষাণি বিকিরন্তং সমন্ততঃ।
ভাভায়াৎ কৌরবো রাজন্! ভ্রিঃ সংগ্রামমূর্দ্ধনি ॥৬॥
সহদেবমথায়ান্তং দ্রোণপ্রেপ্সুং মহারথম্।
কর্ণো বৈকর্তনো রাজন্! বারয়ামাস পাঞ্চবম্॥৭॥

ভারতকৌমুদী

রাজ্ঞ ইতি। রাজ্যে যুধিষ্টিবস্ত। অভ্যবর্ত্তর অভ্যধাবন্, নদস্কঃ কুর্বন্তঃ । আ ভানিতি। অমর্বিভা জাতকোধাঃ। ব্ধাস্থং বধাধ্যবসায়ম্ ।৪। কৃত্তেভি। হার্দিক্যো হ্রিকপুত্রঃ, উপাদ্রবং অভ্যধাবং। মজো বিপঃ ।৫। শৈনেয়মিভি। পৈনেয়ং সাত্যকিম্, বিকিরন্তং নিকিপন্তম্ ।৬। সহেভি। জোগং প্রেক্সুং প্রাপ্ত মিচ্ছুম্। বৈকর্ত্তনঃ স্বাপুত্রঃ ।৭।

বলিলেন—'ভোমর। বধ করিবাব ইচ্ছায় জোণের দিকেই ধাবিত হও এবং উহার নিকটে যাও' ॥১—২॥

রাজা। যুধিষ্ঠিরেব আদেশক্রমে সেই পাঞ্চাল ও স্ঞ্লয়গণ ভীষণ গর্জন করিতে করিতে ভোগ্রের দিকেই ধাবিত হইল ॥ গা

এই সময়ে আমরাও শক্তি, উৎসাহ ও অধ্যবসায় অনুসারে প্রতিগর্জন ক্ষরিতে করিতে রণস্থলে ভাহাদের প্রতি গমন করিলাম ॥৪॥

মন্ত হস্তী যেমন অপর মন্ত হস্তীর দিকে গমন করে, সেইরপ ঘূধিষ্টির জোণের দিকে আসিতে লাগিলে, ফদিকপুত্র কৃতবর্দ্মা ভাঁহার দিকে ধাবিভ হুইলেন ॥৫॥

রাজা! সাত্যকি সকল দিকে বাণবর্ষণ করিতেছিলেন; তখন কুরুবংশীয় ভূরি তাঁহার অভিমুখে গমন করিলেন ॥৬॥

রাজা! মহারথ সহদেব জোণের দিকে আসিডেছিলেন, তখন স্র্যাপুত্র কর্ণ তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

⁽৪) - স্বন্ধিতাঃ -- পি।

ভারতকোম্দী

ভীমেতি। বাাদিতাক্রং প্রকটিতমুখম্। প্রতীপং প্রতিক্লম্, মৃত্যুমিব ।৮।
নকুলমিতি। যুধান্ত ইতি মুধ: কর্ত্তরি কিপ্, তেবাম্ ।০।
শিখজিনমিতি। শার্ঘতঃ শর্ঘতঃ পূত্রঃ ।>০।
প্রতীতি ।` প্রতিবিদ্ধাং তদাখাং যুরিষ্টিরপুত্রম্। বজ্ঞো বন্ধবান্, বজং বন্ধবন্ধন্ ।১১।
তৈমেতি। ভৈমসেনিং ভীমসেনপুত্রং ঘটোৎকচম্ ।>২।

বিবৃত্বদন্ যমের স্থায় ভীমসেন আসিতে লাগিলে, রাজা হুর্য্যোধন স্বরং প্রতিকূল মৃত্যুর তুলা সেই ভীমসেনের দিকে গমন করিলেন ॥৮॥

রাজা। সর্বযুদ্ধবিশারদ যোদ্ধেষ্ঠ নকুল আসিতে থাকিলে,
স্বলপুত্ত শকুনি দ্বাদ্তি হইগ্না তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥ आ

নরনাথ। রথিজ্রেষ্ঠ শিখণ্ডী রথারোহণে আসিতে লাগিলে, শরদানের পুত্র কুপ তাঁহাকে বারণ করিতে লাগিলেন॥১০॥

মহারাজ! প্রভিবিদ্ধা যুদ্ধে বন্ধবান্ হইয়া মযুরের তুল্য নীলবর্ণ ঘোটক-চালিত রথে আগমন করিতে থাকিলে, তুঃশাসনও স্যত্নে ভাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১১॥

বছমায়াবিশারদ ঘটোৎকচ আসিতে থাকিলে, অত্থামা তাঁহার পিতার গৌবব রক্ষা করিবার জন্ম তাহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২২॥

^{(&}gt;•)···मशाखः त्वानत्थन् । यहात्रसम् । (>२)···महातास ! त्राक्तमः श्राखाः त्रसमः—वा नि ।

বিরাটং জ্রুত্মায়ান্তং দ্রোণস্থ নিধনং প্রতি।
মদ্রাজ্ঞঃ স্থাংকুদ্রো বারয়ামাদ ভারত। ॥১৪॥
শতানীক্ষথায়ান্তং নাকুলিং রভদং রণে।
চিত্রদেনো রুরোধাশু শরৈর্দ্রোণপরীক্ষয়া ॥১৫॥
অর্জ্র্নঞ্চ যুধাং জ্রেষ্ঠং প্রাদ্রবন্তং মহারথম্।
অলায়ুধো মহারাজ। রাক্ষদেক্রো শুবারয়ৎ ॥১৬॥
তথা দ্রোণং মহেদ্বাদং নিম্নন্তং শাত্রবান্ রণে।
ধ্রুত্যুদ্রোহথ পাঞ্চাল্যো হুক্টরপ্রস্বারয়ৎ ॥১৭॥
তথান্থান্ পাণ্ডুপুত্রাণাং সমায়াতান্ মহারথান্।
তাবকা রথিনো রাজন্। বারয়ামান্তরোজনা ॥১৮॥

ভারতকৌমূদী

জ্ঞাপদমিতি। বৃষদেন: কর্ণপুত্র:, সপদাহুগম্ অন্তরসহিতম্ । ১৩।
বিবাটমিতি। নিবনং প্রতি বধম্দিশ্য। মন্তরাজ্য শল্য: ॥১৪।
শতেতি। নাকুলিং নকুলপুত্রম্, রভসং হুটম্। জ্যোপক্ত পরীক্ষয়া রক্ষেক্ষয়া ॥১৫।
অর্জুনমিতি। প্রান্তবন্ধঃ জ্যোগমভিধাবস্তম্ ॥১৬॥
ভবেতি। ইবৃন্ বাগান্ অক্সতি ক্ষিপত্যানেনেতি ইয়াসো ধহুঃ মহানিয়াসো বক্ত তম্ ॥১৭।
তথেতি। তাবকাত্তর পক্ষীয়া:। ওজসা বলেন ॥১৮॥

মহারথ ক্রপদরাজা সৈত্য ও অনুচরগণেব সহিত জোণের দিকে যাইবার ইচ্ছা কবিলে, ব্যসেন ভাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৩॥

ভরতনন্দন! বিরাটবান্ধা জোণকে বধ করিবার জ্বন্থ জ্বত আগমন করিতে লাগিলে, শল্য জুদ্ধ হইয়া তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১৪॥

ছাষ্টটিত্ত নকুলনন্দন শতানীক যুদ্ধে আসিতেছিলেন, তথন চিত্রসেন জোণকে রক্ষা করিবার ইচ্ছায় বাণদ্বারা সহর তাঁহাকে রুদ্ধ করিলেন ৪১৫॥

মহারাজ। মহারথ ও যোজ্ শ্রেষ্ঠ অর্জ্জুন জোণের দিকে ধাবিত হইয়া-ছিলেন, তথন রাক্ষসশ্রেষ্ঠ অলাযুধ তাঁহাকে বারণ কবিতে প্রবৃত্ত হইল ॥১৬॥

আবার হাষ্টটিত মহাবহুর্দর জোণ যুক্ষে শত্রুসংহার করিডেছিলেন, ডৎকালে পাঞ্চালরাজপুত্র ধৃষ্টগ্রায় ভাঁহাকে নিবারণ করিতে লাগিলেন ॥১৭॥

े देशका। এবং পাশুবপক্ষের অক্যান্ত মহারপেরা আসিতে থাকিলে, আপনার পক্ষের রুথীরা বলপূর্বক তাঁহাদিগকে বারণ করিতে থাকিলেন ॥১৮॥

⁽১৬) ... चलचुरवा महात्रांक !... भि वक वर्ष वा।

গজারোহা গজৈন্ত র্ণং সমিপত্য মহাম্ধে।
যোধয়ন্তঃ স্ম দৃশ্যন্তে শতশোহণ সহক্রশঃ॥১৯॥
নিশীথে তুরগা রাজমাত্রবন্তঃ পরস্পরম্।
সমদৃশ্যন্ত বৈগেন পক্ষরতো যথাত্রয়ঃ॥২০॥
সাদিনঃ সাদিভিঃ সার্জং প্রাসমক্ত্যন্তিপাণয়ঃ।
সমাগচ্ছন্ মহারাজ। বিনদন্তঃ পৃথক্ পৃথক্॥২১॥
নরাস্ত বহরন্তত্র সমাজগ্যুঃ পরস্পরম্।
গদাভিমুর্বলৈশ্চের নানাশক্রৈশ্চ সংমুগে॥২২॥
কৃতবর্দ্মা তু হার্দিক্যো ধর্মপুত্রং মুধির্চিরম্।
বারয়ামাস সংক্রুদ্ধো বেলেবােদ্ভুমর্বিম্ ॥২০॥
মুধির্চিরস্ত হার্দিক্যং বিদ্ধা পঞ্চিরান্তগৈঃ।
পুনর্বিয়াধ বিংশতাা তির্চ তির্চেতি চাত্রবীৎ॥২৪॥

ভারতকৌমুদী

গবেতি। গবৈর্গজারোহেঃ সহ, সন্নিপভ্য মিলিছা, মহামুধে মহামুদ্ধে ॥১৯॥
নিশীথ ইতি। নিশীথে বাজৌ, "নিশীথস্ত পুমানর্ধবাত্তে স্মান্ত্রবাত্তিমাত্তকে" - ইতি
মেরিনী ॥২০॥

সাদিন ইতি। সাদিন: অখারোহিণ:, সাদিভিরখারোহিভি: ১২১।
নবা ইতি। নবা: পদাতয়:, সমাজগা: সন্দিলিতা বভূব্:, পরস্পবং প্রহ্বস্ত: ১২২।
ক্বডেতি। হান্দিক্যো হদিকপুত্র:। বেলা তীবস্, উদ্ধৃতসুদ্দেলিতম্ ১২৩।

ক্রমে দেখা গেল—শত শত ও সহস্র সহস্র গঙ্গারোহী সম্বর উপস্থিত হইয়া অপর গঙ্গারোহীদের সহিত যুদ্ধ করিতেছেন ॥১৯॥

রাষ্ণা। আবার দেখিতে পাইলাম—সেই রাত্রিতে পক্ষযুক্ত পর্বতগণের স্থায় অশ্বগণ পরস্পারাভিমূখে বেগে ধাবিত হইতেছে ॥২০॥

মহারাজ। পরে প্রাস, শক্তি ও ঝষ্টিধারী অখারোহীরা গর্জন করত: অপর অখারোহীদের সহিত পৃথক্ পৃথক্ ভাবে মিলিত হইলেন ॥২১॥

সেই যুদ্ধে ছুই পক্ষের বহুতর পদাতিও গদা, মুখল এবং নানাবিধ অস্ত্রদারা পরস্পার প্রহার করিতে করিতে মিলিড হুইল ॥২২॥

ক্রমে স্থাদিকপুত্র কৃতবর্ম্মা অভ্যস্তকুদ্ধ হইয়া—ভীব যেমন উদ্বেশিত শমুক্তকে বারণ করে, সেইৰূপ ধর্মপুত্র যুধিছিরকে বারণ করিতে শাগিলেন ॥২৩॥

⁽२०) - खादश्रसः भद्रम्भाद्रम् - वा नि । (२७) - द्वालद्वाष् ख्रमर्वनम् -- वा नि ।

কৃতবর্দ্ধা তু সংক্রুদ্ধো ধর্মপুত্রেন্স মারিষ!।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন তঞ্চ বিব্যাধ সপ্তভিঃ ॥২৫॥
অথান্সন্ধন্ত্রাদার ধর্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
হার্দ্দিক্যং দশভির্বাণৈর্বাহ্বাক্ররসি চার্পর্রথ ॥২৬॥
মাধবস্তু রণে বিদ্ধো ধর্মপুত্রেণ মারিষ!।
প্রাকম্পত চ রোধেণ সপ্তভিশ্চার্দ্দরচ্ছরৈঃ ॥২৭॥
তক্ষ্ম পার্থো ধনুশ্ছিত্বা হস্তাবাপং নিকৃত্য চ।
প্রাহিণোন্নিশিতান্ বাণান্ পঞ্চ রাজন্! শিলাশিতান্ ॥২৮॥
তে তক্ত্য-কবচং ভিত্বা হেসচিত্রং মহাধনম্।
প্রাবিশন্ ধরণীমুগ্রা ব্লীকমিব পন্নগাঃ ॥২৯॥

ভারতকৌমুদী

যুধীতি। হাদিক্যং কৃতবর্শাণম্। আগুলৈর্বাণেঃ ।২৪।

' ক্তেভি। হে মারিব! আর্যা! সপ্তভির্বাণৈরিভি শেবঃ ।২৫।

অথেতি। উবসি বক্ষসি, আর্পাবৎ অপীড়ারং ।২৬।

মাধব ইভি। মাধবো মধুবংশীয়া ক্লডবর্মা।২৭।

ডভেডি। পার্থো যুধিষ্টিবঃ। হন্তাবাপং চর্মময়হন্তাববণম্, নিক্নত্য ছিস্বা ॥২৮॥

ত ইভি। মহাধনং মহাম্লাম্। वस्त्रीकम् উग्नीमुखिकाखृशम्। २२॥

ভখন মুধিন্তির পাঁচটা বাণদ্বারা কৃতবর্মাকে বিদ্ধ করিয়া পুনবায় কুড়িটা বাণদ্বাবা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥২৪॥

মাননীয় রাজা। পরে কৃতবর্দ্যা বিশেষ ক্র্ছন হইয়া একটা ভল্লছারা যুধিষ্ঠিবের ধন্ম ছেদন করিলেন এবং সাভটা বাণছারা ভাঁছাকে বিদ্ধ করিলেন ॥২৫॥

তাহার পর ধর্মপুত্র যুধিন্তির অক্ত ধন্তু লইয়া দশটা বাণদারা কৃতবর্মার বাস্ত্যুগলে ও বক্ষস্থলে তাড়ন করিলেন ॥২৬॥

মাননীয় বাজা! যুধিষ্ঠির সেইভাবে তাড়ন করিলে, কৃতবর্মা ক্রোধে কাঁপিতে লাগিলেন এবং সাতটা বাণদাবা যুধিষ্ঠিরকে পীড়ন কবিলেন ॥২৭॥

রার্জা। তথন যুধিষ্ঠির কৃতবর্মাব ধন্ম ও হস্তাববণ ছেদন করিয়া শিলা-শাণিত সুধার পাঁচটা বাণ নিক্ষেপ করিলেন ॥২৮॥

সেই ভীষণবাণগুলি যাইয়া কৃতবর্মার স্বর্ণবিচিত্র মহামূল্য কবচ ভেদ করিয়া—সর্প যেমন উয়ীয়ন্তিকান্ত,পে প্রবেশ কবে, সেইরূপ ভূমিতে প্রবেশ করিল ॥২৯॥

⁽२७)…धर्मभूटका भहात्रधः…नि। (२०)…धनगैः डिच्।…वा नि।

অক্লোনিষেধমাত্তেণ সোহতাদায় কামুকম্। বিব্যাধ পাগুবং ষট্যা সূতঞ্চ নবভিঃ শরৈঃ ॥৩०॥ তস্থ শক্তিমমেয়াত্মা পাণ্ডবো ভুজগোপমাম্। চিক্ষেপ ভরতশ্রেষ্ঠ ! রথে অস্থ মহদ্ধতুঃ ॥৩১॥ সা হেমচিত্রা মহতী পাণ্ডবেয়প্রবেরিতা। নিভিত্ত দক্ষিণং বাহুং প্রাবিশদ্ধরণীতলম্ ॥৩২॥ এতস্মিন্নেব কালে তু গৃহ্য পার্থঃ পুনর্ধকুঃ। হার্দ্দিক্যং ছাদয়মাদ শরেঃ দন্নতপর্বভিঃ ॥৩৩॥ ততন্তু সমরে শূরো র্ফীনাং প্রবরো রথী। ব্যশ্বসূতরথং চক্তে নিমেধার্দ্ধাদ্যুধিষ্ঠিরম্ ॥৩৪॥ ততন্ত্র পাণ্ডবো জ্যেষ্ঠঃ থড়গর্চণ্ম সমাদদে। क्रमञ्ज निनिरेक्दिर्देश्विधम्माध्या त्रा ॥७६॥

ভারতকোমুদী

আক্ষোরিতি। স ক্বতবর্মা। পাওবং যুধিষ্টিরম্, হতং তংসার্থিষ্ ॥৩০॥ ডস্তেতি। অমেরাত্মা অজ্ঞেরণক্তি:। রুস্ত সংস্থাপ্য ১০১৯ সেডি। পাণ্ডবেয়েন যুধিষ্টিরেণ প্রবেরিতা ক্ষিপ্তা। বেরধাতুরার্য: ॥৩২॥ এডন্মিন্নিভি। গৃহ গৃহীত্বা, পার্থে। বৃধিষ্টির: ১৩০। তত ইতি। বিগতা অখা: শৃত: সার্পিন্চ যন্ত্র স তাদুশো রপো যন্ত্র তম্ ।৩৪। তত ইতি। থজাযুক্তং চর্ম থজাচর্ম। মধ্যপদলোপী সমাস:। ব্যধমদ্যনাশহং ।৩৫।

তখন কৃতবর্মা চোখের নিমেষমধ্যে অস্ত ধন্থ গ্রহণ করিয়া ষাটটা বাণদারা ষ্ধিষ্ঠিরকে এবং নয়টা বাণদ্বারা তাহার সাব্ধিকে বিদ্ধ করিলেন ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ ! পরে অজ্যেশক্তি যুধিষ্ঠির নিজেব বিশাল ধন্থ রথে রাখিয়া কৃতবর্মার উপরে সর্পতুল্য একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥৩১॥

যুধিষ্ঠিরনিক্ষিপ্ত স্বর্ণখচিত সেই বিশাল শক্তিটা যাইয়া কৃতবৃর্মাব দক্ষিণ বাহু ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল॥৩২॥

এই সময়ে যুধিছির পুনরায় ধরু ধারণ করিয়া নতপর্ব বাণসমূহদারা কৃতবর্মাকে আচ্ছাদন কবিলেন ॥৩৩॥

তাহার পর বীর ও বৃষ্ণিবংশেব মধ্যে প্রধান রখী কৃতবর্মা নিমেবার্দ্দমধ্যে ষ্ধিষ্ঠিরের রথেব সার্থিকে ও অধ্গুলিকে বিনাশ করিলেন ॥ ১৪॥

(७२)…भाष्ट्रावस्त्रन त्थविद्याः नि । (७१)…श्रष्टाः हर्ष मगान्दर नि ।

তোমরস্ক ততো গৃহ্থ স্থানিক্যক্ত মুধিন্তিরঃ ॥৩৬॥
তমাপারক্তং সহসা ধর্মারাজভুজচ্যুত্য ।
বিধা চিচ্ছেদ হার্দ্দিক্যঃ কৃতহন্তঃ স্ময়নিব ॥৩৭॥
ততঃ শরশতেনাজো 'ধর্মাপুত্রমবাকিরং ।
ক্বচঞ্চাক্ত সংক্রুদ্ধঃ শরৈন্তীক্ষেরদারয়ৎ ॥৩৮॥
হার্দ্দিক্যশরসংছন্নং ক্বচং ত্রমহাত্মনঃ ।
বার্শীর্যুত রণে রাজন্ ! তারাজালমিবান্থরাৎ ॥৩৯॥
স চিছ্লধন্য বিরপঃ শীর্ণবর্মা শরান্দিতঃ ।
অপায়াসীত্রণাত্ত্র্বং ধর্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৪০॥

ভারতকৌমূদী

ভোমরমিভি। ভোমবং ভদানীস্তনমন্ত্রবিশেবম্, গৃহ গৃহীড়া ।৩৬। ভমিভি। কৃতহন্ত: শিক্ষিতহন্ত:, শ্বয়ন্ শ্বয়মান ঈবদ্দন্ ।৩৭। ভত ইভি। আজৌ যুদ্ধে, অবাকিরং আবুণোং কৃতবর্দা ।৩৮। হার্দিক্যেভি। মহাত্মনো যুধিষ্টিরক্ত। বাশীধাত ক্তপতং ।৩১। স ইভি। অপায়াসীং অপস্তবান্ ।৪০।

ভদনস্তর যুধিষ্ঠির খড়া ও চর্ম ধারণ করিলেন; তখন কৃতবর্দ্দা স্থার বাণসমূহদারা ভাহাও বিনষ্ট করিলেন ॥৩৫॥

ভৎপরে যুখিষ্ঠির স্বর্ণনণ্ড ও হুর্দ্ধর্য একটা ভোমর ধারণ করিয়া সম্বর ভাহা কৃতবর্ম্মার উপরে নিক্ষেপ কবিলেন ॥৩৬॥

ধর্মরাজের হস্তচ্যত সেই তোমরটা বেগে আসিতে লাগিলে, শিক্ষিতহস্ত কৃতবর্ম্মা হাস্ত করতই যেন তাহা ছুই খণ্ডে ছেদন করিলেন ॥৩৭॥

তাহার পর কৃতবর্মা অত্যস্তকুদ্ধ হইয়া বছতর বাণদারা যুধিন্ঠিরকৈ আর্ড করিলেন এবং অ্থর তীক্ষ বাণসমূহদারা উহার কবচ বিদীর্ণ করিলেন ॥৩৮॥

রাজা। তখন কৃতবর্দার বাণবিদীর্ণ সেই যুখিছিরের কবচটা—আকাশ হইতে নক্ষত্রসমূহের স্থায় পতিত হইল ॥৩৯॥

এই সময়ে ছিন্নকার্ক, রথবিহান, পতিতক্ষচ ও বাণসীড়িত ধর্মপুত্র ষুধিষ্ঠির সত্তর রণস্থল হইতে অপস্ত হইলেন ॥৪৩॥

⁽७३) ... क्वरः छन्मश्यनम् ... वा नि ।

কুতবর্দ্মা তু নির্জিত্য ধর্মারাজং যুধিষ্ঠিরম্।
পুনর্দ্রোণস্থ জুগুপে চক্রমেব মহাবলঃ ॥৪১॥
ভূরিস্ত সমরে রাজন্! শৈনেয়ং রথিনাং বরম্।
আপতন্তমপাদেধৎ প্রবণাদিব কুঞ্জরম্॥৪২॥
অথনং সাত্যকিঃ কুদ্ধঃ পঞ্চতিনিশিতৈঃ শরৈঃ।
বিব্যাধ হৃদয়ে ভূর্ণং প্রাহ্রবন্তস্থ শোণিতম্ ॥৪০॥
তথৈব কোরবো যুদ্ধে শৈনেয়ং যুদ্ধ মুদ্দম্দম্।
দশভিবিশিথৈন্তীক্রেরবিধ্যত ভুজান্তরে ॥৪৪॥
তাবস্থোন্তং মহারাজ! ততক্ষাতে শরৈভূশম্।
ক্রোধসংরক্তনয়নো ক্রোধাদ্বিস্ফার্য্য কাম্মুকে ॥৪৫॥

ভারতকৌমুদী

ক্তেভি । ভূগুণে ররক, চক্রং দৈলম্ ।৪১।

ভृतिदिछि। ভृतिर्माम क्करानीतः कन्छितैतः। প্রবণাথ জ্বনিম্নদেশাথ ॥৪२॥

অথেতি। প্রাশ্রবং হর্মারিরসরং, ডক্স ভূরে: ॥৪৩॥

তথেতি। কৌরবো ভূরিঃ, শৈনেয়ং সাত্যকিষ্। ভূজযোরস্তরে বক্ষসি ॥৪৪॥

ভাবিভি। ভতকাতে প্রদত্ত্বিতার্থ: ।৪৫।

কিন্তু মহাবল কৃতবর্দ্মা ধর্মরাজ বুধিষ্ঠিরকে জয় করিয়া পুনরায় জোণের চক্রই রক্ষা করিতে লাগিলেন ॥৪১॥

রাজা! ওদিকে রথিশ্রেষ্ঠ সাভ্যকি যুদ্ধে আসিতে লাগিলে, ভূরি নিমদেশ হইতে হন্তীর স্থায় তাঁহাকে বারণ করিতে প্রারুত্ত হইলেন ॥৪২॥

ভাহার পর সাত্যকি ক্রুদ্ধ হইয়া পাঁচটা স্থার বাণদারা সদর ভূরির জ্রদরে ভাড়ন করিলেন ; তখন ভূরির জ্ঞায় হইড়ে রক্ত নির্গত হইতে লাগিল ॥৪৩॥

ভূরিও সেইরূপই দশটা তীক্ষ বাণদারা যুক্তর্দ্ধর্ব সাভ্যকির বক্ষস্থল বিশ্ব করিলেন ॥৪৪॥

মহারাজ! ক্রোধে আরক্তনয়ন ভূরি ও সাত্যকি ক্রোধবশতঃ ধরু ছইখানা বিক্টারিত করিয়া বাণদারা এইভাবে পরম্পর গুরুতর প্রহার করিতে লাগিলেন ॥৪৫॥

⁽৪১) ··ধর্মাত্মানং যুধিষ্টিবষ্ · বা নি । ইতঃ পরম্ '·· জিষষ্টাধিকশততমোহধ্যায়ঃ' বদ বিষ্কি, '···পঞ্চষ্টাধিকশততমোহধ্যায়ঃ' বা রা, '···ষ্ট্ষষ্টাধিকশততমোহধ্যায়ঃ' নি । ততঃ 'সময় উবাচ' ইতি সূর্বজ্ঞ । (৪৩) ···জ্বায়ে তক্তমানি ।

তয়োরাসীশহারাজ! শরয়য়ঃ হদারণা।
কুদ্ধয়োঃ সায়কম্চোর্যশন্তকনিকাশয়োঃ ॥৪৬॥
তাবলোতাং শরৈ রাজন্! সংছাত্ত সমরে ছিতোঁ।
মুহুর্ত্তিঞ্চর তদ্যুদ্ধং সমর্রপমিবাভবং ॥৪৭॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! শৈনেয়ঃ প্রহসমিব।
ধলুশ্চিচ্ছেদ সমরে কোরবাস্থ মহাত্মনঃ ॥৪৮॥
তাবনং ছিমধন্যানং নবভিনিশিতৈঃ শরৈঃ।
বিব্যাধ ছদয়ে তুর্গং তির্চ তির্চেতি চাত্রবীং ॥৪৯॥
শোহতিবিদ্ধো বলবতা শক্রণা শক্রতাপনঃ।
ধলুরতাং সমাদায় সাহতং প্রত্যবিধ্যত ॥৫০॥
স বিদ্ধা সাহতং বাণৈস্ত্রিভিরের বিশাংপতে!।
ধলুশ্চিচ্ছেদ ভয়েন হতীক্ষেন হসমিব ॥৫১॥

ভারতকোমুদী

ভাবিভি। সমন্ধপমিব সমানমিব 1811

তত ইতি। কৌরবাক ভ্বে: ॥৪৮॥

অথেতি। এনং ভূরিম্। বিব্যাধ শৈনের ইতাহবৃত্তিঃ ।৪৯৪

স ইতি। স ভ্রি:। শক্রণা সাত্যকিনা। সাত্তং সাত্যকিষ্।৫০।

স ইভি। ধহু: সাম্বভক্ষ, ভরেন ভদাথোনাত্মেণ 1৫১।

জুৰ, বাণবৰ্ষী এবং যম ও অন্তকের স্থায় ভীষণমূর্ত্তি ভূরি ও সাভ্যকির তথন অভিদায়ণ বাণর্ষ্টি ইইতে লাগিল ॥৪৬॥

রাজা। এইভাবে তাঁহারা বাণছারা পরস্পার আয়ত করিয়া রণস্থলে অবস্থান করিতে লাগিলেন। সেই যুদ্ধ মৃহুর্ত্তকাল যেন সমানভাবেই ছইতে ধাকিল গ্রহণঃ

মহারাজ। তাহার পর সাত্যকি আরও জুদ্ধ হইয়া হাস্ত করঙই ধেন বুদ্ধে মহাত্মা ভূরির ধন্থ ছেদন করিলেন ॥৪৮॥

তদনস্তর তিনি নয়টা স্থার বাণদারা সদর ছিন্নখন। ভূরির জাদার বিদ্ধ করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৪৯॥

বলবান সাডাকি অত্যন্ত বিদ্ধ করিলে, শক্রডাপন ভূরি অঞ্চ ধয়ু সইয়া বাণ্ছারা সাডাকিকে প্রতিবিদ্ধ করিলেন ॥৫০॥

^{(8%)---}भन्नवृष्टिः ज्वाक्षणा --वा नि । - (89)---मःहास मगरिष्टिको---वा नि ।

ছিমধয়া মহারাজ! সাত্যকিং ক্রোধমৃদ্ভিতঃ।
প্রজহার মহাবেগাং শক্তিং তক্ত মহোরিয় ॥৫২॥
স তু শক্ত্যা বিভিন্নাক্ষো নিপপাত রথোত্তমাং।
লোহিতাঙ্গ ইবাকাশাদীপ্রশার্যদৃদ্ভয়া ॥৫০॥
তক্ত দৃষ্ট্বা হতং শ্রমশ্বথামা মহারথঃ।
অভ্যথাবত বেগেন শৈনেয়ং প্রতি সংযুগে ॥৫৪॥
তিষ্ঠ তিষ্ঠেতি চাভায়্য শৈনেয়ং স নরাধিপ!।
অভ্যবর্ষচ্ছরোঘেণ মেরুং রফ্যা যথাসুদঃ য়৫৫॥
ভনাপতত্তং সংরক্ষং শৈনেয়ত্য রথং প্রতি।
ঘটেৎক্রেবিড্রাজন্! নাদং মৃত্যুগ মহায়থঃ ॥৫৬॥

ভারতকোম্বনী

ছিয়েভি। প্রজহার চিকেপেডার্থ:। মহোবদি বিশালবক্ষদি ॥৫২॥

স ইতি। বিভিন্নছো বিদীর্থবকাঃ। লোহিভালো মললগ্রহা, যদৃচ্যা দৈবেন 1৫৬।

ভমিভি। ভং ভূরিম্। শৈনেছং সাভ্যকিম্, সংযুগে বণাগনে ॥ । ।।

ডিঠেডি। খাভার উক্তা। মেকং পর্বাডম, অধুদো মেখ: 1001

ডমিডি। আপডভমাগচ্ছখম, সংরক্ত কুর্দ্ধম্ ॥৫৬॥

নরনাথ! ভূরি তিনটা বাণদারাই সাত্যকিকে বিদ্ধ করিয়া হাসিতে হাসিতেই যেন একটা স্থতীক্ষ ভল্লদারা সাত্যকির ধন্ন ছেদন করিকোন #৫১#

মহারাজ। ধরু ছিন্ন হইলে, সাত্যকি ক্রোধে অধীর হইয়া ভূরির বিশাল বিক্তব্যে একটা মহাবেগা শক্তি নিক্ষেণ করিলেন ॥৫২॥

শেষ্টি শক্তির আঘাতে ভ্রির বক্ষ বিদীর্ণ হইলে, দৈববশতঃ আকাশ ছইছে উজ্জ্বরশীয় মঙ্গপ্রহ যেমন পড়িত হয়, সেইরূপ ভূরি উত্তম রূপ হইতে পড়িত ছইলেন ॥৫৩॥

বীর ভূরিকে নিহত দেখিয়া মহারথ অশ্বত্থামা বেগে সাভ্যকির রথের দিকে
শাবিত হইলেন ॥৫৪॥

নরনাথ! পরে অশ্বথামা 'থাক থাক' এই কথা বলিসা—মেঘ ফেমন মেকপর্কডের উপরে বারি বর্ষণ করে, সেইরূপ সাত্যকির উপরে বাণ ব্যব্ করিতে সাগিলেন ॥৫৫॥

রাজা। অধথামা জুদ্দ হইয়া সাত্যকির রথের দিকে আসিতে কাগিলে, মহারথ ঘটোৎকচ সিংহনাদ ছাড়িয়া অরখামাকে বলিল—॥৫৩%

^{(20) --} म्बन्धामा यहात्रथम् - नि।

তিষ্ঠ তিষ্ঠ ন মে জীবন্ দ্রোণপুত্র ! গমিয়িসি ।
এব তাং নিহনিয়ামি মহিবং মৃগরাড়িব ।
যুদ্ধশ্রদামহং তেহল বিনেয়ামি রণাজিরে ॥৫৭॥
ইক্যুক্ত্বা ক্রোধতাত্রাক্ষো রাক্ষ্যঃ পরবীরহা ।
ক্রোণিমভ্যদ্রবহু ক্রোগজেন্দ্রমিব কেশরী ॥৫৮॥
রথাক্ষমাত্রৈরিযুভিরভ্যবর্ষদ্ঘটোৎকচঃ ।
রথিনাম্বভং ক্রোণিং ধারাভিরিব তোয়দঃ ॥৫৯॥
শরর্ষ্টিস্ক তাং প্রাপ্তাং শরৈরাশীবিষোপমৈঃ ।
শাত্রমান্য সমরে তর্সা ক্রোণিরুৎস্ময়ন্ ॥৬০॥
ততঃ শরশতৈস্তীক্রৈর্মর্ম্মভেদিভিরাস্তিগৈঃ ।
সমাচিনোদ্রাক্ষ্যেসক্রং ঘটোৎকচমরিন্দ্রম্য ॥৬১॥

ভারতকৌশ্বদী

তিঠেতি। মৃগরাট্ সিংহ:। বিনেয়ামি নাশমিয়ামি। বট্পাদোহয়ং শ্লোক: 14 ৭। ইতীতি। প্রবীবান্ হন্তীতি পর্বীরহা। অভ্যন্তবং অভ্যধ্যবং 16৮॥ রপেতি। বথস্ত অক্ষমাত্রৈদারুবিশেষপ্রমাণের্বিশালৈবিভ্যর্থ:, ইবৃভির্বাণে: 16२॥ শরেতি। শাত্রামাস নাশমামাস, ভবসা বেগেন, উৎশয়ন্ ঈষদ্বসন্ 160॥ ভত ইতি। আগুগৈক্রভিগামিভি:। সমাচিনোং ব্যাপ্নোং 16১॥

'জোণপুত্র! থাক থাক, তুমি জীবিত অবস্থায় আমার নিকট হইতে যাইতে পারিবে না'; সিংহ যেমন মহিব রধ কবে, সেইরূপ এই আমি তোমাকে বধ করিব। আজ আমি সমরাঙ্গনে তোমাব যুদ্ধলালসা দূর করিব' ॥৫৭॥

এই কথা বলিয়া বিপক্ষণীবহস্তা কুজ ঘটোৎকচ ক্রোধে আরক্তনয়ন হইয়া—সিংহ যেসন গজেন্দ্রের প্রতি ধাবিত হয়, সেইরূপ অশ্বত্থামাব প্রতি ধাবিত হইল ॥৫৮॥

ক্রমে মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ ঘটোৎকচ রথিঞ্ছে অশ্বত্থামার উপরে বিশাল বাণবর্ষণ করিতে লাগিল॥৫৯॥

এদিকে অশ্বত্থামাও ঈশং হাস্ত করতঃ সর্পত্ন্য বাণসমূহদারা উপস্থিত সেই বাণবৃষ্টিকে ক্রত নিবারণ করিতে লাগিলেন ॥৬০॥

ভাহার পর অশ্বথায়া ভীক্ষ্, মর্মভেদী ও ক্রন্তগামী বাণসমূহধারা রাক্ষসশ্রেষ্ঠ শক্রদমনকারী ঘটোৎকচকে ব্যাপ্ত করিয়া কেলিলেন ॥৬১॥

⁽৫৭) --- এব ছাভ হনিয়ামি মহিষং ক্ষরাভিব -- পি বন্ধ বৰ্ছ, -- মহিষং শরভো ষর্বা। বা।

স শরৈরাচিতন্তেন রাক্ষসো রণমূর্দ্ধনি।
ব্যকাশত মহারাজ! শাবিচ্ছললিতো যথা ॥৬২॥
ততঃ ক্রোধসমাবিষ্টো ভৈমসেনিঃ প্রতাপবান্।
শরৈরবচকর্ত্তোগ্রৈর্দ্রোণিং বক্রাশনিপ্রতিঃ ॥৬০॥
ক্রুরপ্রের্দ্ধচন্তৈশ্চ নারাচেঃ সশিলীমুথৈঃ।
বরাহকর্ণেনালীকৈর্বিকর্ণেশ্চাভ্যবীর্ষৎ ॥৬৪॥
তাং শস্ত্রর্প্তিমতুলাং বক্রাশনিসমন্ত্রনাম্।
পতন্তীমুপরি ক্রুদ্ধো ক্রোণিরব্যথিতেন্দ্রিয়ঃ ॥৬৫॥
অত্ঃসহাং শরৈর্ঘোরের্দিব্যান্ত্রপ্রতিমন্ত্রিতঃ।
ব্যধমৎ স্থমহাতেজা মহাভ্রাণীব মারুতঃ ॥৬৬॥ (যুগ্মকম্)

ভারতকোমুদী

স ইতি। আচিতো ব্যাপ্তদেহ:। খাবিৎ জন্ধবিশেষ:, শদ্দিত: কণ্টকিত: ১৬২॥
তত ইতি। বজ্ঞাশনিপ্রতৈ: বজ্ঞবন্ধেগবৃদ্ধি: অশনিবিদ্যুৎ ত্রম্ভুল্ললৈ: ১৬৩॥
ক্বপ্রৈবিতি। ক্বপ্রাদীনি বাণনামানি। অভাবীবৃষৎ অবর্ষৎ। খার্থে ইন্ ৪৬৪॥
তামিতি। বজ্ঞাশনিসমন্ধনা: বজ্ঞবিদ্যুক্ত্রশত্লাশসাম্। অব্যথিতে ক্রিয়: অমুদ্যিটিত্ত:।
দিব্যাত্রেণ দিব্যাত্রমত্রেণ প্রতিমন্ত্রিত:। ব্যধ্মঘ্যনাশয়ৎ, মহাপ্রাণি মহামেঘান্ ৪৬৫—৬৬॥

মহারাজ। সেই বাণসমূহ যাইয়া ঘটোৎকচের দেহ ব্যাপ্ত করিলে, ঘটোৎকচ—কণ্টকব্যাপ্ত শেজারুব ক্রায় সমবাঙ্গনে প্রকাশ পাইডে লাগিল॥৬২॥

তাহাব পর প্রতাপশালী ঘটোংকচ অত্যস্তক্র্দ্ধ হইয়া বজ্লেব তুল্য বেগবান্ এবং বিহ্যতেব স্থায় উজ্জ্বল ভীষণ বাণসমূহদাবা অশ্বত্থামাব দেহ ক্ষতবিক্ষত করিতে থাকিল ॥৬৩॥

ক্রমে ঘটোৎকচ অশ্বত্থামার উপরে ক্ল্বপ্র, অর্দ্ধচন্দ্র, নারাচ, শিলীমুখ, বরাহকর্ণ, নালীক ও বিকর্ণ বর্ষণ কবিতে লাগিল ॥৬৪॥

এদিকে অভিমহাতেজা অশ্বখামাও কুদ্ধ হইয়া অনুদিগ্ন থাকিয়া—বাযু যেমন মহামেঘ সকল বিনাশ কবে, সেইকপ স্বৰ্গীয়াস্ত্ৰমন্ত্ৰে অভিমন্ত্ৰিত ভয়ঙ্কব বাণসমূহদারা নিজেব উপবে পতনশীল, বজ্ৰ ও বিহ্যুতেব তুল্য শক্ষুক্ত, অতুলনীয় ও অভিহঃসহ সেই অস্ত্ৰবৃষ্টি বিনষ্ট কবিতে থাকিলেন ॥৬৫—৬৬॥

⁽৬২) ··খাবিচ্ছললতো ধথা—বা নি। (৬৪) ·· নালীকৈন্তীক্ষৈশ্চাণি বিকর্ণিভি: ··পি বঙ্গ বর্ম।

ততোহস্তরীকে বাণানাং সংগ্রামোহন্ত ইবাভবং। ঘোররপো মহারাজ! যোবানাং হর্ষবর্ধনঃ ॥৬৭॥ ততোহস্ত্রসংঘর্ষকৃতির্বিক্ষ্ লিক্ষঃ সমন্ততঃ। বভৌ নিশামুখে ব্যোম থলোতৈরিব সংর্তম্ ॥৬৮॥ স মার্গণগথৈটোণিদিশঃ প্রচ্ছান্ত সর্বশঃ। প্রিয়ার্থং তব পুরোণাং রাক্ষসং সমবাকিরং ॥৬৯॥ ততঃ প্রব্রতে যুদ্ধং দ্রৌণরাক্ষসযোর্ম ধে। বিগাঢ়ে রজনীমধ্যে শক্তপ্রহ্লাদয়োরিব ॥৭০॥ ততো ঘটোৎকচো বাণৈদশভির্দ্রোণিমাহবে। জঘানোরিস সংক্রেদ্ধঃ কালজ্বনসমিজঃ ॥৭১॥ স তৈরভ্যায়তৈর্বিদ্ধো রাক্ষসেন মহাবলঃ। চচাল সমরে দ্রৌণর্বাত্রম ইব ক্রমঃ। স মোহমমুসংপ্রাপ্তো ধ্বজ্বন্তিং সমাপ্রিতঃ ॥৭২॥

ভারতকোমুদী

ভত ইতি। হর্ষবর্ধন: অভ্তভাবেন প্রবৃত্তেরিতি ভাব: ॥৬৭॥ তত ইতি। বিক্লিকৈবয়িকণৈ:। ব্যোম গগনম্ ॥৬৮॥

म देखि। मार्गनगर्दनवानमप्रदेशः। वाक्रमः चर्तोरकतम्, ममवाकिवनशिख्यः ॥ ७३॥

তত ইতি। মুধে বণস্থলে। প্রগাঢ়ে গভীবে ॥ १ • ॥

ডভ ইতি। উবিদ বন্দদি। কালে প্রলম্পময়ে যো জলনো বহিন্তৎদ্রিভৈ: ।৭১।

স ইতি। অভ্যায়তৈবতিদীবৈ:। বাভন্নো বায়্চালিত:। বট্পাদোহয় শ্লোক:॥१२॥

নহারাজ। তাহার পর আকাশে যেন বাণসমূহেবই আর একটা ভয়ঙ্কব ৰুদ্ধ হইতে সাগিল; ভাহাতে যোদ্ধাদের আনন্দবৃদ্ধি পাইতে থাকিল॥৬৭॥

ভদনস্তব সেই রাত্রির প্রথমভাগে সকল দিকে অস্ত্রসংঘর্ষজনিত অগ্নিফুলিঙ্গে আকাশটা যেন খড়োভারত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৬৮॥

রাজা! তখন অশ্বত্থামা আপনার পুত্রগণেব প্রীতির জন্ম বাণসমূহদারা সকল দিক্ আবৃত করিয়া ঘটোৎকচকে পীড়ন কবিতে থাকিলেন ॥৬৯॥

ভংপবে সেই গভীর রন্ধনীসময়ে সমরাঙ্গনে ইন্দ্র ও প্রহ্লাদের স্থায় অখ্থামা ও ঘটোংকচের দারুণ যুদ্ধ চলিতে লাগিল ॥৭০॥

ভাহার পর ঘটোংকচ অভ্যস্তক্তকু হইয়া প্রলয়কালের অগ্নির স্থায় উজ্জ্বল মুখটা বাণ্যারা অধ্থামার বক্ষস্থলে আঘাত করিল ॥৭১॥

⁽७२) - पिनः अकाच नर्सछः --- वा नि।

ততো হাহাকুতং সৈন্তং তব সর্বাং জনাধিপ!।

হতং স্ম মেনিরে সর্বের তাবকান্তং বিশাংপতে!॥৭০॥

তং তু দৃষ্ট্যা তথাবন্ধমন্থখামানমাহবে।

পাঞ্চালাঃ স্প্রেরাশ্চির সিংহনাদান্ প্রচজিরে॥৭৪॥

প্রতিলভ্য ততঃ সংজ্ঞামন্থখামা মহাবলঃ।

ধসুঃ প্রশীভ্য বামেন করেণামিত্রকর্ষণঃ॥৭৫॥

মুমোচাকর্ণপূর্ণেন ধনুষা শরমুত্তমন্।

যমনভোপমং ঘোরমুদ্দিশাশু ঘটোৎকচন্॥৭৬॥ (যুগাকম্)

স ভিত্বা হৃদয়ং তন্ম রাক্ষসন্থ শরোভ্মঃ।

বিবেশ বহুধামুগ্রঃ সপুঝঃ পৃথিবীপতে!॥৭৭॥

ভারতকোমুদী

তত ইতি। হাহা ইত্যস্ত কৃতং ক্রণমস্তান্তীতি অর্শ আদিবাদং ॥৭৩॥ ভামতি। তথা তাদৃশী মোহপ্রাপ্তা অবস্থা যস্ত তম্ ॥৭৪॥ প্রতীতি। প্রণীত্য দৃঢ়ং ধুয়া। আকর্ণপূর্ণেন আকর্ণাকৃষ্টেন ॥৭৫—৭৬॥ দ ইতি। বস্থাং সমবভূমিম, পুন্ধেন মূলদেশেন সহেতি সং ॥৭৭॥

ঘটোংকচ সেই সুদীর্ঘবাণগুলিদ্বারা বিদ্ধ করিলে, মহাবল আশ্বামা বাষ্চালিভ বৃক্ষের স্থায় কাঁপিতে লাগিলেন এবং মোহাবেশে ধ্রজদণ্ড ধারণ করিয়া রহিলেন ॥৭২॥

নবনাথ রাজা! তদনস্তব আপনার সকল সৈতাই হাহাকার করিতে লাগিল এবং আপনার পক্ষের সমস্ত লোকই অশ্বথামাকে নিহত বলিয়া মনে করিল ॥৭৩॥

আর মৃদ্ধে অখন্ধানাকে তদবস্থ দেখিয়া পাঞ্চাল ও স্থায়সৈন্ডেরা সিংহনাদ করিতে থাকিল ॥৭৪॥

তংপবে মহাবল ও শক্তহন্তা অশ্বত্থামা চৈতক্ত লাভ করিয়া বামহন্তে দূঢ়ভাবে ধকু ধারণপূর্বক সেই আকর্ণ আকৃষ্ট ধনুদারা যমদণ্ডের ভূল্য ভয়ত্বর একটা উত্তম বাণ ঘটোংকচের উদ্দেশে সম্বর নিক্ষেপ করিলেন ॥৭৫—৭৬॥

মহাবাজ! তখন উত্তম ও ভয়ঙ্কর সেই বাণটা যাইয়া ঘটোংকচের ছাদয় ভেদ করিয়া পুঝাদেশেব সহিত ভূতলে প্রবেশ কবিল ॥৭৭॥

⁽१०)...मर्स्स खानसङ्गः कनाधिभाः-नि।

সোহতিবিদ্ধো মহারাজ! রথোপস্থ উপাবিশং।
রাক্ষসেন্তঃ স্থবলবান্ দ্রোণিনা রণশালিনা ॥৭৮॥
দৃষ্ট্বা বিমৃঢ়ং হৈড়িন্বং সারথিস্ত রণাজিরাং।
দ্রোণঃ সকাশাং সম্ভান্তস্থপনিন্যে ত্বরাম্বিতঃ ॥৭৯॥
তথা তু সমরে বিদ্ধা রাক্ষসেন্ত্রং ঘটোংকচম্।
ননাদ স্থমহানাদং দ্রোণপুত্রো মহারথঃ ॥৮০॥
পূজিতস্তব পুত্রেশ্চ সর্বাযোধৈশ্চ ভারত!!
বপুষাভিপ্রজন্থাল মধ্যাক্ষ ইব ভাস্করঃ ॥৮১॥
ভীমসেনস্ত যুধ্যস্তং ভারদ্বাজরথং প্রতি।
স্বয়ং দুর্যোধনো রাজা প্রত্যবিধ্যচ্ছিতঃ শরৈঃ ॥৮২॥
তং ভীমসেনা দশভিঃ শরৈবিব্যাধ মারিষ!।
দুর্যোধনোহপি বিংশত্যা শরাণাং প্রত্যবিধ্যত ॥৮০॥

ভাবতকৌমূদী

স ইতি। রথক উপত্তে উপবেশনস্থানে। বণশালিনা যুদ্ধদক্ষতাযুক্তেন ॥ ৭৮॥
দৃষ্টেই ি। হৈড়িয়ং হিডিয়ারাং পুঅং ঘটোংকচন্। সম্লাস্কো বিচলিত চিন্তঃ ॥ ৭৯॥
তথেতি। ননাদ চকাব ॥ ৮০॥
পুলিত ইতি। অভিপ্রক্ষাল শ্রোণপুত্র ইতার্যুদ্ধিঃ ৮১॥
ভীমেতি। যুধান্তং যুধামানম্, ভার্যাক্ষ্ম শ্রোণস্ত বথং প্রতি । ৮২॥
ভমিতি। হে মারিষ। আর্যা! "আর্যান্ত মাবিয়ং" ইত্যানবং ॥ ৮০॥

মহারাজ। যুদ্ধনিপুণ অশ্বখামা অভ্যন্তবিদ্ধ কবিলে, অভিবলবান্ ঘটোৎকচ রথমধ্যে উপবেশন করিল ॥৭৮॥

তথন ঘটোৎকচের সারথি ঘটোৎকচকে মূর্চ্ছিত দেখিয়া বিচলিত ও ত্বান্বিত হইয়া অর্থথামার নিকট হইতে তাহাকে লইয়া গেল ॥৭৯॥

এদিকে মহাবথ অশ্বত্থামা বুদ্ধে সেইভাবে রাক্ষসপ্রেষ্ঠ ঘটোৎকচকে বিদ্ধ করিয়া অভিবিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥৮০॥

ভরতনন্দন। তখন আপনার পুত্রেরা ও সমস্ত খোদ্ধারা অশ্বখামার প্রশংসা করিতে লাগিলেন, অশ্বখামাও মধ্যাহ্নকালীন সূর্য্যের স্থায় দেহের তেকে জলিতে থাকিলেন ॥৮১॥

ওদিকে ভীমসেন জোণের বথের নিকটে যুদ্ধ করিতেছিলেন; তখন স্বয়ং রাজা ছুর্য্যোধন সুধাব বাণসমূহদারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৮২॥

⁽१४)--- द्रवयानिना-- थि।

তে সায়কৈরবচ্ছমাবদৃশ্যেতাং রণাজিরে।
মেঘজালসমাচ্ছমো নভসীবেন্দ্ভাস্করো ॥৮৪॥
অথ তুর্যোধনো রাজা ভীমং বিব্যাধ পত্রিভিঃ।
পঞ্চতিরতশ্রেষ্ঠ ! তিষ্ঠ তিষ্ঠেতি চাত্রবীৎ ॥৮৫॥
তক্ষ ভীমো ধমুশ্ছিত্বা ধ্রজঞ্চ দশভিঃ শরৈঃ।
বিব্যাধ কৌরবজ্রেষ্ঠং নবত্যা নতপর্ব্বণাম্ ॥৮৬॥
ততো তুর্যোধনং ক্রুদ্ধো ধমুরক্তমহত্তরম্।
গৃহীত্বা ভরতজ্রেষ্ঠো ভীমসেনং শিতৈঃ শরৈঃ।
অপীড়য়দ্রণমুথে পশ্যতাং সর্ব্বধন্বিনাম্ ॥৮৭॥
তান্ নিহত্য শরান্ ভীমো তুর্যোধনধমুশ্চুতান্।
কৌরবং পঞ্চবিংশত্যা ক্রুদ্রকাণাং সমার্পয়ৎ ॥৮৮॥

ভারতকোমুণী

णिविछि। कृष्णपक्ष्र्वादङ्ग न्छिन यूग्रामिन्न् छाक्षत्रद्धाः विखिनखेवः ॥৮৪॥

অথেতি। পত্ৰাণি পক্ষিপকা একাং সম্ভীতি পত্ৰিণো বাণাছৈ: ॥৮৫॥

ডভেতি। কৌরবভার্তং ছর্ক্ষোধনম্, নভপর্বণামীষধকোপাস্থানাং বাশানাম্ ॥৮৬॥

ডভ ইভি। শিতৈঃ শিলাহ ঘর্ষণেন ভন্কভধারৈঃ। বট্পাদেহিয়ং শ্লোকঃ ৮৮৭।

তানিতি। কৌশ্ববং দুর্ঘ্যোধনম্। ক্ষকাণাং তদাখ্যানাং বাণানাম্, সমার্পন্নপীড়ন্নং ॥৮৮॥

মাননীয় রাজা! পরে ভীমসেন দশটা বাণছাবা ত্র্যোধনকে তাড়ন করিলেন; তখন ত্র্যোধনও কুড়িটা শবদারা তাঁহাকে প্রতিতাড়ন করিলেন ॥৮৩॥

ক্রমে আকাশে মেঘজালসমাজ্য চন্দ্র ও সূর্ব্যেব স্থায় ভীম ও তুর্ব্যোধনকে বাণাচ্ছয় দেখা যাইতে লাগিল ॥৮৪॥

ভরতশ্রেষ্ঠ। তদনস্তর বাজা ত্র্যোধন পাঁচটা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিলেন এবং 'থাক' থাক' এই কথা বলিলেন ॥৮৫॥

তখন ভীমসেন দশটা বাণদ্বাবা ত্র্যোধনের ধরু ও ধ্বন্ধ ছেদন কবিয়া নতপর্ব্ব নব্বইটা বাণদ্বারা ভাঁহাকে বিদ্ধ করিলেন ॥৮৬॥

তাহার পব ভরতশ্রেষ্ঠ ত্র্যোধন ক্রন্ধ হইয়া অন্ত বিশাল ধরু লইয়া স্থার বাণসমূহদারা সমস্ত ধহুর্বরগণের সমক্ষে যুদ্ধে ভীমসেনকে পীড়ন করিলেন॥৮৭॥

তখন ভীমসেন ত্র্যোধনের ধয়ু হইতে নির্গত সেই বাণগুলিকে প্রতিহত ক্রিয়া পঁচিশটা ক্ষুত্রকদারা তাহাকে প্রহাব করিলেন ॥৮৮॥ তুর্যোধনস্ত সংক্রুদ্ধে ভীমসেনস্থ মারিব!।

স্কুরপ্রেণ ধনুশ্ছিত্বা দশভিঃ প্রত্যবিধ্যত ॥৮৯॥

অথান্মদ্ধরাদায় ভীমসেনো মহাবলঃ।

বিব্যাধ নৃপতিং তুর্ণং সপ্রভিনিশিতৈঃ শরৈঃ॥৯০॥

তদপ্যস্থ ধনুঃ ক্ষিপ্রং চিচ্ছেদ লঘুহস্তবং।

দ্বিতীয়ঞ্চ তৃতীয়ঞ্চ চতুর্থং পঞ্চমং তথা॥৯১॥

আত্তমতিং মহারাজ! ভীমস্থ ধনুরচ্ছিনং।

তব পুত্রো মহারাজ! জিতকাশী মদোৎকটঃ॥৯২॥

স তদা চ্ছিল্মমানের কান্ম্রকের পুনঃ পুনঃ।

শক্তিং চিক্ষেপ সমরে সর্বপারশবীং দূঢ়াম্॥৯০॥

ভারতকোমূদী

ছুর্ব্যোধন ইতি। ক্ষুরপ্রেণ তদাখোন বাণেন। দশভির্বাণৈ: ১৮৯।
আথতি। বিব্যাধ তাড়য়ামাস, নৃপতিং ছুর্ব্যোধনম্ ১০।
তদিতি। লমুহত ঐল্রজালিকত্তরং। বিতীয়ং গৃহীতং ধয়:। এবময়য় ১০১।
আত্তমিতি। আত্তমাত্তং গৃহীতং গৃহীতম্। জিতমিতি ভাবে ক্তঃ। তেন জিতেন
জ্বেন কাশতে দীপ্যত ইতি জিতকাশী, মদেন উৎকট উন্মন্তঃ। মহারাজেতি বিক্জির্দোব এব ১০২।

স ইভি। সর্বেষ্বয়বেষ্ পাবশবীং লোহময়ীম্ ।১৩।

মাননীয় রাজা। এই সময়ে ছর্য্যোধন অত্যস্তকুদ্ধ হইয়া একটা ক্লুরপ্রদ্বারা ভীমসেনের ধনু ছেদন করিয়া দশটা বাণদ্বারা তাঁহাকে প্রভিবিদ্ধ
করিলেন ॥৮৯॥

তদনস্তর মহাবল ভীমসেন অন্ত ধন্তু লইয়া সাতটা স্থার বাণদারা সম্বর ছর্য্যোধনকে তাড়ন করিলেন ॥১০॥

ত্র্য্যোধন ঐক্রজালিকের স্থায় ভীমদেনের সে ধর্থানাও সম্বর ছেদন করিলেন। এইভাবে তিনি ভীমদেনের দিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বার গৃহীত ধন্থও কাটিয়া ফেলিলেন ॥১১॥

মহারাজ। এইভাবে ভীমসেন যে কয় বার ধন্থ গ্রহণ করিলেন, সেই কয় বারই বিজয়শোভী ও মদমত ছর্য্যোধন তাহা ছেদন করিলেন ॥৯২॥

বার বার ধন্থ ছিন্ন হইতে লাগিলে, তখন ভীমসেন লোহময়ী দৃঢ় একটা
শক্তি ছর্য্যোধনের উপরে নিক্ষেপ করিলেন ॥১৩॥

⁽৯২) - ধহুবাচ্ছিনং - - বদ বৰ্দ্ধ বা नि।

মৃত্যোরিব স্বদারং হি দীপ্তাং কেতুশিথামিব।

সীমন্তমিব কুর্বন্তীং নভদোহয়িসমপ্রভাম্ ॥৯৪॥

অপ্রাপ্তামেব তাং শক্তিং ত্রিধা চিচ্ছেদ কোরবঃ।

পশ্যতঃ সর্বলোকস্থ ভীমস্ত চ মহাস্থানঃ ॥৯৫॥ (যুগ্মকম্)

ততা ভীমো মহারাজ। গদাং গুর্বাং মহাপ্রভাম্।

চিক্ষেপাবিধ্য বেগেন ছুর্ব্যোধনরথং প্রতি ॥৯৬॥

ততঃ সা সহদা বাহাংস্তর্ব পুত্রস্ত সংযুগে।

সারথিক গদা গুর্বা মমর্দ্দ ভরতর্বভ!॥৯৭॥

পুত্রস্ত তব রাজেন্দ্র! রথাদ্ধেমপরিষ্কৃতাৎ।

আপ্রান্তঃ সহদা যানং নন্দকস্ত মহাস্থানঃ॥৯৮॥

ভারতকোমুদী

মৃত্যোবিতি। স্বদাবং ভগিনীম্। কেতোক্সংপাতগ্রহক্ত শিখাম্। সীমস্কং কেশ-বিক্যাসং কুর্বস্তীমিতি নকাবলোপাভাব আর্বং। স্বপ্রাপ্তাম্। কৌববো তুর্ব্যোধন: ১>৪—>৫॥

ডড ইভি। গুৰ্বীং বৃহতীম্। আবিধ্য খূৰ্ণয়িখা।>৬।

তত ইতি। বাহান্ অখান্। সংযুগে যুদ্ধে । ১ গা

পুত্র ইতি। বধানবভীর্যা গছেতি শেষ:। আগ্লুড আরুতঃ, যানং বধম্ ।৯৮॥

যমের ভগিনীব স্থায়, কেতৃগ্রহেব উজ্জ্বল শিখাব তুল্য এবং অগ্নির সমান প্রভাযুক্ত সেই শক্তিটা আকাশেব সীমস্ত (সাঁভি) করিতে করিতেই যেন আসিতে লাগিলে, ছর্য্যোধন সমস্ত লোকের ও মহাত্মা ভীমের সমক্ষেই অমুপস্থিত অবস্থাতেই সেটাকে ভিনখণ্ডে ছেদন কবিয়া ফেলিলেন ॥১৪—১৫॥

মহাবাজ। তদনস্তব ভীমসেন বিশাল ও উজ্জল একটা গদা ঘূর্ণিত করিয়া ছর্য্যোধনের রথেব দিকে তাহা বেগে নিক্ষেপ কবিলেন ॥৯৬॥

ভরতশ্রেষ্ঠ। পবে সেই বিশাল গদাটা বেগে যাইয়া হুর্য্যোধনের সার্য্যিকে ও যোড়াগুলিকে মর্দ্দন করিল ॥১৭॥

বাজপ্রেষ্ঠ। তখন ত্র্যোধন স্বর্ণভূষিত রথ হইতে অবতীর্ণ হইয়া বেগে যাইয়া মহাত্মা নন্দকের বথে আবোহণ করিলেন ॥১৮॥

⁽৯৪) । দীপ্তাং বহিশিখামিব · · নি। (৯৭) · · · মমদাশ্য রথং পুন: — নি। (৯৮) · · · বাজেন্ত্র। ভীমান্তীতঃ প্রণশ্ম চ। আফবোহ বথঞান্তম্ · · নি।

ততো ভীমো হতং মন্বা তব পুত্রং মহারথম্।
সিংহনাদং মহচ্চক্রে তর্জয়িব কোরবান্॥৯৯॥
তাবকাঃ দৈনিকাশ্চাপি মেনিরে নিহতং নৃপম্।
ততো বিচুকুশুঃ দর্বেতে হাহেতি সমস্ততঃ॥১০০॥
তেবাস্ত নিনদং শ্রুত্বা ত্রস্তানাং দর্বিযোধিনাম্।
ভীমদেনস্থ নাদঞ্চ শ্রুত্বা রাজন্। মহাত্মনঃ॥১০১॥
ততো যুধিষ্ঠিরো রাজা হতং মন্বা স্থযোধনম্।
অভ্যবর্ত্তত বেগেন যত্র পার্থো রকোদরঃ॥১০২॥ (যুগ্মকম্)
পাঞ্চালাঃ কৈকয়া মাৎস্থাঃ স্ক্সয়াশ্চ বিশাংপতে!।
সর্ব্বোদ্যোগেনাভিজগার্জোণমের যুর্ৎসয়া॥১০৩॥

ভারতকোমুদী

তত ইতি। হতং মঘা, প্রদীপানাং বিরলালোকে তুর্য্যোধনাপ্সব্ণাদর্শনাদিতি ভাব: ।৯৯॥

ভাবকা ইতি। মেনিরে, তথৈবাদর্শনাদিত্যাশয়:। বিচুক্ত্বার্ত্তনাদং চক্র: ४১০০॥ ভেষামিতি। মহাস্মনো মহাবদক্ত। অভ্যবর্ত্তত অভ্যগচ্ছৎ ॥১০১—১০২॥ পাঞ্চালা ইতি। যুষ্ৎসন্না যোগুমিচ্ছনা ॥১০৩॥

ভাবতভাবদীপঃ

বর্ত্তমান ইতি ॥১—১৮॥ সরিপত্য মিলিতা ॥১৯—৬৩॥ শিলীমুখৈর্তেকফলাকাবমুখৈ: ॥৬৪—৮৩। নভসি প্রাবণে ব্যোমি বা ।৮৪—১৯। সৈনিকা: সেনামুখা: ॥১০০—১০৪। ইতি লোণপর্কণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে চতুশ্চতারিংশদ্ধিকশততমোহখ্যায়: ॥১৪৪॥

রাজা! ভাহার পর ভীমসেন আপনার পুত্র মহারথ ছুর্য্যোধনকে নিহত মমে করিয়া কৌরবগণকে তিরস্থার করভই যেন বিশাল সিংহনাদ করিলেন ॥৯৯॥

আপনার সৈত্যেরাও বাদ্ধাকে নিহত মনে করিল। তৎপরে তাহারা সকলে সকল দিকে হাহাকার করিয়া আর্তনাদ করিতে লাগিল॥১০০॥

রাহ্মা। সেই সকল ভীত যোদ্ধাদের আর্ত্তনাদ এবং মহাবল ভীমসেনেব সিংহনাদ শুনিয়া হুর্য্যোধনকে নিহত মনে করিয়া রাজা যুখিষ্ঠির—শেখানে ভীমসেন ছিলেন, সেইখানে বেগে আগমন করিলেন ॥১০১—১০২॥

নরনাথ! ওদিকে পাঞ্চাল, কৈকয়, সংস্থা ও স্থায়সৈক্তেরা যুদ্ধ করিবার ইচ্ছায় সর্বোভ্যমে ডোণের দিকেই আসিতে লাগিল ॥১০৩॥

⁽১০७)...रेक्क्या मरकाः...नि यत्र वर्क् वा।

তত্রাসীৎ স্থমহদ্যুদ্ধং দ্রোণস্থাথ পরিঃ সহ।
ঘারে তমদি মগানাং নিম্নতামিতরেতরম্ ॥১০৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বাণি
ঘটোৎকচবধে তুর্য্যোধনপরাজ্যে চতুশ্চম্বারিংশদধিক-

শততমোহধ্যায়ঃ ॥•॥ * ———(:*:)———

পঞ্চতারিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সহদেবমধায়ান্তং জোণপ্রেশ্বুং বিশাংপতে !।
কর্ণো বৈকর্তনো যুদ্ধে বারয়ামাদ ভারত !॥১॥
সহদেবস্ত রাধেয়ং বিদ্ধা নবভিরাশুগৈঃ।
পুনবিব্যাধ দশভিবিশিধৈর্নতপর্ববিভঃ॥২॥

ভারতকৌমুদী

ভত্তেতি। তমসি অন্ধকাবে, মধ্যে মধ্যে সর্বদীপনির্বাণাদিত্যভিপ্রায়: ১১০৪। ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য বিবচিতায়াং মহাভারত-টীকায়াং ভাবতকৌমুদীসমাধ্যায়াং ক্রোণপর্বণি ঘটোৎক্চবধে চতুশ্চতাবিংশদধিকশতভমোহধ্যায়ং ১০৪

সহেতি। জোণপ্রেব্সুং যুদ্ধবরণায় জোণং প্রাপ্ত মিচ্ছুম্। বৈকর্ত্তনঃ স্থ্যপুত্তঃ ॥১॥ সহেতি। আন্তর্গৈক্র তিগামিভির্বাণেঃ। বিশিষ্টিপ্র্বিণেঃ, নতপ্রকৃতির্বজ্ঞোণাক্তঃ ॥২॥

ভাহার পর সেই স্থানে বিপক্ষগণের সহিত জোণের এবং ঘোব অন্ধকাবে নিময় ও পরস্পর আঘাতকাবী বীরগণের মহায়ুদ্ধ হইতে থাকিল' ॥১০৪॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন নরনাথ। সহদেব জোণেব সহিত যুদ্ধ করিবার জন্ম আসিতেছিলেন, তখন সূর্য্যপুত্র কর্ণ জাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১॥

^{* &#}x27;·· চতু:ষষ্টাধিকশতভমোহধ্যায়ः' বন্ধ বন্ধ, ' · ষ্ট্ৰষ্টাধিকশভভমোহধ্যায়ঃ' বা বা, '···সপ্তব্যষ্টাধিকশভভমোহধ্যায়ঃ' নি।

তং কর্ণং প্রতিবিব্যাধ শতেন নতপর্বনাম্।
সজ্যঞ্চাম্ম ধনুঃ শীব্রং চিচ্ছেদ লঘুহস্তবৎ ॥৩॥
উতোহমাদ্দুরাদায় মাদ্রীপুত্রঃ প্রতাপবান্।
কর্ণং বিব্যাধ বিংশত্যা তদভূতমিবাভবৎ ॥৪॥
তম্ম কর্ণো হয়ান্ হন্ধা শব্রৈঃ সন্নতপর্বভিঃ।
সার্থিঞ্চাম্ম ভল্লেন জ্রুতং নিম্মে ব্যক্ষযম্ ॥৫॥
বির্থঃ সহদেবস্ত খড়গর্চর্ম সমাদদে।
তদপ্যস্থ শব্রৈঃ কর্ণো ব্যধমৎ প্রহদন্দিব ॥৬॥
ত্বথ প্রবীং মহাঘোরাং হেম্চিত্রাং মহাগদাম্।
প্রেষ্থামাস সমরে বৈকর্তনর্থং প্রতি ॥৭॥

ভারতকৌমুদী

তমিতি। আনতপর্বণাং বাণানাম্। 'সজ্ঞাং সপ্তণম্। লঘুহন্ত ঐক্রজালিকন্তবং মথা তত ইতি। বিংশত্যা বাণৈ:। অদিতীয়বীবস্ত কর্ণস্ত তাড়নমেবান্ত্তমিতি ভাবং মধা তন্তেতি। যমস্ত করং ভবনম্, "নিলয়াপচয়ৌ করৌ" ইত্যমবং মধা বিবথ ইতি। পজ্ঞোন যুক্তং চর্ম পজ্ঞাচর্মা, মধাপদলোপীসমাসং থেনা অথেতি। গুর্বীং ভাববতীম্, হেমচিত্রাং মর্ণপচিত্রখাদিচিত্রাম্ মণা

এই সময়ে সহদেব নযটা বাণদ্বাবা কর্ণকে বিদ্ধ কবিয়া পুনরায় নতপর্ক দশটা বাণদ্বাবা ভাহাকে বিদ্ধ ক্রিলেন ॥২॥

তখন কর্ণ আনতপর্ব একশন্ত বাণদাবা সহদেবকে প্রতিবিদ্ধ কবিলেন এবং লঘুহস্ত ঐক্রদ্ধালিকের স্থায় সম্বই সহদেবেব গুণযুক্ত ধনু কাটিয়া ফেলিলেন ॥৩॥

তদনস্তর প্রতাপশালী সহদেব অন্ত ধন্তু লইয়া কুড়িটা বাণদ্বাবা কর্ণকে-তাড়ন করিলেন; তাহা যেন অদ্ভূত বলিয়া বোধ হইল ॥৪॥

পরে কর্ণ নতপর্বে বাণসমূহদারা সহদেবের অবগুলিকে বধ কবিয়া একটা ভল্লদারা তাঁহাব সাব্থিকে সম্বর্ই যমাল্যে প্রেরণ কবিলেন ॥৫॥

তখন রথবিহীন সহদেব খড়া ও চর্মা গ্রহণ করিলেন; কিন্তু কর্ণ হাস্ত করতই যেন বাণদ্বারা সহদেবের সে খড়া-চর্মাও বিনষ্ট কবিলেন ॥৬॥

তাহার পর সহদেব কর্ণের রম্বের প্রতি একটা ভারবতী, মহাঘোরা ও স্বর্ণবিচিত্রা বিশাল গদা নিক্ষেপ করিলেন ॥৭॥

⁽৩) --- শতেনানভপর্ক্ণাম্ --বর্দ্ধ। (৬) --- খজাং চর্ম্ম সমাদদে --বা নি। (৭) -- ধ্রেষয়ামাদ সংক্রেদ্ধ:--বা নি।

তামাপতন্তীং সহদা সহদেবভুজেরিতান্।

ব্যক্টপ্তরুচ্ছরৈঃ কর্ণো ভূমো চৈনামপাতরৎ ॥৮॥

গদাং বিনিহতাং দৃষ্ট্রা সহদেবস্থরায়িতঃ।

শক্তিং চিক্ষেপ কর্ণায় তামপ্যস্থাচ্ছিনচ্ছরৈঃ ॥৯॥

অসম্রান্তস্ততন্ত্র্ণমবপ্লুত্য রথোত্তমাৎ।

সহদেবো মহারাজ! দৃষ্ট্রা কর্ণং ব্যবস্থিতম্।

রথচক্রং প্রগৃহ্খাজো মুমোচাধিরথিং প্রতি ॥১০॥

তদাপতদ্বৈ সহদা কালচক্রমিবোগ্যতম্।

শরৈরনেকসাহস্তৈরচ্ছিনৎ সূতনন্দনঃ ॥১১॥

তিশ্বিংস্ত নিহতে চক্রে সূত্রেন মহাত্মনা।

বার্য্যমাণস্ত বিশিথৈঃ সহদেবো রণং জহো ॥১২॥

ভারতকোমূদী

তামিতি। সহদেবভূজেন ঈরিতাং কিপ্তাম্। বাইন্তয়ৎ অস্থগরৎ ॥৮॥
গদামিতি। অস্ত সহদেবভা, অচ্ছিনৎ কর্ণ এব ॥२॥
অসমিতি। অসমান্তঃ অবিচলিতঃ। আধিরথিং কর্ণম্। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥১০॥
তদিতি। কালচক্রম্ অনিবার্গ্যমবিবতমাবর্জমানং দৈবব্যাপার্ষিব ॥১১॥
তদ্মিরিতি। বার্গ্যমাণঃ স্তজেনৈব। জহৌ প্রাণভ্যেন তত্যাক্ব ॥১২॥

সহদেবনিক্ষিপ্ত সেই গদাঁটা বেগে আসিতে লাগিলে, কর্ণ বাণদ্বাবা সেটাকে স্থগিত ও ভূত্লে পাতিত করিলেন ॥৮॥

গদা প্রতিহত হইল দেখিয়া সহদেব খরাশ্বিত হইয়া কর্ণের প্রতি একটা শক্তি নিক্ষেপ করিলেন; কর্ণ বাণদাবা সেটাকেও কাটিয়া ফেলিলেন ॥৯॥

মহারাজ। তাহার পর সহদেব অবিচলিত থাকিয়া সম্বর রথ হইতে লাফাইয়া পড়িয়া কর্ণকে অবস্থিত দেখিয়া একটা রথচক্র গ্রহণ করিয়া কর্ণের দিকে নিক্ষেপ কবিলেন ॥১॥

উভত কালচক্রের স্থায় সেই রথচক্রটা বেগে আসিতে লাগিলে, কর্ণ বহুতর বাগদারা সেটাকেও ছেদন কবিলেন ॥১১॥

⁽১০) অসম্রমন্তত: ··বর্জ, সমন্ত্রমং তত: ···বা নি। (১২) পূর্ব্বার্জাং পরম্ 'ঈষাদণ্ডক-যোজাণি যুগানি বিবিধানি চ। হন্তাঙ্গানি তথাখাংক মৃতাংক পুরুষান্ বহুন্। চিকেপ কর্ণমৃদ্ধি কর্ণন্তান্ ব্যধমচ্চবৈ:। স নিরামুধমাত্মানং জ্ঞান্থা মাত্রবতীস্ত:।' ইতি পাঠো-ইধিক: বন্ধ বর্জ বা রা নি।

जिम्बिक्का तिथिया पृष्ट्वीस्तवर्षक ! ।

श्राची थरमन् वाकाः महत्तरः विभाः भरक ! ॥ १०॥

मा यूश्य तत्व वीत ! विभिष्ठि तिथिकिः मह ।

मृत्भिर्युश मात्मा ! वर्षा त्य मा विभक्तिशः ॥ १८॥

श्राचे श्राचे श्राचे श्राचे श्राचे श्राचे हिन्छे ।

व्याश्य त्यां श्राचे श्राचे श्राचे क्रिक्षाः ॥ १८॥

श्राचे श्राचे श्राचे श्राचे क्रिकाः ।

श्राचे श्राचे श्राचे श्राचे क्रिकाः मह ।

श्राचे श्राचे श्राचे श्राचे श्राचे श्राचे श्राचे ॥ १८॥

व्याश्राचे श्राचे श्राचे श्राचे श्राचे श्राचे श्राचे ॥ १८॥

व्याश्राचे श्राचे वर्षा त्राचे श्राचे श्राच श्राचे श्राच श्राचे श्राचे श्राच श्राचे श्राचे श्राचे श्राच श्राच श्राचे श्राच श्राच श्राचे श्राचे श्राच श्राच श्राच श्राचे श्राचे श्राचे श्राचे श्राच श्राचे श्राच श्राचे श्राच

ভারতকোমূদী

তমিতি। অভিজ্ঞ ক্রতমহক্তা, রাধেয় কর্ণ ।১৩।
মেতি। বীবেতি সোল্ঠনং সংঘাধনম্। বিশিট্টো প্রধানে:। যুধ্য যুধ্যক ॥১৪॥
অথেতি। তুদন্ কিঞ্চিদাহতা ব্যথমন্। যভো জ্যায় বছবান্। ষট্পাদোহয়ং শ্লোকা: ॥১৫॥
এবমিতি। প্রহসন্তিব, জয়লাভেনানন্দলাভাদিতি ভাব: ॥১৬॥

মহাবল কর্ণ সেই চক্রটাকে প্রতিহত ও বাণদারা বারণ করিতে লাগিলে, সহদেব রণস্থল ত্যাগ করিয়া বাইবার উপক্রম করিলেন ॥১২॥

ভরতশ্রেষ্ঠ নরনাথ! তথন কর্ণ বেগে সহদেবের নিকটে যাইয়া হাসিতে হাসিতে সহদেবকে এই কথা বলিলেন—॥১৩॥

'বীর মাজীনন্দন। তুমি রণস্থলে বিশিষ্ট বণীদের সহিত আর যুদ্ধ করিও না, সমান ব্যক্তিদের সহিতই যুদ্ধ করিও এবং আমার একথায় অবিধাস করিও না' ॥১৪॥

তীহার পর কর্ণ ধনুর অগ্রছারা সহদেবকে একটু আঘাত করিয়া এই কথা বলিলেন—'মাজীনন্দন। ঐ অর্জুন যদ্ধবান্ হইয়া কৌরবদের সহিত যুদ্ধ করিতেছেন; তুমি ঐখানে যাও, কিংবা যদি মনে কর, তবে শিবিরেও যহিতে পাব'॥১৫॥

এই কথা বলিয়া রথিশ্রেষ্ঠ কর্ণ হাসিতে হাসিতেই যেন রথারোহণে পাঞ্চাল ও পাশুবসৈত্মের দিকে গমন করিলেন ॥১৬॥

⁽১৫) ... অফুগচ্ছস্ব ... বি, ... তত্ত্ব গচ্ছস্ব ... বা নি। (১৭) বধং প্রাপ্তস্ক ... বা নি।

সহদেবস্ততো রাজন্! বিমনাঃ শরপীড়িতঃ।
কর্ণবাক্শল্যতগুল্চ জীবিতামিরবিত্যত ॥ ১৮॥
আরুরোহ রথঞাপি পাঞালস্ত মহাত্মনঃ।
জনমেজয়স্ত সমরে ত্বাযুক্তো মহারথঃ ॥ ১৯॥
বিরাটং সহসেনস্ত জোণং বৈ জ্রুতমাগতম্।
মন্তরাজঃ শরোঘেণ চ্ছাদয়ামাস ধন্মিনম্ ॥ ২০॥
তরোঃ সমভবদ্যুদ্ধং সমরে দৃঢ়ধন্মিনোঃ।
যাদৃশং হুভবজাজন্! জন্তবাসবয়োঃ পুরা ॥ ২১॥
মন্তরাজো মহারাজ! বিরাটং বাহিনীপতিম্।
আজদ্মে ত্রিতস্তূর্ণং শতেন নতপর্বণাম্॥ ২২॥

ভারতকোমূদী

নত্ব কর্ণগুদানীং কথং সহদেবং নাবধীদিত্যাহ বধেতি। বধপ্রাপ্তং বধধোগ্যমণি, মাল্লেয়ং মাল্রাঃ পুত্রং সহদেবন্। অবিহা শক্রহতা কর্ণঃ। কৃত্যা বচো যথোদ্যোগপর্কণি ষট্জিংশদধিক-শততমাধ্যায়ে—"ত্মা চতুর্ণাং প্রাভূণামভয়ং শক্রকর্ষণ ।। দত্তং তৎ প্রতিদানীহি সঙ্গরপ্রতি-বোচনম্ ॥" ॥> १॥

সহেতি। নিরবিশ্বত নির্বিধাে বিবক্তোহ্ভবং ॥>৮॥
আরুবােহেতি। তৃতীয়পাদে অক্ষরাধিকামার্বম্। মহাবধা সহদেবা ॥>৯॥
বিরাটমিতি। সেনয়া সহেতি সহদেনতাম্। জােগমিতাাগতমিতাত কর্ম ॥২০॥
তয়ােরিতি। অভবাদবয়ার্জভাত্রদেববাজয়াে: ॥২>॥
মতেতি। আঞ্জা আজ্বান। নতপর্বাাং বজােপান্তানাং শ্বাণাম্॥২২॥

রাজা। শত্রুহস্তা, সত্যপ্রতিজ্ঞ ও মহারথ কর্ণ কুস্তীর বাক্যুশ্ররণ করিয়া যুদ্ধে পাইয়াও সহদেবকে বধ কবেন নাই ॥১৭॥

ন্বনাথ। তদনস্তর বাণপীড়িত, কর্ণের বাক্যশল্যে সম্ভপ্ত ও বিষয়চিত্ত সহদেব নিজের জীবনের প্রতি বিরক্ত হইলেন ॥১৮॥

ক্রমে মহারথ সহদেব স্বরায়িত হইয়া যাইয়া পাঞ্চালদেশীয় মহাত্মা স্বনমন্ত্রের রূপে সারোহণ করিলেন ॥১৯॥

ওদিকে ধরুদ্ধর বিরাটরাজা দৈক্তগণের সহিত আসিয়া জোণের নিক্ট উপস্থিত হইলে, মজবাজ শল্য বণসমূহদ্বারা তাঁহাকে আর্ভ করিলেন ॥২০॥

রাজা। পূর্বকালে জন্তান্তর ও ইন্দ্রেব যেরূপ যুদ্ধ হইয়াছিল, দৃঢ়ধমুর্দ্ধর শল্য ও বিরাটের তথন সেইরূপ যুদ্ধ হইতে লাগিল ॥২১॥

⁽১৯) লোকাৎ পবম্ '···সপ্তবন্তাধিকশতভমোহধ্যায়:' বা।
১৮৪

প্রতিবিব্যাধ তং মৎস্থো নবভির্নিশিতৈঃ শরৈঃ।
পুনশ্চিব ত্রিসপ্রত্যা ভূমশ্চেব শতেন তু ॥২০॥
তম্ম মন্রাধিপো হন্বা চতুরো রথবাজিনঃ।
সূতং ধ্বজঞ্চ সমরে শরাভ্যাং সংস্থপাতয়ৎ ॥২৪॥
ততো বিক্ষার্যা, নয়র্নে ক্রোধাদিগুণবিক্রমঃ।
মন্রাজরথং তুর্গং ছাদ্যামাস পত্রিভিঃ ॥২৫॥
ততো মন্রাধিপঃ ক্রুদ্ধঃ শতেনানতপর্বণাম্।
আজঘানোরসি দৃঢ়ং বিরাটং বাহিনীপতিম্॥২৬॥

ভারতকোমূদী

প্রতীতি। মংস্থো অংশ্রবাজো বিবাট:। দ্বিসপ্তত্যা শতেন চ শর্বৈরিতি সমন্ধ: ।২৩। তন্ত্রেতি। চতুবশ্চতু:সংখ্যকান্। স্তব্ধ সারখিষ্ ।২৪। তত ইতি। বিগুণবিক্রমো মংশ্র এব। পত্রিভির্বাণে: ।২৫। তত ইতি। আনতপর্বাণাং শরাণাম্। উরসি বক্ষসি ২৬।

মহারাজ। ক্রমে শল্য হরান্বিভ হইয়া নতপর্বব একশত বাণদ্বারা সহর সেনাপতি বিরাটকে আঘাত করিলেন ॥২২॥

পরে বিরাট নয়টা স্থ্ধার বাণদারা শল্যকে প্রতিবিদ্ধ করিলেন এবং পুনরায় ত্রিসপ্ততি বাণদারা আবারও একশতদারা তাঁহাকে ডাড়ন করিলেন ॥২৩॥

তখন শল্য বিরাটের রথের চারিটা ঘোড়াকে বধ করিয়া তৃইটা বাণদ্বারা সারথি ও ধ্বজটাকে নিপাতিত করিলেন ॥২৪॥

তংপরে বিরাট নয়নযুগল বিক্ষারিত করিয়া ক্রোধে দিগুণবিক্রম হইয়া বাণসমূহদারা সদর শল্যের রথখানাকে আর্ভ করিয়া কেলিলেন ॥২৫॥

ভদনস্তর শল্য ক্রুদ্ধ হইয়া নভপর্ব একশভ বাণদারা সেনাপতি বিরাটের বক্ষস্থলে দৃঢ় আঘাভ করিলেন ॥২৬॥

⁽২৪) ইতঃ পরং বিরাটনাত্ঃ শতানীকস্ত যুতাদিবোধকাকতারঃ শ্লোকা অধিকাঃ, ভীন্দর্শনি অবোদশাধিকশততমাধ্যায়ে ভীনেবৈব তক্ত হননাং। তে চ বন্ধ বা নি বথা—হতাশাতু রথাতুর্ণমবপ্পত্য মহারথঃ। তত্থে বিকারয়ংশ্যাণং বিম্কংশ্চ শিতাহ্বান্।>। ভানীকন্ততো দৃষ্ট্য লাভরং হতবাহন্য। রথেনাভাগতত্ত্বং সর্বলোকস্ত পশ্লতঃ ।২। শতানীক্ষণায়াস্তং মন্তরাজো মহামুধে। বিশিধৈবহিতিবিদ্ধা ততো নিজে বমক্ষম্।ও। তিনিংস্ক নিহতে বীরে বিরাটো রথগতমঃ। আক্রারোহ রথং তুর্ণং তমেব ধ্বক্ষানিন্দ্ ।৪।

সোহতিবিদ্ধো মহারাজ! রথোপস্থ উপাবিশং।
কশালঞ্চাবিশন্তীত্রং বিরাটো ভরতর্বভ!।
সারথিস্তমপোবাহ সমরাচ্ছরবিক্ষতম্ ॥২৭॥
ততঃ সা মহতী সেনা প্রাদ্রবিদ্ধি ভারত!।
বধ্যমানা শরশতৈঃ শল্যেনাহবশোভিনা ॥২৮॥
তাং দৃষ্ট্যা বিদ্রুতাং সেনাং বাস্থদেবধনঞ্জয়ো।
প্রায়াতাং তত্র রাজেন্দ্র! যত্র শল্যো ব্যবস্থিতঃ॥২৯॥

ভারতকৌমুদী

স ইতি। বথস্ত উপস্থে উপবেশনস্থানে। কশ্মলং মোহম্। সাৰ্থিবপৰ আগভ্যেত্যৰ্থঃ, সম্বাৎ সম্বাদনাৎ, অপোৰাহ অপসাৰ্যামাস। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥২৭॥

তত ইতি। সেনা পাগুৰীয়া, প্ৰান্তবং ক্ষতং প্ৰায়ত ॥২৮॥
সংগ্ৰিক । বিজ্ঞান প্ৰায়িকাম । সংগ্ৰেক প্ৰাণ্ডবৈৰ জনিবলি

তামিতি। বিক্ষতাং পলামিতাম্। তয়োগুল প্রয়াণেনৈব তরিবৃত্তিবিতি তাব: ১২৯।

ভরতশ্রেষ্ঠ মহারাজ। তথন বিরাটবাজা অত্যস্তবিদ্ধ হইয়া বথমধ্যে উপবেশন কবিলেন,এবং গুরুতর মোহাবিষ্ট হইলেন। সেই সময়ে অন্য একজন সাবণি আসিয়া বাণবিক্ষত বিরাটকে বণস্থল হইতে লইয়া গেল ॥২৭॥

ভরতনন্দন ৷ তাহার পব যুদ্দোভী শল্য বাণসমূহদাবা বধ কবিতে লাগিলে, সেই বিশাল পাণ্ডবসৈক্ত পলায়ন কবিতে লাগিল ॥২৮॥

রাজশ্রেষ্ঠ। পাশুবসৈশ্য পলায়ন করিতেছে দেখিয়া কৃষ্ণ ও অর্জুন— যেখানে শল্য ছিলেন, সেইখানে গমন করিলেন ॥২৯॥

⁽২৯) শব্দ আরাতো তত্ত বাজেল। বা নি। ইতঃ পবম্ অলম্ববাক্ষসমূদ্ধবাধকাঃ কিযম্ভঃ ক্ষোকা অধিকাঃ, অম্প্রের পর্বাণি ত্তিনবভিত্যাধ্যায়ে ঘটোৎকচেনালমূ যক্ত নিহভত্বাং। তত্ত্ব বর্দ্ধমানবান্তপুত্তকে অলম্ব্যহানে অলম্বল ইতি নির্বিয়সাগ্রপুত্তকে চ অলামুধ ইতি পাঠঃ ক্ষিতঃ। তে চ শ্লোকা যথা পি বা বন্ধ—

ভৌ তু প্রত্যুদ্ধযৌ বান্ধন্! वाश्वराखा छनत्र यः। अष्टे চক্রসমাযুক্ত মান্থায় প্রববং বথম্। ত্বকমম্বৈযুক্তং পিশাচৈর্ঘোরদর্শ নৈ: ॥১॥

লোহিভার্দ্রপতাকং তং বক্তমাল্যবিভ্বিতম্। কাফ্যিসময়ং ঘোবমুক্ষচর্মসমাবৃতম্ । । রিজেন চিত্রপক্ষেণ বিবৃতাক্ষেণ কৃত্বতা। ধ্বজেনোচ্ছি তদণ্ডেন গৃধবাজেন বাজতা। । প বভৌ রাক্ষসো রাজন্! ভিন্নান্তনেগ্রমঃ। ক্রোধার্জ্নমায়ান্তং প্রভন্তনমিবাজিবাট্ । ৪। কিরন্ বাণগণান্ বাজন্! শতশোহর্জ্নমূর্দ্ধনি। অভিতীত্রং মহদ্যুদ্ধং নববাক্ষসয়োত্তদা । ৫। অষ্ট্রণাং প্রীজিজননং সর্বেষাং তত্ত্ব ভারত।। গৃধকাকবলোল্কক্ষগোমাযুহ্বণম্ ॥ । তমর্জ্নঃ শতেনৈর পত্রিণাং সমন্তাভ্রমং। নবভিক্ষ শিতবোণিধর্কং চিচ্ছেদ ভাবত। । গ্র

বধ্যমানা মহারাজ! পাগুবেন যশস্বিনা।

দৈরিকা অপতন্ধুর্ব্যাং বাতকুরা ইব ক্রনাঃ ॥৩০॥
তেরু ভূৎসাল্লমানেরু কাল্পনেন মহাত্মনা।
সংপ্রাদ্রবদ্ধলং সর্বাং পুরাণাং তে মহীপতে!॥৩১॥
শতানীকং শরৈস্তর্গুর্ নির্দহন্তং চমুং তব।
চিত্রসেনস্তব হুতো বারয়ামাস ভারত!॥৩২॥
নাকুলিশ্চিত্রসেনস্ত নারাচেনার্দয়দৃভৃশম্।
স চ তং প্রতিবিব্যাধ দশভিনিশিতৈঃ শরৈঃ॥৩৩॥
চিত্রসেনো মহারাজ! শতানীকং পুন্রুধি।
নবভিনিশিতৈর্বাণেরাজঘান স্তনান্তরে॥৩৪॥

ভারতকোমুদী

বংগতি। পাগুবেনার্জ্নেন। সৈনিকাং পাগুবীয়াং। বাত হলা বাযুভয়াং ॥৩০॥
তেখিতি। উৎসাভ্যানের্ বিনাশুমানের্, ফাল্কনেনার্জ্নেন ॥৩১॥
শভেতি। শভানীকং নাম নকুলপুত্রম্ ॥৩২॥
নাকুলিরিতি। নাকুলির্ন্ত্রপুত্তঃ শভানীকং। স চিত্রসেনশ্চ ॥৩৩॥
চিত্রেতি। নিশিতৈঃ অ্ধারিং। তনয়োরস্কবে মধ্যে বক্ষসি ॥৩৪॥

মহারাজ! ভাহার পব যশসী অর্জুন বধ কবিতে লাগিলে, কৌরবসৈত্যেবা বাযুভগ্ন বুক্ষের স্থায় ভূতলে পভিত হইতে লাগিল ॥৩০॥

রাজা। মহাত্মা অর্জুন তাহাদিগকে সংহার কবিতে থাকিলে, আপনার পুত্রের সমস্ত সৈত্যই পলায়ন করিতে থাকিল ॥৩১॥

ভরতনন্দন। ওদিকে নক্লের পুত্র শতানীক আপনার সৈম্ম দগ্ধ করিতে লাগিলে, আপনার পুত্র চিত্রসেন তাঁহাকে বারণ করিতে প্রস্তুত হইলেন ॥৩২॥

ক্রমে শতানীক একটা নারাচদ্বারা চিত্রসেনকে গুরুতর পীড়ন করিলেন। তথন চিত্রসেনও দশটা সুধার বাণদ্বারা শতানীককে প্রতিবিদ্ধ কবিলেন॥৩৩॥

সার্থিক ত্রিভির্বাণৈজ্ঞিভিরেব ত্রিবেণ্কম্। ধহবেকেন চিচ্ছেদ চতুর্ভিশ্চতুরো হয়ান্ ।৮।
পুন: সদ্যাং কৃতং চাপং ভদপ্যস্ত দিধাচ্ছিনং। 'বিরথস্থোভতং থজাং শরেণাস্থ দিধাকবোং ।১।

অথৈন্ নিশিতৈর্বাণেশতুর্ভির্তবন্তর্বভ । পার্থোহবিধ্যম্রাক্ষসেন্ত্রং স বিদ্ধঃ প্রান্তবন্তবাৎ ।>•। তং বিভিত্যার্জ্বনন্তুর্বং দ্রোণান্তিকমূপায়যৌ । কিরম্বরগণান্ বাক্ষরবাবণবাজিষ্ ॥>>।

(৩১) ইতঃ প্ৰম্ ' প্ৰকাষ্টাধিকশভভমোহব্যায়া' বন্ধ বৰ্দ্ধ, ' প্ৰেষ্টাধিকশভভমো-হধ্যায়া' বা বা নি । নাক্লিক্তস্থ বিশিথৈর্বর্ম সমতপর্বভিঃ।
গাত্রাৎ সংচ্যাবয়ামাস তদন্ত্তমিবাভবৎ ॥৩৫॥
সোহপেতবর্মা পুত্রস্তে বিররাজ ভূশং নৃপ !।
উৎস্ক্র্যে কালে রাজেন্দ্র ! নির্মোকমিব পদ্নগঃ ॥৩৬॥
ততোহস্থ নিশিতৈর্বাণেধর্ম জং চিচ্ছেদ নাক্লিঃ।
ধন্মশ্চৈব মহারাজ! যতমানস্থ সংযুগে ॥৩৭॥
স চিছ্লধন্মা সমরে বিবর্মা চ মহারথঃ।
ধন্মরন্থন্মহারাজ! জগ্রাহারিবিদারণম্ ॥৩৮॥
ততন্ত্রুর্ণং চিত্রসেনো নাক্লিং নবভিঃ শরৈঃ।
বিব্যাধ সমরে ক্রুদ্ধো ভারতানাং মহারথঃ ॥৩৯॥

ভারতকৌমূদী

নাকুলিরিতি। দুক্বং চ্যাবনমেবাঙ্ডমিতি ভাবং ১০৫।

স ইতি। অপেতবর্মা অলিতকবচঃ। নির্মোকং বহিস্বচম্ ১০৬।
তত ইতি। বহর্মানক্স জয়ায়েতি শেষং ১০৭।
স ইতি। বিবর্মা কবচশ্রুগাত্তং ১০৮।
তত ইতি। বিব্যাধ তাড়য়ামাস ১০৯।

মহারাজ। চিত্রসেন পুনরায় নয়টা স্থাব বাণছারা শভানীকের বক্ষস্থলে আঘাত কবিলেন ॥৩৪॥

তখন শতানীক নতপর্ব বহুতর বাণদারা চিত্রসেনেব গাত্র হইতে বর্মটাকে বিচ্যুত করিলেন; তাহা যেন অন্তুত বলিয়া বোধ হইল ॥৩৫॥

রাজ্ঞেষ্ঠ রাজা ।/ সর্প যেঁমন যথাকালে নির্মোক (খোলস) ভ্যাগ করিয়া বিশেষ শোভা পায়, সেইকপ বর্ম পতিত হইলে আপনাব পুত্র চিত্রসেন বিশেষ শোভা পাইতে লাগিলেন ১৩৬॥

মহারাজ! তাহার পর শতানীক স্থার বাণসমূহদাবা জয়ে যত্নশীল চিত্রসেনের ধ্বজ ও ধন্থ ছেদন করিলেন ॥৩৭॥

মহারাজ। ধরু ছিন্ন ও বর্দ্ম পভিত হইলে, মহাবথ চিত্রসেন শত্রুবিদারক অক্ত ধনু গ্রহণ কবিলেন ॥৩৮॥

ভদনন্তর ভরতবংশমধ্যে মহারথ চিত্রসেন ক্রুদ্ধ হইয়া নয়টা বাণ্দারা সম্বর শতানীককে বিশ্ব করিলেন ॥৩৯॥ শতানীকোহথ সংকুদ্ধশ্চিত্রসেনস্থ মারিষ !।
জ্বান চতুরো বাহান্ সারথিঞ্চ নরোভমঃ ॥৪০॥
অবপ্লৃত্য রথাভস্মাচ্চিত্রসেনো মহারথঃ ।
নাকুলিং পঞ্চবিংশত্যা শরাণামার্দ্মঘলী ॥৪১॥
তস্থ তৎ কুর্বতঃ কর্ম্ম নকুলস্থ স্থতো রণে ।
অর্দ্ধচন্দ্রেণ চিচ্ছেদ চাপং রত্ববিভূষিতম্ ॥৪২॥
স চ্ছিমধন্ম বিরথো হতাখো হতসারথিঃ ।
আরুরোহ রথং ভূর্ণং হার্দ্দিক্যস্থ মহাত্মনঃ ॥৪০॥
জ্রুপদস্ক সহানীকং জোণপ্রেক্ষ্মং মহারথম্ ।
ব্যসেনোহভ্যয়াভূর্ণং কিরন্ শর্শতৈন্তদা ॥৪৪॥
যজ্ঞসেনস্ত সমরে কর্ণপুত্রং মহারথম্ ।
বন্ত্যা শরাণাং বিব্যাধ বাহ্বোরুরিস চান্ম্ ! ॥৪৫॥

ভারতকৌমূদী

শতেতি। চতুব: চতুঃসংখ্যকান্, বাহান্ বধক্তাখান্ ॥৪০॥

ষবেতি। ষবপুতা বেগেনাবভীর্যা ।৪১।

ভশ্তেতি। তক্ত চিত্রসেনক্ত চাপমিতি সম্বন্ধ: ।৪২॥

স ইতি। হার্দিকাক্স হৃদিকপুত্রস্ত কৃতবর্মণ: ।৪৩।

ক্রপদমিতি। অনীকেন সৈঞেন সহেতি সহানীকক্ষম্। কিবন্ প্রহরন্ ॥ ৪ ॥

युख्कि । युक्करमुर्द्भा क्रुपेनः । छैवनि वक्षनि ॥॥१॥

মাননীয় বাজা! তুৎপবে নবশ্রেষ্ঠ শতানীক অত্যম্ভকুদ্ধ হইয়া চিত্রসেনেব চারিটা অশ্ব ও সাব্যাকে বধ কবিলেন ॥৪০॥

পরে মহারথ ও বলবান্ চিত্রসেন সেই রথ হইতে অবতীর্ণ হইয়া পঁচিশটা বাগদ্বাবা শতানীককে পীড়ন কবিলেন ॥৪১॥

চিত্রসেন যথন সেই কার্য্য কবিভেছিলেন, তথন শতানীক একটা অদ্ধচন্দ্র-বাণদ্বারা চিত্রসেনেব রত্নবিভূষিত ধন্ন ছেদন করিলেন ॥৪২॥

ধমু ছিন্ন এবং অশ্ব ও সার্যথি নিহত হইলে, রথবিহীন চিত্রসেন সভ্ব যাইয়া মহাত্মা কৃতবর্মার রথে আরোহণ করিলেন ॥৪৩॥

পরে মহারথ ক্রপদরাজা দৈত্যগণের সহিত জোণের দিকে আসিতে লাগিলে, তখন ব্যসেন শত শত বাণ নিক্ষেপ করিতে করিতে সম্বর তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৪৪॥

⁽৪০) - সার্থিঞ্চ নরোত্তম !—পি।

বৃষ্দেনস্ত সংজুদ্ধা যজ্জনে রথে স্থিতম্।
বহুভিঃ সায়কৈস্তীক্ষেরাজ্বান স্তনান্তরে ॥৪৬॥
তাবুভো শরভিন্নাঙ্গো শরককিকিনো রণে।
ব্যভ্রাজেতাং মহারাজ! স্থাবিধো শললৈরিব ॥৪৭॥
রুপ্পুট্ঝোঃ প্রদন্নাট্রোঃ শরৈশ্ছিন্নতন্মুছদো।
রুধিরোঘপরিক্রিনো ব্যভাজেতাং মহামুধে ॥৪৮॥
তপনীয়নিভো চিত্রো কল্পর্কাবিবাভূতো।
কিংশুকাবিব চোৎফুল্লো ব্যকাশেতাং রণাজিরে ॥৪৯॥
বৃষ্দেনস্ততো রাজন্! ক্রপদং নবভিঃ শরৈঃ।
বিদ্ধা বিব্যাধ সপ্তত্যা পুনর্বৈস্তিভিঃ শরৈঃ॥৫০॥

ভারতকোমূদী

বুবেভি। স্তনয়োরস্তরে মধ্যে বক্ষসি ॥৪৬॥

ভাবিতি। শবাং কণ্টকানীবানয়োং সন্তীতি ভৌ। শাবিধৌ কন্তবিশেষৌ, শললৈং কণ্টকৈঃ ৪৪৭

কল্পেতি। প্রসন্নাথ্যৈর্নির্দালমূখিঃ, ছিল্লো তমুচ্ছদৌ বর্দাণী মধ্যোন্তৌ ॥৪৮॥
তপেতি। তপনীয়নিভৌ স্বর্ণবর্ণো। উৎফুরো বিক্সিতপুষ্পৌ ॥৪২॥

নিষ্পাপ রাজা। সেই সময়ে ফ্রপদরাজা যাট্টা বাণছাবা কর্ণপুত্র মহারথ ব্যসেনের বাছ্যুগলে ও বক্ষস্থলে তাড়ন করিলেন ॥৪৫॥

তখন বৃষদেন অত্যস্তকুদ্ধ হইয়া বহুতর তীক্ষ্ণ বাণদারা রথস্থিত ক্রুপদ-রাজার বক্ষস্থলে আঘাত কবিলেন ॥৪৬॥

মহারাজ। এই সময়ে তাঁহাদের তৃইজনেবই সমস্ত অঙ্গ বাণে বিদীর্ণ হইল এবং বহুতর বাণ কণ্টকের স্থায় তাঁহাদের গাত্রে লাগিয়া রহিল। স্কুতরাং তাঁহাবা তখন কণ্টকাকীর্ণ তৃইট। শেজাকর স্থায় প্রকাশ পাইতে লাগিলেন॥৪৭॥

স্থাপুথা ও নির্মাণমুখ বছতর বাণে তাহাদের বর্ম ছইট। ছিন্ন হইয়া গেল এবং রক্তের প্রবাহে সমস্ত অঙ্গ সিক্ত হইল; সেই অবস্থায় তাঁহারা মহাযুদ্ধে শোভা পাইতে থাকিলেন ॥৪৮॥

